ব্লাকহোল বা কৃষ্ণ গহ্বরের প্রথম ছবি প্রকাশ করেছেন জ্যোতির্বিজ্ঞানীরা। ১০ এপ্রিল, ২০১৯ ব্লাকহোলের এই ছবি বিশ্বের কাছে প্রকাশ করা হয়। ফলে ইতিহাসে প্রথমবারের মতো এই রহস্যময় দানবের ছবি দেখল মানবজাতি। ব্লাকহোলের ছবি তোলার জন্য ব্যবহার করা হয়েছে ইভেন্ট হরাইজন

টেলিস্কোপ (ইএইচটি)। বিশ্বব্যাপী অত্যন্ত শক্তিশালী ৮টি টেলিস্কোপ নেটওয়ার্ক দ্বারা এর ছবি তোলা সম্ভব হয়েছে। গত ৫০ বছর ধরে বিজ্ঞানীরা ব্লাকহোলের ছবি তোলার চেষ্টা চালিয়ে আসছেন। ডার্ক এনার্জি ও ডার্ক ম্যাটার এবং ব্লাকহোলসহ মহাবিশ্বের সব শক্তি উৎস মানুষের চোখে দেখা ও জানা সম্ভব হয়নি। ব্লাকহোল সরাসরি দেখার প্রাণান্তকর চেষ্টায় শেষ পর্যন্ত এর ছবি ধারণ সম্ভব হয়েছে।

মসজিদে সন্ত্রাসী হামলা

১৫ মার্চ, ২০১৯ নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চ শহরের ডিন্স অ্যাভিনিউ'র আল নূর মসজিদ ও লিনউড মসজিদে জুমার নামাজের সময় সন্ত্রাসী হামলার ঘটনা ঘটে। এ হামলা চালায় মুসলিম বিদ্বেষী, বর্ণবাদী ও অভিবাসন বিরোধী অস্ট্রেলীয় বংশোদ্ভূত ২৮ বছর বয়সী শ্বেতাঙ্গ খ্রিস্টান সন্ত্রাসী ব্রেনটন হ্যারিসন টারেন্ট। এ ঘটনায় অল্পের জন্য রক্ষা পায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের কয়েকজন খেলোয়াড়।

দেশের বাইরে চীনের প্রথম সামরিক ঘাঁটি স্থাপন

ইউরোপিয়ান কাউন্সিল অন ফরেন পলিসি রিলেশনসের রিপোর্ট মোতাবেক, আফ্রিকার সঙ্গে শান্তি ও নিরাপত্তার সম্পর্ক গড়া চীনের পররাষ্ট্রনীতির সুস্পষ্ট অংশ। এরই পরিপ্রেক্ষিতে ২০১৭ সালের আগস্টে চীন দেশের বাইরে জিবুতিতে নিজেদের প্রথম সামরিক ঘাঁটি স্থাপন করে। চীনের প্রথম বৈদেশিক নৌ ঘাঁটি স্থাপনে জিবুতিকে বেছে নেওয়ার কারণ হলো কৌশলগতভাবে দেশটির অবস্থান। জিবুতির অবস্থান ভারত মহাসাগরের উত্তর-পশ্চিম প্রান্তে। দেশটি বাব এল মান্দেব প্রণালীর নিকট যা লোহিত সাগর ও এডেন উপসাগর হয়ে গুরুত্বপূর্ণ সুয়েজ খালে প্রবেশদ্বারের কাছেই। চীনের 'ওয়ান বেল্ট ওয়ান রোড' মহাপরিকল্পনার আওতায় রয়েছে ৬০টি দেশের সঙ্গে চীনের মূল ভূখণ্ডকে সংযুক্ত করা। চীন সড়ক রুটের পাশাপাশি একটি মেরিটাইম তথা নৌ সিল্ক রোডের মহাপরিকল্পনাও প্রণয়ন করেছে।

শ্রীলংকার হাম্বানটোটা সমুদ্রবন্দর চীনের নিকট লীজ

২৯ জুলাই, ২০১৭ কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ শ্রীলংকার দক্ষিণাঞ্চলীয় হাম্বানটোটা গভীর সমুদ্র বন্দরের নিয়ন্ত্রণ ও উন্নয়নের জন্য শ্রীলংকা সরকার চীনের সাথে একটি চুক্তি স্বাক্ষর করে। চুক্তি অনুযায়ী, রাষ্ট্র মালিকানাধীন একটি চীনা কোম্পানি ৯৯ বছরের জন্য বন্দরটি অধিগ্রহণের বিনিময়ে শ্রীলংকাকে ১১০ কোটি ডলার মূল্য পরিশোধ করবে এবং বন্দর সংলগ্ন ১৫,০০০ একর জমি শিল্পাঞ্চল তৈরির জন্য ইজারা নেবে। শ্রীলংকার সরকার বলেছে এই চুক্তি থেকে পাওয়া অর্থ তাদের বৈদেশিক ঋণ পরিশোধে সাহায্য করবে। ৯ ডিসেম্বর ২০১৭ হাম্বানটোটা সমুদ্রবন্দরটি ৯৯ বছরের ইজারায় চীনের কাছে হস্তান্তর করা হয়। ভারত মহাসাগরের এই হাম্বানটোটা বন্দরটি চীনের বেল্ট অ্যান্ড রোড পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

MCQ Solution

১. **চীন নিচের কোন আফ্রিকান দেশটিতে সামরিক ঘাঁটি স্থাপনের মাধ্যমে কৌশলগত সম্পর্ক স্থাপন করেছে?** [৪০তম বিসিএস]
ক ইথিওপিয়া খ জাম্বিয়া
গ লাইবেরিয়া ঘ জিবুতি **উত্তর: ঘ**

২. **শ্রীলংকার কোন সমুদ্রবন্দর চীনের নিকট ৯৯ বছরের জন্য লীজ দেয়া হয়েছে?** [৪০তম বিসিএস]
ক ত্রিঙ্কোমালী খ হাম্বানটোটা
গ গল বন্দর ঘ পোর্ট অব কলম্বো **উত্তর: খ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

মহাকাশের ঘটনাপঞ্জি

২০১৯ (২২ জুলাই) ভারতের অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটা মহাকাশ স্টেশন থেকে বেলা ২টা ৪৩ মিনিটে চন্দ্রযান-২ এর সফল উৎক্ষেপণ করা হয়। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার (ইসরো) বিজ্ঞানীরা নিয়ন্ত্রণকক্ষ থেকে পুরো বিষয়টি পর্যবেক্ষণ করেন। উৎক্ষেপণের কয়েক মিনিট পরেই জিএসএলভি মার্ক-৩ (ইসরোর সবচেয়ে শক্তিশালী রকেট) সফলভাবে চন্দ্রযান-২ কে পৃথিবীর কক্ষপথে স্থাপন করেছে। চন্দ্রযান-২ এর সফল উৎক্ষেপণের মাধ্যমে চাঁদে অভিযান চালানো মাত্র চতুর্থ দেশ হলো ভারত। এর আগে যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চীন চাঁদে মহাকাশযান পাঠিয়েছিল। চাঁদে পানি ও খনিজ পদার্থের খোঁজ করা চন্দ্রযান-২ এর প্রধান লক্ষ্য।

(৬ ফেব্রুয়ারি) ফরাসি গায়ানা থেকে মহাকাশে সফলভাবে উৎক্ষেপণ করা হয় ভারতের সর্বাধুনিক যোগাযোগ স্যাটেলাইট GSAT-31।

(২৪ জানুয়ারি) ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ISRO) পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিকল বা PSLV-C44 রকেটে করে দেশটির অন্ধ্র প্রদেশের শ্রী হরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে মহাকাশে উৎক্ষেপণ করে দুটি স্যাটেলাইট-বিশ্বের এ যাবৎকালের সবচেয়ে হালকা স্যাটেলাইট Kalamsat V2 ও সেনাবাহিনীর গবেষণার জন্য Microsat-R।

২০১৮ (২৬ নভেম্বর) নাসা কর্তৃক প্রেরিত মহাকাশযান 'ইনসাইট' সফলভাবে মঙ্গলগ্রহে অবতরণ করে।

(১২ আগস্ট) নাসা কর্তৃক প্রেরিত মনুষ্যবিহীন মহাকাশযান 'সোলার পার্কার প্রোব' সূর্যের উদ্দেশ্যে উৎক্ষেপণ করা হয়।

২০১২ (৬ আগস্ট) নাসা কর্তৃক প্রেরিত মহাকাশযান 'কিউরিওসিটি' মঙ্গলে সফলভাবে অবতরণ করে। এই মিশনের লক্ষ্য ছিল গ্রহটির জলবায়ু ও ভূতত্ত্ব সম্বন্ধে জানা। এছাড়াও গ্রহটির গেইল ক্রেটারে আনুবীক্ষণিক জীব বসবাসের উপযোগী ছিল কি না, পানির ভূমিকা অনুসন্ধান এবং ভবিষৎ-এ গ্রহটি বসবাসের উপযোগী কিনা তা পরীক্ষা করে দেখা।

MCQ Solution

১. **Name the space agency which will launch Parker Solar Probe to explore sun's outer surface?** [Dhaka Bank Ltd. Management Trainee Officer: 18]
ⓐ NASA ⓑ Israel Space Agency
ⓒ JAXA ⓓ ISRO **Ans. a**

২. **সম্প্রতি মঙ্গলগ্রহে কোন যান পৌঁছেছে?-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ⓚ কিউরিওসিটি ⓛ লুনা- ১০ ⓜ সয়্যুজ টি এম ৩২ ⓝ লুনিক- ২ **উত্তর: ক**

৩. **সম্প্রতি মঙ্গল গ্রহ থেকে তথ্য প্রেরণকারী যান -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]
ⓚ সার্চ ফাইন্ডার ⓛ পাথ ফাইন্ডার
ⓜ কিউরিওসিটি ⓝ ডিটেক্টর **উত্তর: গ**

[বিশেষ দ্রষ্টব্য]- সাম্প্রতিক অংশে বিগত বছরে বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা কিছু প্রশ্নকে সময়োপযোগী করার জন্য কিছুটা পরিমার্জন করা হয়েছে। এসকল পরিমার্জিত প্রশ্নকে * চিহ্ন দ্বারা নির্দেশ করা আছে।

মানব সমাজের বিবর্তন


পৃথিবীর আনুমানিক বয়স ৪৫০ কোটি বছর। পৃথিবীতে মানুষ এসেছে প্রায় দুই মিলিয়ন বা বিশ লক্ষ বছর আগে। প্রায় বিশ হাজার বছর পূর্ব থেকে আধুনিক মানুষের যুগ শুরু হয়েছে। মানব সমাজের বিবর্তন ধারাকে কয়েকটি যুগে ভাগ করা হয়েছে।

প্রস্তর যুগ (Paleolithic Age)

বিশ্বের ইতিহাসে প্রস্তর যুগ বলতে মানব ও তার সমাজের বিবর্তনের একটা পর্যায়কে বোঝান হয় যখন মানুষের ব্যবহার্য হাতিয়ার তৈরির মূল উপকরণ ছিল পাথর। প্রস্তর যুগের শুরু হয় এখন থেকে প্রায় দশ লক্ষ বছর আগে। এর স্থায়িত্বকাল ছিল খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দ অর্থাৎ এখন থেকে প্রায় ৫৫০০ বছর পূর্ব পর্যন্ত। ইতিহাসবেত্তার বিশ্লেষণে এ যুগকে তিনটি পর্যায়ে ভাগ করা যায় যথা: প্রাচীন প্রস্তর যুগ, মধ্য প্রস্তর যুগ ও নব্য প্রস্তর যুগ।

ক) প্রাচীন প্রস্তর যুগ : প্রাচীন প্রস্তর যুগের স্থায়িত্বকাল ছিল দীর্ঘ। মধ্য প্রস্তর যুগ শুরু হওয়ার পূর্ব পর্যন্ত ছিল প্রাচীন প্রস্তর যুগ। প্রাচীন প্রস্তর যুগের মানুষের সবচেয়ে বড় আবিষ্কার ছিল আগুন।

প্রাগৈতিহাসিক মানবের জীবাশ্ম আবিষ্কার

পিকিং মানব Peking Man		১৯২৯ সালে পিকিংয়ের (আধুনিক বেইজিং) নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মানুষের মাথারখুলি, চোয়ালের হাড় আবিষ্কৃত হয়।
জাভা মানব Java Man		১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অন্তর্গত পূর্ব জাভার সোলো নদীর তীরে প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি, দাঁত আবিষ্কৃত হয়।
হেইডেলবার্গ মানব Heidelberg Man		১৯০৭ সালে জার্মানির হেইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপক প্রাগৈতিহাসিক মানুষের নিচের চোয়ালের হাড় আবিষ্কার করেন।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

খ) মধ্য প্রস্তর যুগ : প্রাচীন প্রস্তর যুগের পর ২০ হাজার বছর পর্যন্ত ছিল মধ্য প্রস্তর যুগ। খ্রিস্টপূর্ব ১০ হাজার বছর পর্যন্ত এ যুগ স্থায়ী ছিল। এ যুগে মানুষ পাথরের ব্যবহারে দক্ষতা অর্জন করে।

গ) নব্য প্রস্তর যুগ : মধ্য প্রস্তর যুগের পরবর্তী ৭ হাজার বছরকে বলা হয় নব্য প্রস্তর যুগ। এ যুগেও মানুষকে একান্তভাবে পাথরের সরঞ্জাম ও হাতিয়ারের ওপর নির্ভর করতে হয়।
নব্য প্রস্তর যুগের পর আসে ধাতু ব্যবহারের যুগ। তামা, দস্তা, ব্রোঞ্জ, লোহা ইত্যাদি হল ধাতু। নব্য প্রস্তর যুগের মাত্র কয়েক শত বছর তামার যুগ কাটে। তামা আবিষ্কারের পথ ধরে মানুষ আবিষ্কার করে ব্রোঞ্জ। খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দে প্রাচ্যে ব্রোঞ্জ তৈরি হয়। লোহা আবিষ্কার হয় আনুমানিক খ্রিস্টপূর্ব ১৫০০ অব্দে।

MCQ Solution

১. **পৃথিবীর আনুমানিক বয়স-** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক : ০৭]
ক ৩৬০ কোটি বছর খ ৪৬০ কোটি বছর
গ ৪৫০ কোটি বছর ঘ ৬০০ কোটি বছর **উত্তর:** গ

২. **পৃথিবীর আনুমানিক বয়স কত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৫-১৬/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪]
ক ৩,৫০০ মিলিয়ন বছর (প্রায়) খ ৪,৫০০ মিলিয়ন বছর (প্রায়)
ঘ ৫,৫০০ মিলিয়ন বছর (প্রায়) গ ৬,৫০০ মিলিয়ন বছর (প্রায়) **উত্তর:** খ

৩. **প্রাচীন প্রস্তর যুগ শুরু হয়েছিল -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
ক ৫ লক্ষ বছর পূর্বে খ ৯ হাজার বছর পূর্বে
গ ৬২ হাজার বছর পূর্বে ঘ ১১ হাজার বছর পূর্বে **উত্তর:** ক
ব্যাখ্যা: *New world encyclopedia* এর তথ্য মোতাবেক, প্রাচীন প্রস্তর যুগ শুরু হয়েছিল ৫ লক্ষ বছর পূর্বে।

৪. **জাভা মানব কোথায় পাওয়া যায়?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ক ইন্দোনেশিয়ায় খ জার্মানিতে
গ চীনে ঘ ভারতে **উত্তর:** ক

৫. **হাইডেলবার্গ মানব কোথায় পাওয়া যায়?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]
ক ইতালিতে খ জার্মানিতে
গ ভারতে ঘ চীনে **উত্তর:** খ

৬. **প্রায় সম্পূর্ণ 'অস্ট্রালোপিথিসিন্স লুসি'র কংকাল ১৯৭৪ সালে নিচের কোন দেশে আবিষ্কৃত হয়?** [মেডিকেল : ০৯-১০]
ক কেনিয়া খ ইরিত্রিয়া
গ ইথিওপিয়া ঘ তানজানিয়া **উত্তর:** গ
ব্যাখ্যা: ১৯৭৪ সালের ২৪ নভেম্বর ইথিওপিয়ায় ৩.২ মিলিয়ন বছরের পুরোনো কংকাল আবিষ্কৃত হয়। কংকালটির নামকরণ করা হয় লুসি (Lucy)।

৭. **মানুষের ব্যবহৃত সর্বপ্রথম ধাতু কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৫-১৬]
ক লোহা খ পিতল
গ তামা ঘ ব্রোঞ্জ **উত্তর:** গ

সভ্যতার উত্তরণ

সংস্কৃতি ও সভ্যতা

সংস্কৃতি বলতে কোনো সমাজের মানুষের জীবনযাত্রার প্রণালী বোঝায়। মানুষের অনবরত চেষ্টার ফলে তার জীবনপ্রণালী উন্নতির পথে এগিয়ে চলে। বিজ্ঞান ও কলাকৌশলগত (প্রযুক্তিগত) নতুন নতুন আবিষ্কার ঘটে। সংস্কৃতির এ উন্নতির অবস্থাকে বলে সভ্যতা। আগুন ও হাতিয়ার ব্যবহারের ফলে মানুষের সভ্যতার সূচনা হয়। প্রাচীন সভ্যতার অভ্যুদয় ঘটে এশিয়া ও আফ্রিকা মহাদেশে। কয়েকটি নদীর অববাহিকা ছিল প্রাচীন সভ্যতার পীঠস্থান।

MCQ Solution

১. **প্রাচীন সভ্যতাগুলো গড়ে উঠার ক্ষেত্রে সর্বাধিক রেখেছিল -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]
ক পাহাড় খ নদী
গ বনাঞ্চল ঘ তৃণভূমি **উত্তর:** খ

২. **সভ্যতার পরিমাপ করা যায় -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক উত্তরাধিকার সূত্রে খ মানসিক উৎকর্ষের ভিত্তিতে
গ দক্ষতার ভিত্তিতে ঘ কলাকৌশলের প্রয়োগ দেখে **উত্তর:** ঘ

৩. **মানব সভ্যতা শুরু হয় কী দিয়ে?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা : ০৮]
ক শিল্প থেকে খ কৃষি থেকে
গ জঙ্গল থেকে ঘ আগুনের ব্যবহার থেকে **উত্তর:** ঘ

মেসোপটেমিয়া সভ্যতা
The Mesopotamian Civilization

বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমিয়া। আনুমানিক খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে ইরাকে (অন্য নাম মেসোপটেমিয়া) ও ইউফ্রেটিস (অন্য নাম ফোরাত) নদীর উর্বর তীরাঞ্চলে মেসোপটেমীয় সভ্যতার বিকাশ ঘটে। এদের ভিন্ন ভিন্ন নাম থাকলেও একই ভূ-খণ্ডে গড়ে উঠায় একত্রিতভাবে এ সভ্যতাসমূহকে বলা হয় মেসোপটেমীয় সভ্যতা। 'মেসোপটেমিয়া' একটি গ্রিক শব্দ। এর অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি। বর্তমানে তুরস্ক, সিরিয়া, ইরান ও ইরাক রাষ্ট্রগুলো প্রচীন এই সভ্যতার অংশ ছিল। তবে বেশির ভাগ অংশ বর্তমানে ইরাকে অবস্থিত। মেসোপটেমিয়া সভ্যতার অন্তর্ভুক্ত রয়েছে সুমেরীয় সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা, আসেরীয় সভ্যতা ও ক্যালডীয় সভ্যতা।

সুমেরীয় সভ্যতা (The Sumerian Civilization)

মেসোপটেমিয়ার সবচেয়ে প্রাচীন সভ্যতা গড়ে তুলেছিল সুমেরীয়গণ। সুমেরীয়দের আদিবাস ছিল পারস্যের পাহাড়ি অঞ্চলে। খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দে এদের একটি শাখা মেসোপটেমিয়ার দক্ষিণে বসতি স্থাপন করে। সুমেরীয়দের আয়ের মূল উৎস ছিল কৃষি। তারা উন্নত সেচব্যবস্থা গড়ে তুলেছিল। তারা 'কিউনিফর্ম' (Cuneiform) নামে একটি নতুন লিপির উদ্ভাবন করে। কিউনিফর্মকে বলা

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

হয় অক্ষরভিত্তিক বর্ণলিপি (Letter Based alphabet)। সুমেরীয়দের বর্ণমালার কোন কোনটি দেখতে ইংরেজি বর্ণমালার V এর মত। জলঘড়ি ও চন্দ্রপঞ্জিকার (Lunar Calendar) আবিষ্কার সুমেরীয়দের গুরুত্বপূর্ণ অবদান। সভ্যতায় সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান 'চাকা' (Wheel) আবিষ্কার। আইনের ক্ষেত্রে সুমেরীয় শাসক উর-নামুর অবদান গুরুত্বপূর্ণ। তিনি সর্বপ্রথম পৃথিবীর ইতিহাসে লিখিত আইনের প্রবর্তন করেন যা 'Code Of Ur-Nammu' নামে পরিচিত।



কিউনিফর্ম

ব্যাবিলনীয় সভ্যতা (The Babylonian Civilization)



হাম্মুরাবি

সিরিয়ার মরুভূমি অঞ্চলের অ্যামোরাইট জাতি আনুমানিক ২০৫০ খ্রিস্টপূর্বাব্দে মেসোপটেমিয়া অঞ্চলে একটি নগর সভ্যতা গড়ে তোলে। ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি ছিলেন বিখ্যাত আমোরাইট নেতা হাম্মুরাবি। হাম্মুরাবি লিখিত আইন প্রণয়ন করেন - যা 'হাম্মুরাবি কোড (Code Of Hammurabi) নামে পরিচিত। সুমেরীয়দের অনুকরণে ব্যাবিলনীয়রা সাহিত্য রচনা করে। কিউনিফর্ম লিপিতে লেখা হয় বিখ্যাত মহাকাব্য 'গিলগামেশ (Gilgamesh)। পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায় ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে। এটি ছিল ভ্রমণকারীদের পথ নির্দেশ করার জন্য সহজ ও সরল প্রকারের মানচিত্র।

অ্যাসেরীয় সভ্যতা (The Assyrian Civilization)

ব্যাবিলন থেকে প্রায় দুইশত মাইল উত্তরে টাইগ্রিস নদীর তীরে 'আশুর' নামে একটি সমৃদ্ধ শহর গড়ে উঠে। আসিরীয় সম্রাট নিজেকে মনে করতেন সূর্যদেবতা শামসেরু প্রতিনিধি। ইতিহাসে আসিরিয়ার পরিচয় সামরিক রাষ্ট্র হিসাবে। তারাই প্রথমে লোহার অস্ত্রে সজ্জিত বাহিনী গঠন করে এবং যুদ্ধরথে ব্যবহার করে। আসিরীয়রা প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে। পৃথিবীকে সর্বপ্রথম তারা অক্ষাংশ (Latitudes) ও দ্রাঘিমাংশে (Longitudes) ভাগ করেছিল।

ক্যালডীয় সভ্যতা (The Chaldean Civilization)

ব্যাবিলন শহরকে কেন্দ্র করে গড়ে উঠায় ক্যালডীয় সভ্যতা ইতিহাসে 'নতুন ব্যাবিলনীয় সভ্যতা' নামেও পরিচিত। ক্যালডীয় সভ্যতার স্থপতি ছিলেন সম্রাট নেবুচাদনেজার। 'ব্যাবিলনের শূন্যউদ্যান' (The Hanging Garden of Babylon) নির্মাণের জন্য তিনি অমর হয়ে আছেন। সম্রাট নেবুচাঁদ নেজারের সম্রাজ্ঞী বাগান



ব্যাবিলনের ঝুলন্ত উদ্যানের ধ্বংসাবশেষ

করতে খুব পছন্দ করতেন। তাঁরই উৎসাহে সম্রাট নগর দেওয়ালের উপর তৈরি করলেন আশ্চর্য সুন্দর এক বাগান। ইতিহাসে যা 'শূন্যউদ্যান' নামে পরিচিত।

ব্যাবিলনের শূন্যউদ্যান' (The Hanging Garden of Babylon) প্রাচীন পৃথিবীর সপ্তাশ্চর্যের একটি। ক্যালডীয়রাই প্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে। আবার প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় ভাগ করার পদ্ধতি তারা বের করে। ক্যালডীয়রা ১২ টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান। তা থেকে ১২ টি রাশিচক্রের (12 Zodiac Circles) সৃষ্টি হয়।

MCQ Solution

১. **Which of the following is the oldest civilization of the world?** [Dutch Bangla Bank Officer: 04] *Or,*
বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল? [২৪তম বিসিএস/ দ্বাদশ বেসরকারি স্কুল নিবন্ধন : ১৫]
ক Greece (গ্রিক) খ Mesopotamia (মেসোপটেমিয়া)
গ Rome (রোমান) ঘ India (সিন্ধু) **উত্তর: খ**

বিশ্বের প্রাচীন সভ্যতার দেশ- [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬]
ক গ্রীস খ মেসোপটেমিয়া
গ রোম ঘ ভারত **উত্তর: খ**

কোনটি সবচেয়ে প্রাচীন সভ্যতা? [বাংলাদেশ ডাক বিভাগ (ডাক অধিদপ্তর) উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ক মিশরীয় খ গ্রীক
গ চৈনিক ঘ পারস্য **উত্তর: ক**

কোন সভ্যতা সবচাইতে প্রাচীন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক মেসোপটেমীয় খ মিশরীয়
গ চৈনিক ঘ পারসিক **উত্তর: ক**

মেসোপটেমিয়া সভ্যতা গড়ে উঠেছিল কোথায়? [৩৯তম বিসিএস (বিশেষ)/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট - গ্রুপ ২) : ১৭-১৮]
ক ইয়াংসিকিয়াং নদীর তীরে খ নীলনদের তীরে
গ ট্রাইগ্রীস ও ইউফ্রেটিস নদীর তীরে ঘ হোয়াংহো নদীর তীরে **উত্তর: গ**

দজলা ও ফোরাত নদীর অববাহিকায় কোন সভ্যতা গড়ে উঠেছে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭]
ক মিশরীয় সভ্যতা খ সিন্ধু সভ্যতা
গ ইনকা সভ্যতা ঘ মেসোপটেমীয় সভ্যতা **উত্তর: ঘ**

'মেসোপটেমিয়া' এলাকার বেশির ভাগ বর্তমান কোন দেশে? [১৮তম বিসিএস/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬/ সহকারী গবেষণা কর্মকর্তা : ৯৮]
ক ইরাক খ ইরান
গ তুরস্ক ঘ সিরিয়া **উত্তর: ক**

ইরাকের প্রাচীন নাম- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট জোড়) : ১৩-১৪/ শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার : ০৫]
ক পারস্য খ মেসোপটেমিয়া
গ বাগদাদ ঘ ফরমোজা **উত্তর: খ**

সেচ নির্ভর প্রাচীন সভ্যতা কোনটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক সিন্ধু খ গ্রিক
গ রোমান ঘ মেসোপটেমীয় **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১০. **The earliest civilization was flourished in-** [IFIC Bank Ltd. Probation officer: 96]

Or,

সভ্যতার সূত্রপাত হয় কোন জাতিগোষ্ঠীর মাধ্যমে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৪-১৫]

ⓐ Babylon ⓑ Sumeria
ⓒ Egypt ⓓ China **Ans.** b

১১. **সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহ শিক্ষক (বংস) : ০৮]

ক মেসোপটেমিয়ায় খ পারস্যে
গ মিশরে ঘ রাশিয়ায় **উত্তর:** ক

১২. **কিউনিফর্ম কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৪-১৫]

ক জ্যামিতিক নকশা খ লিখন পদ্ধতি
গ চৈনিক অক্ষর ঘ পাথর নকশা **উত্তর:** খ

১৩. **'Lunar Calendar' was introduced by-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১৬-১৭]

ক Chaldeans খ Sumerians
গ Assyrians ঘ Astrology **Ans.** b

১৪. **কোন সভ্যতায় প্রথম 'চাকা' এর ব্যবহার প্রচলন হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক মিশরীয় খ সুমেরীয়
গ ব্যাবিলনীয় ঘ ক্যালডীয় **উত্তর:** খ

১৫. **হাম্মুরাবি কে ছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - জোড়) : ১৬-১৭]

ক ঐতিহাসিক খ আইনপ্রণেতা
গ চিকিৎসক ঘ ব্যবসায়ী **উত্তর:** খ

১৬. **হাম্মুরাবি যে জন্য বিখ্যাত -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ক আইন প্রণয়ন খ আইন সংকলন
গ রাজ্য বিস্তার ঘ সংবিধান প্রণয়ন **উত্তর:** খ

১৭. **ইতিহাসের প্রথম লিখিত আইন প্রণেতা কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৫-০৬]

ক জুলিয়াস সিজার খ হাম্মুরাবি
গ সম্রাট আলেকজান্ডার ঘ এরিস্টটল **উত্তর:** খ

ব্যাখ্যা: প্রশ্নটি সর্বাংশে সঠিক নয়। তবে অপশন অনুযায়ী হাম্মুরাবি সঠিক।

১৮. **পৃথিবীর কোথায় প্রথম লিখিত আইনের প্রচলন হয়?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনি : ১৩ - ১৪ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]

ক স্পেন খ ব্যাবিলন
গ গ্রিস ঘ তেহরান **উত্তর:** খ

ব্যাখ্যা: প্রশ্নটি সর্বাংশে সঠিক নয়। তবে অপশন অনুযায়ী ব্যাবিলন সঠিক।

১৯. **কোন প্রাচীন সভ্যতায় 'হাম্মুরাবির আইন' প্রচলিত হয়েছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫]

ক মায়া খ মেসোপটেমীয়
গ মিশরীয় ঘ গ্রিক **উত্তর:** খ

২০. **আইন সংক্রান্ত হাম্মুরাবি কোড কোন সভ্যতার সময়ে প্রণীত হয়েছিল?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই- ইউনিট) : ১৩-১৪]

ক ব্যাবিলনীয় সভ্যতা খ চৈনিক ভ্যতা
গ গ্রিক সভ্যতা ঘ ভারতীয় সভ্যতা
ঙ ফিনিশীয় সভ্যতা **উত্তর:** ক

২১. **'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কোন দেশে অবস্থিত?** [১০ম বিসিএস/ বাংলাদেশ জুটমিল করপোরেশনের অফিসার : ১৭]

ক ইরান খ ইরাক
গ তুরস্ক ঘ সিরিয়া **উত্তর:** খ

২২. **'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কে গড়ে তুলেছিল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]

ক নেবুচাঁদ নেজার খ সাইরাস
গ র‍্যামজেজ ঘ দারিউস **উত্তর:** ক

২৩. **The oldest book of the world is -** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩]

ক Mahavarata খ Illiad
গ Gilgamesh ঘ Faust **উত্তর:** গ

২৪. **কোন মহাকাব্যটি 'কিউনিফর্ম' লিপিতে রচিত?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) :০৯-১০]

ক শাহনামা খ গিলগামেশ
গ রামায়ন ঘ মহাশ্মশান **উত্তর:** খ

২৫. **পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায়-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৫/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ে সহকারী পরিচালক : ৯৫]

ক চীনের প্রাচীরের কাছে
খ দক্ষিণ আফ্রিকার ভিক্টোরিয়া প্রদেশে
গ ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে
ঘ ইরানের সিরাজ শহরের ধ্বংসাবশেষে **উত্তর:** গ

২৬. **কোন জাতি বৃত্তকে প্রথম ৩৬০ ডিগ্রিতে ভাগ করে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ক ক্যালডীয়রা (ক্যালডীয়রা) খ আসিরীয়রা
গ গ্রিকরা ঘ ব্যাবিলনীয়রা **উত্তর:** খ

২৭. **নিম্নের কোন সভ্যতায় প্রতিদিনকে ১২ জোড়া ঘন্টায় বিভক্ত করা হয়?** [মেডিকেল : ১০-১১]

ক রোমান খ গ্রিক
গ ক্যালডীয় ঘ পারস্য **উত্তর:** গ

২৮. **কারা সপ্তাহের সাত দিনকে বিভক্ত করে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ক মিশরীয়রা খ গ্রিকরা
গ ক্যালডিয়রা ঘ ককেসীয়রা **উত্তর:** গ

২৯. **সাত দিনে ১ সপ্তাহ প্রচলন করে কোন জাতি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৭-১৮]

ক সুমেরীয় খ ব্যাবিলনীয়
গ অ্যাসিরীয় ঘ ক্যালডীয় **উত্তর:** ঘ

৩০. **আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক ও কুয়েত– এই রাষ্ট্রগুলো প্রচীন কোন সভ্যতার অংশ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১৩-১৪]

ক মিশরীয় সভ্যতা খ রোমান সভ্যতা
গ গ্রিক সভ্যতা ঘ মেসোপটেমিয়ান সভ্যতা **উত্তর:** ঘ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

প্রাচীন মিশরীয় সভ্যতা
Ancient Civilization of Egypt

মিশরীয় সভ্যতা

৫০০০-৩২০০ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত সময়ের মিশরকে প্রাক-রাজবংশীয় যুগ বলা হয়। এ সময় মিশর কতগুলো ছোট ছোট নগর রাষ্ট্রে বিভক্ত ছিল। এগুলোকে বলা হত 'নোম'। ৩২০০ খ্রিস্টপূর্বাব্দে 'মেনেস' নামের এক রাজা সমগ্র মিশরকে একত্রিত করে একটি নগর রাষ্ট্র গড়ে তোলেন। দক্ষিণ মিশরের 'মেম্ফিস' হয় এর রাজধানী। এভাবে মিশরে রাজবংশের সূচনা হয়।

ধর্ম

ফারাও চতুর্থ আমেনহোটেপ বহুদেবতার পরিবর্তে একমাত্র সূর্যদেবতার আরাধনার কথা প্রচার করেন। সূর্যদেবতার নাম দেওয়া হয় 'এটন'। দেবতার নামের সাথে মিল রেখে তিনি নিজের নাম রাখেন 'ইখনাটন'। এভাবে ইখনাটন সভ্যতার ইতিহাসে সর্বপ্রথম ঈশ্বরের ধারণা দেন।

স্থাপত্য ও ভাস্কর্য

প্রাচীন মিশরের রাজাদের বলা হত 'ফারাও' (Pharaoh)। মিশরীয়রা মৃত্যুর পর আরেকটি জীবনের অস্তিত্বের প্রতি বিশ্বাসী ছিল। সে জীবনেও রাজা হবেন ফারাও। ফারাও রাজাদের মৃতদেহ সংরক্ষণের জন্য তৈরি করা হয় পিরামিড। পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ পিরামিড। মিশরের সবচেয়ে বড় পিরামিড হচ্ছে ফারাও খুফুর পিরামিড। খুফুর পিরামিড গড়ে উঠেছিল তের একর জায়গা জুড়ে। এর উচ্চতা ছিল প্রায় সাড়ে চারশত ফুট। মিশরীয় ভাস্করদের সবচেয়ে বড় গৌরব 'স্ফিংস' তৈরিতে। বহুখণ্ড পাথরের গায়ে ফুটিয়ে তোলা হতো এ ভাস্কর্য। স্ফিংসের দেহ সিংহের আকৃতির, আর মাথা ছিল ফারাওয়ের। ফারাওদের আভিজাত্য শক্তির প্রতীক ছিল এ মূর্তি। ফারাও তুতেনখামেন খ্রিস্টপূর্ব ১৩৩৩ - ১৩২৪ অব্দে মিশরে রাজত্ব করেন। ১৯২২ সালে হাওয়ার্ড কার্টার তুতেনখামেনের সমাধি আবিষ্কার করে বিশ্বব্যাপী আলোড়ন তোলেন।



পিরামিড এবং স্ফিংস

লিখন পদ্ধতির উদ্ভাবন

মিশরীয়রা একটি লিখন পদ্ধতি উদ্ভাবন করে। প্রথম দিকে ছবি এঁকে এঁকে মিশরীয়রা মনের ভাব প্রকাশ করত। এক একটি ছবি ছিল এক একটি অক্ষরের প্রতীক। অক্ষরভিত্তিক মিশরীয় এ চিত্রলিপিকে বলা হয় 'হায়ারোগ্লিফিক' (Hieroglyphics)। গ্রিক শব্দ 'হায়ারোগ্লিফিক' অর্থ পবিত্র লিপি। 'প্যাপিরাস' নামক এক ধরনের



হায়ারো[illegible]

নল গাছের বাকল দিয়ে তারা সাদা রঙের কাগজও তৈরি করত। চিত্রশিল্পীরা চিত্রে শৈল্পিক সৌন্দর্য ফুটে তোলার জন্য দ্বিমাত্রিক পৃষ্ঠতল ব্যবহার করত।

বিজ্ঞান

মিশরীয়রা সর্বপ্রথম ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনারীতি চালু করেন। যেহেতু ফারাও মৃত্যুর পর পরকালে রাজা হবেন সেহেতু তাঁর মৃতদেহকে পচন থেকে রক্ষার জন্য মিশরীয় বিজ্ঞানীরা মমি তৈরি করতে শেখেন।

MCQ Solution

১. **Which one is the oldest civilization?** [Khulna University (B Unit) : 05-06// City Bank Ltd. Officer : 01/ AB Bank Ltd. Probationary officer: 92]
ⓐ Egyptian ⓑ Indus
ⓒ Chinese ⓓ Greek **Ans.** a
ব্যাখ্যা: প্রশ্নে মেসোপটেমীয় সভ্যতা না থাকায় সমসাময়িক কালের মিশরীয় সভ্যতা সঠিক উত্তর হবে।

২. **What is Hieroglyphics?** [Dutch-Bangla Bank Ltd. Asst Officer : 09]
ⓐ Advanced Technology of graphic design used especially for printing currency and stamps (মুদ্রা এবং টিকিট মুদ্রণের জন্য বিশেষত ব্যবহৃত গ্রাফিক্স ডিজাইনের একটি অগ্রসরমান প্রযুক্তি)
ⓑ The study of marine flora and fauna (সামুদ্রিক উদ্ভিদ ও প্রাণিকূল সম্পর্কিত বিদ্যা)
ⓒ The latest technology for clearing checks in the banking system (ব্যাংকিং সিস্টেমে চেক ক্লিয়ারিং এর একটি অত্যাধুনিক প্রযুক্তি)
ⓓ An ancient Egyptian writing style with pictures (প্রাচীন মিশরীয় চিত্রভিত্তিক লিখন পদ্ধতি)
ⓔ None of these (কোনোটিই নয়) **Ans.** d

৩. **হায়রোগ্লিফিক হলো-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৭-১৮]
ⓚ একটি জাতির নাম ⓚ একটি মূর্তির নাম
ⓖ একটি দেশের নাম ⓖ একটি লিখন পদ্ধতির নাম **উত্তর:** ঘ

৪. **বুক অব ডেথ কোন সাহিত্যের আদিতম নিদর্শন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৯ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ভারতীয় ⓚ মেসোপটেমীয়
ⓖ চীন ⓖ মিশরীয় **উত্তর:** ঘ

৫. **প্রাচীন মিসরের স্থাপত্য বিদ্যার অন্যতম নিদর্শন -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ রোজেটা পাথর ⓚ স্ফিংস
ⓖ পিরামিড ⓖ প্যাপিরাস **উত্তর:** গ

৬. **পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৭-১৮/ মেডিকেল : ০৩-০৪]
ⓚ পিরামিড ⓚ তাজমহল
ⓖ আইফেল টাওয়ার ⓖ কুতুবমিনার **উত্তর:** ক

৭. **স্ফিংকস কোথায় অবস্থিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬]
ⓚ মিশর ⓚ লিবিয়া
ⓖ ইতালি ⓖ [illegible] **উত্তর:** ক

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৮. প্রাচীন মিশরীয়রা কোন বর্ণ দিয়ে তাদের ভাব প্রকাশ করতো? [থানা শিক্ষা অফিসার : ৯৯]
ক হায়ারোগ্লিফিক খ রম্রোগ্লিফিক
গ নাম্রোগ্লিফিক ঘ ক্যারোগ্লিফিক উত্তর: ক

৯. মিশরীয় চিত্রকলা ছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬]
ক ত্রিমাত্রিক খ দ্বিমাত্রিক
গ বহুমাত্রিক ঘ কোনোটিই নয় উত্তর: খ

১০. 'প্যাপিরাস' কোন সংস্কৃতির সাথে সম্পর্কিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক ইতালীয় খ চৈনিক
গ হরপ্পা ঘ মিশরীয় উত্তর: ঘ

১১. ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনা রীতি কাদের দ্বারা সূচিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক গ্রিক খ মিশরীয়
গ খ্রিস্টান ঘ ফরাসি উত্তর: খ

১২. প্রথম একশ্বরবাদী ধর্ম কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক প্রাচীন মিশরীয় ধর্ম খ হিব্রু ধর্ম
গ ইসলাম ধর্ম ঘ খ্রিস্ট ধর্ম উত্তর: ক

১৩. প্রাচীন মিশরের ফারাও রাজা তুতেনখামেনের সমাধি আবিষ্কৃত হয় ইংরেজি সালে- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ক ১৮৭৮ সালে খ ১৯২২ সালে
গ ১৯৩৪ সালে ঘ ১৯৪৬ সালে উত্তর: খ

সিন্ধু সভ্যতা
The Indus Civilization

সিন্ধু নদীর তীরে গড়ে উঠেছিল বলে এটি 'সিন্ধু সভ্যতা' নামে পরিচিত। প্রায় ৩৫০০ বছর পূর্বে দ্রাবিড় জাতি এ নগর সভ্যতা গড়ে তুলেছিল বলে মনে করা হয়। পূর্ণবর্ধিত হরপ্পা (সময়কাল : ২৬০০ - ১৯০০ খ্রিষ্টপূর্ব) ছিল একটি ব্রোঞ্জ যুগীর সভ্যতা। হরপ্পা সভ্যতার শ্রেষ্ঠ দুটি শহর ছিল হরপ্পা ও মহেঞ্জোদারো। *হরপ্পা* নগরীটি গড়ে উঠেছিল সিন্ধুর উপনদী রাভী'র তীরে। এটি অধুনা পাকিস্তান রাষ্ট্রের পাঞ্জাব প্রদেশে অবস্থিত। আর সিন্ধুনদের তীরে গড়ে উঠেছিল *মহেঞ্জোদারো* (অর্থ - মৃতের ঢিবি) নগরী। এই প্রাচীন সভ্যতা প্রথম আবিষ্কৃত হয় ১৯২১ খ্রিস্ট্যব্দে পাঞ্জাব প্রদেশের হরপ্পায়। ১৯২২ সালে রাখালদাস বন্দ্যোপাধ্যায় পাকিস্তানের সিন্ধু প্রদেশের লারকানা জেলায় মহেঞ্জোদারো নগরীর ধ্বংসাবশেষ আবিষ্কার করেন। অপ্রত্যাশিতভাবে বেরিয়ে আসে তাম্রযুগের নিদর্শন।

সিন্ধু সভ্যতায় এক অভিজাত ও নগরাঞ্চলীয় সংস্কৃতির প্রমাণ পাওয়া যায়। দুটি শহরেই পাকা নর্দমা ছিল। শহরে রাস্তার দুপাশে দোতলা তিনতলা বাড়ি ছিল। প্রতি বাড়িতে ছিল চৌবাচ্চাসহ গোসলখানা, কূপ। মহেঞ্জোদারো ও হরপ্পায় হাড় ও পাথরের তৈরি সীলমোহর পাওয়া গেছে। সিন্ধু সভ্যতায় পাওয়া সীল ও মাটির পাত্রের সাথে মেসোপটেমিয়ার দ্রব্যের মিল আছে। সিন্ধু সভ্যতার বেশিরভাগ লোক কৃষিকাজ করত। এই সভ্যতার একটি গুরুত্বপূর্ণ অবদান হল পরিমাপ পদ্ধতি উদ্ভাবন করা। দ্রব্য ওজনের জন্য নগরবাসী বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করত। দৈর্ঘ্য পরিমাপের জন্য তারা বিভিন্ন স্কেল ব্যবহার করত।

সিন্ধু সভ্যতার পতন শুরু হয় আনুমানিক ১৫০০ খ্রিস্টপূর্বাব্দে। কিভাবে সিন্ধু সভ্যতার ধ্বংস হয় সে বিষয়ে পণ্ডিতগণ সঠিক কোন সিদ্ধান্তে আসতে পারেননি। হয়তো বাহিরের কোন শত্রুর আক্রমণ অথবা প্রচণ্ড কোন ভূমিকম্প বা ভয়াবহ কোন বন্যার ফলে এ সভ্যতা ধ্বংস হয়ে যায়।

MCQ Solution

১. সিন্ধু সভ্যতা কোন যুগের সভ্যতা? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৭-১৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় অ-বাণিজ্য গ্রুপ (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]
ক তাম্র যুগের খ আর্য যুগের
গ সুমেরীয় যুগের ঘ শহরভিত্তিক যুগের উত্তর: ক

২. Indus Civilization belongs to -[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
Or,
সিন্ধু সভ্যতা কোন যুগের? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - বিজোড়) : ১৬-১৭]
ক Stone Age খ Bronze Age
গ Armenian Age ঘ Iron Age উত্তর: খ

৩. সিন্ধু সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫]
ক গঙ্গা খ কালিন্দী
গ সিন্ধু ঘ যমুনা উত্তর: গ

৪. দক্ষিণ এশিয়ার প্রথম নগরায়ণ - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ক সিন্ধু অববাহিকা খ গঙ্গেয় অববাহিকা
গ মেঘনা অববাহিকা ঘ কাবেরী অববাহিকা উত্তর: ক

৫. সিন্ধু সভ্যতার প্রতিষ্ঠাতা – [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) :০৮-০৯ / খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ক আর্যগণ খ কৃষাণগণ
গ শকগণ ঘ দ্রাবিড়গণ উত্তর: ঘ

৬. হরপ্পা ও মহেঞ্জোদারোতে প্রাপ্ত সভ্যতা ইতিহাসে কোন সভ্যতা হিসাবে পরিচিত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর কার্যালয়ের অধীন অডিটর : ১৭]
ক ক্যালডীয় সভ্যতা খ অ্যাসিরীয় সভ্যতা
গ সিন্ধু সভ্যতা ঘ ইনকা সভ্যতা উত্তর: গ

৭. হরপ্পা কোথায় অবস্থিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ক ভারত খ পাকিস্তান
গ আফগানিস্তান ঘ কোনোটিই না উত্তর: খ

৮. মহেঞ্জোদারো শব্দটির অর্থ - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৬-১৭]
ক মৃতের ঢিবি খ মৃতের ডিপি
গ মৃতের টিবি ঘ মৃতের ঢিপি উত্তর: ক

৯. মহেঞ্জোদারো সভ্যতা কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৫-১৬]
ক পাঞ্জাব প্রদেশে খ সিন্ধু প্রদেশে
গ আফগানিস্থানে ঘ পেশোয়ার প্রদেশে উত্তর: খ

১০. সিন্ধু সভ্যতায় প্রাপ্ত সবচেয়ে আকর্ষণীয় নিদর্শন কোনটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬]
ক মৃৎ পাত্র খ পুতুল
গ সীল মোহর ঘ ভাস্কর্য উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১১. সিন্ধু সভ্যতার অধিবাসীরা কোনটির ব্যবহার জানতো না? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক প্রশাসনিক ব্যবস্থা খ জল নিষ্কাশন ব্যবস্থা
গ লিখন পদ্ধতি ঘ লোহার অস্ত্র **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ব্রোঞ্জ যুগে মানুষ লোহার ব্যবহার শেখে নি।

১২. **Moenzo-daro & Harappa civilization is nearly:/ মহেঞ্জোদারো ও হরপ্পা সভ্যতা প্রায়-** [IFIC Bank Proationary Officer: 96]
ক Two thousand years old (দুই হাজার বছরের প্রাচীন)
খ Three and half thousand years old (সাড়ে তিন হাজার বছরের প্রাচীন)
গ One thousand years old (এক হাজার বছরের প্রাচীন)
ঘ One and half thousand years old (দেড় হাজার বছরের প্রাচীন) **উত্তর: ক**

১৩. সিন্ধু সভ্যতা আবিষ্কৃত হয় কত সালে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৫-১৬]
ক ১৯২০ সালে খ ১৯২২ সালে
গ ১৯২৯ সালে ঘ ১৯৩২ সালে **উত্তর: খ**

১৪. সিন্ধু সভ্যতা প্রথম কে আবিষ্কার করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ই ইউনিট - সেট ১) : ১১-১২]
ক রমেশচন্দ্র মজুমদার খ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
গ এ. এইচ. দাসী ঘ কানিংহাম **উত্তর: খ**

১৫. সিন্ধু সভ্যতা আবিষ্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক আর. সি. মজুমদার
খ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
গ নীহাররঞ্জন রায়
ঘ কালিদাস নাগ **উত্তর: খ**

১৬. সিন্ধু সভ্যতার প্রধান বৈশিষ্ট্য কি ছিল? [খুলনা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]
ক আইন ও প্রশাসন খ লিখন পদ্ধতি
গ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ঘ শিল্পকলা ও স্থাপত্য **উত্তর: গ**

১৭. প্রাচীন কোন সভ্য দেশের অধিবাসীদের সাথে সিন্ধু উপত্যকার অধিবাসীদের সাদৃশ্য লক্ষ্য করা যায়? [শ্রম অধিদপ্তরে অফিসার : ১৪]
ক ব্যাবিলন খ গ্রিস
গ মিশর ঘ চীন **উত্তর: ক**


১৮. কত খ্রিস্টপূর্বাব্দে সিন্ধু সভ্যতার পতন হয়? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ক ১৫০০ খ ২৭৫০
গ ৩০০০ ঘ ১২৮০ **উত্তর: ক**

১৯. তালিকা-১:(সভ্যতা)-(ক) মহেঞ্জোদারো (খ) মিসরীয় (গ) চৈনিক (ঘ) বার্মা
তালিকা-২: (সম্পৃক্ত নদী)- (১) নীল (২) ইয়াংসি (৩) সিন্ধু (৪) ইরাবতী
প্রশ্ন: তালিকা-১ (সভ্যতা) এর ক্রমানুসারে তালিকা-২ (সম্পৃক্ত নদী) মিলবে কোন নম্বর সেটটিতে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৪-১৫]
ক ৪, ২, ৩, ১ খ ৩, ১, ২, ৪
গ ৩, ১, ৪, ২ ঘ ৩, ২,১, ৪ উত্তর: খ

ফিনিশীয় সভ্যতা
The Phoenician Civilization

লেবানন পর্বত এবং ভূমধ্যসাগরের মাঝামাঝি এক ফালি সরু ভূমিতে ফিনিশীয় রাষ্ট্র গড়ে উঠেছিল। কৃষিকাজ করার মত এখানে উর্বর জমি ছিলনা। তাদের আয়ের একমাত্র উৎস ছিল বাণিজ্য।

ফিনিশীয়দের অবদান
প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের পরিচয় শ্রেষ্ঠতম নাবিক ও জাহাজ নির্মাতা হিসাবে। ধ্রুবতারা (North Star) দেখে তারা দিক নির্ণয় করত। এ কারণে ধ্রুবতারা অনেকের কাছে 'ফিনিশীয় তারা' (Phonecian Star) নামে পরিচিত ছিল।



ফিনিশীয় বর্ণমালা

সাংস্কৃতিক উন্নতি
সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান হল বর্ণমালা (Alphabet) এর উদ্ভাবন। তারা ২২ টি ব্যঞ্জনবর্ণের (Consonants) উদ্ভাবন করে। আধুনিক বর্ণমালার সূচনা হয় এখান থেকে। ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে পরবর্তীতে গ্রিকরা স্বরবর্ণ (Vowels) যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করে।

কারিগরি দক্ষতা
ফিনিশীয়রা মাটির পাত্র তৈরি করতে পারত। দক্ষতার সাথে কাপড় তৈরি ও রং করতে পারত।

MCQ Solution

১. সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান কি? [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬/ শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট- বেলী): ০৩-০৪]
ক বর্ণমালা খ আগ্নেয়াস্ত্রের ব্যবহার
গ মুদ্রার প্রচলন ঘ চিত্রলেখা **উত্তর: ক**

২. প্রথম কারা বর্ণমালা উদ্ভাবন করে? [তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ক ফিনিশীয়রা খ মিশরীয়রা
গ গ্রিকরা ঘ রোমানরা **উত্তর: ক**

পারস্য সভ্যতা
The Persian Civilization

আজকের ইরান প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল। খ্রিস্টপূর্ব ২০০০ অব্দ থেকে ৬০০ অব্দের মধ্য এখানে আর্যরা এক উন্নত সভ্যতা গড়ে তোলে। এ সভ্যতার অধিবাসীরা সামরিক শক্তিতে খ্যাতিমান ছিল। সভ্যতার ইতিহাসে দুইটি ক্ষেত্রে পারসীয়দের অবদান ছিল গুরুত্বপূর্ণ। প্রথমটি সুষ্ঠ ও দক্ষ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং দ্বিতীয়টি ধর্মীয় ক্ষেত্রে নতুন ধারণা নিয়ে আসা। জরথুষ্ট্র নামে পারস্যে এক ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটে। জরথুষ্ট্র কর্তৃক প্রবর্তিত ধর্ম 'জরথুস্ট্রবাদ' নামে পরিচিত। মতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে জোরোস্ট্রিয় বা জরথুস্ত্র ধর্মাবলম্বীরা। পারস্যের ইতিহাসে

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

কাইরাস ও দারিয়ুস ছিলেন সবচেয়ে সফল শাসক। ৩০০ খ্রিস্টপূর্বাব্দে গ্রিক বীর আলেকজান্ডার অধিকার করে নেন সমগ্র পারস্য সাম্রাজ্যকে।

MCQ Solution

১. **আজকের কোন দেশটি প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
ক ইরাক খ ইরান
গ মিশর ঘ লিবিয়া
উত্তর: খ

২. **পারস্যের বর্তমান নাম কি?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]
ক থাইল্যান্ড খ তুরস্ক
গ ইরাক ঘ ইরান
উত্তর: ঘ

৩. **পারসিক ধর্মের প্রবর্তক কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক গৌতম বুদ্ধ খ বর্ধমান মহাবীর
গ আইড্রো ঘ জরথুস্ট্র
উত্তর: ঘ

৪. **মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে কোন ধর্মাবলম্বীরা?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৪-১৫]
ক বাহাই খ শিনটো
গ জৈব ঘ জোরোস্ট্রিয়
উত্তর: ঘ

হিব্রু সভ্যতা
The Hebrew Civilization

প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি সেমাটিক ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমান ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা তাদের অবদানের পুরোটাই রেখেছে ধর্মীয় ক্ষেত্রে। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে। অবশ্য অনেককাল পূর্বে মিশরের ফারাও ইখনাটন এক দেবতার আরাধনার আহবান জানিয়েছিলেন। কিন্তু তা তেমন জনপ্রিয় হতে পারেনি। হিব্রুদের নবী হযরত মুসা (আ.), হযরত দাউদ (আ.) এবং হযরত সুলায়মান (আ.) মানুষের প্রচলিত ধর্মীয় চেতনায় নতুন আলোড়ন তোলেন।

MCQ Solution

১. **প্যালেস্টাইনে কোন সভ্যতা গড়ে উঠেছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-২) : ১৭-১৮/ মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক' : ৯৮/ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]
ক ফিনিশীয় সভ্যতা খ পারসিক সভ্যতা
গ হিব্রু সভ্যতা ঘ ব্যাবিলনীয় সভ্যতা
উত্তর: গ

২. **বর্তমান ইসরাইলের অধিবাসীরা কাদের বংশধর?** [দুর্নীতি দমন ব্যুরোর উপ সহকারী পরিদর্শক : ০৪]
ক পারসিকদের খ হিব্রুদের
গ আরবীয়দের ঘ মিশরীয়দের
উত্তর: খ

প্রাচীন চৈনিক সভ্যতা
The Ancient Chiness Civilization

তিনটি অঞ্চলে প্রাচীন চৈনিক সভ্যতা বেড়ে উঠতে থাকে। প্রথমটি হোয়াংহো (অন্য নাম পীত বা হলুদ) নদীর তীরে, দ্বিতীয়টি ইয়াংজেকিয়াং নদীর তীরে আর তৃতীয়টি দক্ষিণ চীনে গড়ে উঠেছিল।

দর্শন

চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তাঁর মতবাদের নাম ছিল তাওবাদ। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস (৫৫১-৪৭৯ খ্রি.পূ.)। কনফুসিয়াসের প্রধান অনুসারী ছিলেন মেনসিয়াস।


দার্শনিক কুনফুসিয়াস

সুন সু (Sun Tzu) ছিলেন প্রাচীন চীনের একজন সমরনায়ক, যুদ্ধকৌশলী ও দার্শনিক। তাকে 'আর্ট অব ওয়ার' বা 'রণকৌশল' নামক যুদ্ধবিদ্যার প্রাচীন চৈনিক বইটির রচয়িতা হিসেবে বিবেচনা করা হয়।

চীনের মহাপ্রাচীর (Great Wall of China)

চীনের প্রাচীর মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা। এটি চীনের উত্তর সীমান্তে অবস্থিত। মিনগ শাসনামলে পরিমার্জিত পরিখা, প্রাকৃতিক প্রতিবন্ধকসহ প্রাচীরের দৈর্ঘ্য ৮৮৫০ কি.মি. (৫৫০০ মাইল)। শুধুমাত্র প্রাচীরের দৈর্ঘ্য ৬২৫৯ কিমি (৩৮৮৯ মাইল)।



মহাপ্রাচীরের নির্মাণকাল -
- প্রাচীন চীনের যুদ্ধরত রাজ্যকাল (৭৭০ - ২২১ খ্রিস্টপূর্ব)
- কিন শাসনামলে (২২১ - ২০৭ খ্রিস্টপূর্ব)
- হান শাসনামলে (২০৬ খ্রিস্টপূর্ব - ২২০ খ্রিস্টাব্দ)
- মিনগ শাসনামলে (১৩৬৮ - ১৬৪৪ খ্রিস্টাব্দ)
- কুইং শাসনামলে (১৬৪৪ - ১৯১১ খ্রিস্টাব্দ)

MCQ Solution

১. **Chinese civilization belongs to -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ⓐ Copper Age ⓑ Bronze Age
ⓒ Iron Age ⓓ None of the above
Ans. b

২. **চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক ইয়াংসি নদীর অববাহিকায় খ হোয়াংহো নদীর মোড়ে
গ ইয়ালু নদের মোড়ে ঘ পীত সাগরের তীরে
উত্তর: খ

৩. **কোন নদীর তীরে চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক হান খ পীত
গ ইয়াংসী ঘ স্যালুউইন
উত্তর: খ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৪. **কনফুসিয়াস নামটি কোন দেশের সাথে সম্পর্কযুক্ত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্য) : ০৫-০৬]
ক জাপান খ চীন
গ থাইল্যান্ড ঘ কোরিয়া **উত্তর:** খ

৫. **চীনের বিখ্যাত দার্শনিক হলেন -** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক কনফুসিয়াস খ মাও সেতুং
গ হোচি মিন ঘ দালাই লামা **উত্তর:** ক

৬. **কনফুসিয়াস কে ছিলেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট): ১৭-১৮/ জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার:১৭/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭/ বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ক চীনা দার্শনিক খ ভিয়েতনামের নেতা
গ চীনের সম্রাট ঘ মঙ্গোলীয় নেতা **উত্তর:** ক

৭. **'The Art of War' গ্রন্থের রচয়িতা -** [৩৫তম বিসিএস]
ক ক্লজউইজ খ আলফ্রেড মাহান
গ সুন জু ঘ কৌটিল্য উত্তর: গ

৮. **কোন দেশের রাজাকে 'Son of God' বলা হতো?** [১২তম শিক্ষক নিবন্ধন স্কুল (পর্যায় - ২): ১২]
ক ভুটান খ নেপাল
গ জাপান ঘ চীন **উত্তর:** ঘ

৯. **What is the largest man made structure of the world?/ পৃথিবীতে মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা কোনটি?** [Shahjalal Islami Bank Ltd. MTO : 11/ Standard Bank Ltd. Officer: 06]
ⓐ Petronas Tower ⓑ Pyramid of Giza
ⓒ The Eiffel Tower ⓓ The Great Wall of China
ⓔ The Taj Mahal **Ans.** d

১০. **চাঁদে দাড়িয়ে কি দেখা যায়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-বি) : ১৩-১৪]
ক হিমালয় পর্বত খ চীনের প্রাচীর
গ সাহারা মরুভূমি ঘ বঙ্গোপসাগর **উত্তর:** খ

১১. **চীনের মহাপ্রাচীর চীন দেশের যে সীমান্তে অবস্থিত-** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ক উত্তর খ দক্ষিণ
গ পূর্ব ঘ পশ্চিম **উত্তর:** ক

১২. **চীনের মহাপ্রাচীরের দৈর্ঘ্য কত?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
ক ৬৫০০ কি.মি. খ ৮৮৫০ কি.মি.
গ ৭৮১০ কি.মি. ঘ ৯০১০ কি.মি. **উত্তর:** খ

ইজিয়ান সভ্যতা
The Aegean Civilization

গ্রিস ও এশিয়া মাইনরকে পৃথক করেছে ইজিয়ান সাগর। এই ইজিয়ান সাগর জুড়ে ছিল ছোট বড় অনেক দ্বীপ। ইজিয়ান সাগরের দ্বীপমালা ও এশিয়া মাইনরের উপকূলে একটি উন্নত নগর সভ্যতা গড়ে উঠে। ইতিহাসে এ সভ্যতা ইজিয়ান সভ্যতা নামে পরিচিত। গ্রিসে সভ্যতা গড়ে তোলার প্রস্তুতিপর্ব ছিল এ সভ্যতা। ১২০০ খ্রিস্টপূর্বাব্দে ইজিয়ান সভ্যতার পতন ঘটে।

গ্রিক সভ্যতা
The Greek Civilization

'গ্রিক' ও 'গ্রিস' শব্দ দুটি যথাক্রমে জাতি ও দেশ। গ্রিসের ভৌগোলিক পরিবেশ ছিল একটু ভিন্ন ধরনের। এ অঞ্চলে অনেকগুলো পাহাড় দাঁড়িয়ে ছিল দেয়ালের মত। ফলে ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কয়েকটি অঞ্চলে ভাগ হয়ে যায় দেশটি। এ ছোট দেশগুলোর নাম হয় নগর রাষ্ট্র। এদের মধ্যে নেতৃস্থানীয় ছিল স্পার্টা ও এথেন্স।

স্পার্টা ছিল একটি সামরিক নগর রাষ্ট্র। রাষ্ট্রনেতারা ছিল স্বৈরাচারী। পক্ষান্তরে প্রতিবেশী এথেন্স ছিল গণতান্ত্রিক রাষ্ট্র। এথেন্সে রাষ্ট্র পরিচালনায় তখন দুইটি সংসদ ছিল। গোত্র প্রধানদের নিয়ে গড়া সংসদকে বলা হত 'এরিওপেগাস' এবং সাধারণ নাগরিকদের সমিতিকে বলা হত 'একলেসিয়া'। এথেন্সে চূড়ান্তভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করেন পেরিক্লিস। পেরিক্লিস এথেন্সের ক্ষমতায় আসেন ৪৬০ খ্রিস্টাব্দে। স্পার্টা ও এথেন্স উভয় দেশ একে অন্যের শত্রু ছিল। এথেন্স তার বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে একটি জোট গঠন করে। এর নাম হয় 'ডেলিয়ান লীগ'। অন্যদিকে স্পার্টা তাঁর বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে গঠন করে আরেকটি জোট। এ জোটের নাম হয় 'পেলোপনেসীয় লীগ'। এক সময় এই দুই জোটের মধ্য যুদ্ধ বেধে যায়। ইতিহাসে এ যুদ্ধ 'পেলোপনেসীয় যুদ্ধ' নামে পরিচিত। ৪৬০ থেকে ৪০৪ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত মোট তিনবার যুদ্ধ হয়। এ যুদ্ধে চূড়ান্ত পতন ঘটে এথেন্সের। ৩৬৯ খ্রিস্টপূর্বাব্দে এথেন্স চলে আসে স্পার্টার অধীনে। এরপর নগররাষ্ট্র থিবস দখল করে নেয় এথেন্স। ৩৩৮ খ্রিস্টপূর্বাব্দে ম্যাসিডনের রাজা ফিলিপস থিবস অধিকার করে নেয়। খ্রিস্টপূর্ব ৩৩৫ অব্দে দ্বিতীয় ফিলিপসের মৃত্যু হলে আলেকজান্ডার ম্যাসিডনের সিংহাসনে আরোহণ করেন। খ্রিস্টপূর্ব ৩২৩ অব্দে ব্যাবিলনে তাঁর মৃত্যু হয়।



ভৌগোলিক অবস্থান

প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল ভূমধ্যসাগরকে কেন্দ্র করে। ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে দুইটি সংস্কৃতির নাম জড়িয়ে আছে। একটি 'হেলেনিক' (Hellenic) এবং অন্যটি 'হেলেনিস্টিক' (Hellenistic)। গ্রিসকে হেলেনীয় সভ্যতার দেশ বলা হয়। গ্রিসের প্রধান শহর এথেন্সে শুরু থেকেই যে সংস্কৃতি গড়ে উঠেছিল, তাকে বলা হয় হেলেনিক সংস্কৃতি। গ্রিস উপদ্বীপ ছিল এ সংস্কৃতির মূল কেন্দ্র। খ্রিস্টপূর্ব ৩৩৭ অব্দ পর্যন্ত হেলেনিক সভ্যতা টিকে ছিল। এ সময় মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক সংস্কৃতি ও অগ্রিক সংস্কৃতির মিশ্রণে এক নতুন সংস্কৃতির জন্ম হয়। ইতিহাসে এ সংস্কৃতির পরিচয় হয় হেলেনিস্টিক সংস্কৃতি নামে।

ধর্ম

গ্রিকরা বহুদেবতায় বিশ্বাসী ছিল। গ্রিকদের প্রধান দেবতা ছিলেন জিউস। দেবতা এপোলো ও দেবী এথেনাও ছিলেন বিশেষ গুরুত্বপূর্ণ। গ্রিকবাসী বিশ্বাস করত দেবতাদের বাস উত্তর গ্রিসে অলিম্পাস পর্বতের চূড়ায়।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com



গ্রিক দেবী বা দেবতার নাম	পরিচিতি
আফ্রোডায়িট (Aphrodite)	ভালবাসা, রোমাঞ্চ এবং সৌন্দর্যের দেবী
অ্যাপোলো (Apollo)	সূর্য, আলো, চিকিৎসাবিদ্যা এবং সঙ্গীতের দেবতা
এরিস (Ares)	যুদ্ধদেবতা
আরটেমিস (Artemis)	শিকার, বন, উর্বরতা এবং চাঁদের দেবী
এথেনা (Athena)	প্রজ্ঞার দেবী (জিউসের কন্যা)
ডিমিটার (Demeter)	কৃষি বিষয়ক দেবী
হারমেস (Hermes)	ব্যবসা বিষয়ক দেবতা (রোমান নাম মারকারি)
হেরা (Hera)	বিবাহ বন্ধন অটুট রাখার দেবী। (জিউসের স্ত্রী)
জিউস (Zeus)	দেবতাদের রাজা

ট্রয়ের যুদ্ধ : গ্রিক পুরাণের অনেক গুরুত্বপূর্ণ একটা অংশ হল ট্রয়ের যুদ্ধ। ট্রয়ের যুদ্ধের শুরুটা হয়েছিলো তিনজন গ্রিক দেবীর মধ্যে ঝগড়ার কারণে। দেবী তিনজন হলেন এথেনা, হেরা এবং আফ্রোদিতি। ইনাদের মধ্যে আবার ঝগড়া লাগিয়েছিলেন আরেক দেবী 'এরিস'। ঝগড়া বাঁধানোর কারণটাও যুক্তিযুক্ত - এরিস হলেন ঝগড়া আর বিশৃঙ্খলার দেবী। তিনি একটা সোনালী আপেল দিয়েছিলেন এই তিন দেবীকে, যাকে মাঝে মধ্যে 'বিশৃঙ্খলার আপেল' হিসেবে উল্লেখ করা হয় এবং যার গায়ে খোদাই করা ছিল এই বাক্যটি 'শ্রেষ্ঠ সুন্দরীর জন্য'। ফলে তিনজন দেবীর প্রত্যেকেই নিজেকে এই আপেলের দাবীদার বলতে লাগলেন। দেবতারা কেউ তিন দেবীর রূপ বিচারের সাহস পেলেন না। বাধ্য হয়ে জিউস সুন্দরীতমা নির্বাচনের ভার দিলেন ট্রয় নগরীর রাজপুত্র প্যারিসকে, যিনি ছিলেন আপদমস্তক একজন মানুষ। প্যারিস আফ্রোদিতিকে সবচেয়ে সুন্দরী বললেন এবং বিনিময়ে উপহার হিসেবে আফ্রোদিতির কাছ থেকে পেলেন জগতের শ্রেষ্ঠ সুন্দরীর ভালোবাসা। সে সময় সবচেয়ে সুন্দরী মানবী ছিলেন হেলেন, যিনি ছিলেন গ্রিসের স্পার্টার রাজা মেনেলাসের স্ত্রী। যুদ্ধটা শুরু হয়েছিলো যখন প্যারিস হেলেনকে নিয়ে ট্রয়ে পালিয়ে আসেন। মেনেলাস তার ভাই 'মাইসিনে' রাজ্যের রাজা আগামেমননকে আহ্বান করলেন যুদ্ধে যাওয়ার জন্য, হেলেনকে ফিরিয়ে আনার জন্য। আগামেমনন তার অ্যাশিয়ান দল নিয়ে রওনা দিলেন ট্রয়ের উদ্দেশ্যে। প্রায় দশ বছর ধরে আগামেমননের সৈন্যবাহিনী চারদিক দিয়ে ট্রয় নগরীকে ঘিরে রাখলো। রক্তক্ষয়ী সেই যুদ্ধে মারা গেলেন অ্যাশিয়ান্স বীর অ্যাকিলিস, অ্যাজাক্স এবং ট্রোজান বীর প্যারিস ও তার ভাই হেক্টর। একসময় গ্রিক যোদ্ধারা 'ট্রোজান হর্স' নামক একটি চাতুরীর আশ্রয় নিলো ট্রয় নগরীতে ঢোকার জন্য। ট্রোজানরা সাধারণ কাঠের ঘোড়া ভেবে 'ট্রোজান হর্স' কে ঢুকতে দিয়েই করে বসলো সবচেয়ে বড় ভুল।

এই কাহিনী এতোটাই মনোমুগ্ধকর এবং রোমাঞ্চকর যে, গ্রিক সাহিত্য কিংবা রোমান সাহিত্যের একটি উল্লেখযোগ্য স্থান দখল করে আছে ট্রয়ের যুদ্ধ। বিশেষ করে মহাকবি হোমারের দুটো মহাকাব্য ইলিয়াড, ওডিসির মাধ্যমে এই রোমান্টিক ট্র্যাজেডি অমর হয়ে আছে। প্রাচীনকালে গ্রিসবাসীরা বিশ্বাস করতেন, ট্রয়ের যুদ্ধে একটা ঐতিহাসিক সত্য কাহিনী। তারা ভাবতেন, ঘটনাটি ঘটেছিলো খ্রিস্টপূর্ব ১৩০০ বা ১২০০ অব্দে। অনেকে ভাবতেন, ট্রয় নগরী বা ট্রয়ের যুদ্ধ- উভয়ই বিষয়ই নিছক গল্পগাঁথা। কিন্তু ট্রোজান যুদ্ধের কাহিনী জনপ্রিয় হয়ে উঠে যখন ১৮৬৮ সালে হেইনরিখ শ্লিম্যান এবং ফ্রাঙ্ক ক্যালভার্ট নামক দুজন প্রত্নতাত্ত্বিক তুরস্কের হিসার্লিক অঞ্চলে ট্রয় নগরী খুঁজে পান।

দর্শন

গ্রিকদের সবচেয়ে বড় অবদান ছিল দর্শন চর্চায়। প্রথম দিকের বিখ্যাত দার্শনিক ছিলেন থ্যালেস। থ্যালেস কল্পকাহিনীর বদলে প্রথম সূর্যগ্রহণের প্রাকৃতিক কারণ ব্যাখ্যা করেন। ধীরে ধীরে গ্রিসে এক ধরনের যুক্তিবাদী দার্শনিকের আবির্ভাব ঘটে। এঁদের বলা হতো *সফিস্ট*। প্রোতাগোরাস ছিলেন সফিস্ট সম্প্রদায়ের সবচেয়ে প্রাচীন বিখ্যাত গ্রিক দার্শনিক। সৃষ্টির অজানা রহস্য নয়, বরং মানুষকে মানদণ্ড বিবেচনা করে সে আলোকে দর্শনের আলোচনা ও ভাষাবিজ্ঞানে অবদানের জন্য সুবিখ্যাত হয়ে আছেন। তিনি বিশ্বাস করতেন, 'Man is the measure of all things'।


Socrates	Plato	Aristotle
শিক্ষক →	ছাত্র	
	শিক্ষক →	ছাত্র

সক্রেটিস ছিলেন গ্রিসের দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান। অন্যায় শাসনের প্রতিবাদ করায় গ্রিসের শাসক গোষ্ঠী ৩৯৯ খ্রিস্টপূর্বাব্দে এ মহান দার্শনিককে হেমলক লতার তৈরি বিষ খাইয়ে হত্যা করে। মৃত্যুর পূর্বে তাঁর শেষ বাক্য ছিল, 'Crito, I owe a cock to Asclepius, will you remember to pay the debt?' ("ক্রিটো, অ্যাসক্লেপিয়াস আমাদের কাছে একটি মোরগ পায়, তার ঋণ পরিশোধ করতে ভুলো না যেন")। অ্যাসক্লেপিয়াস হচ্ছে গ্রিকদের আরোগ্য লাভের দেবতা। সক্রেটিসের শেষকথা থেকে বোঝা যায়, তিনি বুঝাতে চেয়েছিলেন মৃত্যু হলো আরোগ্য এবং দেহ থেকে আত্মার মুক্তি। সক্রেটিসকে 'সব জ্ঞানীদের গুরু' বলা হয়। সক্রেটিসের বিখ্যাত উক্তি-

- *Know thyself.*
- *Slanderers do not hurt me because they do not hit me.*
- *Education is the kindling of a flame, not the filling of a vessel.*
- *I die, you to live- which is better only God knows.*
- *An unexamined life is not worth living.*
- Knowledge is virtue *(জ্ঞানই পূণ্য).*

সক্রেটিসের ছাত্র দার্শনিক প্লেটো গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে নিয়ে যান। তিনি তাঁর চিন্তাগুলো ধরে রাখেন 'দি রিপাবলিক' নামক গ্রন্থ রচনা করে। প্লেটো ৩৮৫ খ্রিস্টপূর্বাব্দে দর্শনের স্কুল 'Akademia' প্রতিষ্ঠা করেন। তিনি সক্রেটিসের শিক্ষার বক্তব্যগুলো নিয়ে 'ডায়ালগস অব সক্রেটিস' নামে আরেকটি গ্রন্থ রচনা করেন। প্লেটোর বিখ্যাত উক্তি-

- *Virtue is Knowledge and Education is the main thing to acquire virtue*

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

প্লেটোর ছাত্র এরিস্টটলও একজন বড় দার্শনিক ছিলেন। তাঁর একটি বিখ্যাত গ্রন্থের নাম 'পলিটিক্স'। তিনি 'লাইসিয়াম'-এর প্রতিষ্ঠাতা। এরিস্টটল আলেকজান্ডারের গৃহশিক্ষক ছিলেন। এরিস্টটলের উক্তি-

- *মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব।*
- *যে ব্যক্তি সমাজে বাস করেনা সে হয় দেবতা না হয় পশু।*
- *আইন হল পক্ষপাতহীন যুক্তি।*
- *সংবিধান হচ্ছে রাষ্ট্র কর্তৃক মনোনীত পূর্ণাঙ্গ জীবন বিধান।*
- *বল, শক্তি এবং লোভ লালসা মানুষের মধ্যে জন্মগতভাবে অসমভাবে বণ্টিত।*
- *রাষ্ট্র হল পরিবারের সম্প্রসারিত ফল।*
- *মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি।*

গ্রিক সাহিত্য

অন্ধ গ্রিক মহাকবি হোমার হাজার হাজার বছরের পুরোনো কাহিনী নিয়ে রচনা করেন মহাকাব্য ***Iliad*** (ইলিয়াড) এবং ***Odyssey*** (ওডিসি)। তাঁকে 'অন্ধ পাখি' বলা হয়।



গ্রিক মহাকবি হোমার

গ্রিসের সবচেয়ে জনপ্রিয় নাট্যকার ছিলেন 'এস্কাইলাস'। তাঁর বিখ্যাত দুইটি নাটকের নাম 'প্রমেথিউস বাউন্ড' ও 'আগামেমনন'। নাট্যকার সফোক্লিস একশটিরও বেশি নাটক লেখেন। এর মধ্যে জনপ্রিয় দুইটি হচ্ছে 'এন্টিগনে' ও 'ইলেক্ট্রা'। নাট্যকার সফোক্লিসের বিখ্যাত ট্রাজেডি 'রাজা ইডিপাস'। ইউরিপিদিস ছিলেন একজন প্রসিদ্ধ গ্রিক ধ্রুপদী নাট্যকার। তাঁর আলোচিত নাটক ওরেস্তেস।

ইতিহাস রচনার ক্ষেত্রেও সমান কৃতিত্ব ছিল গ্রিকদের। গ্রিক ইতিহাসবেত্তা হেরোডটাসকে ইতিহাসের জনক বলা হয়। তিনি আনুমানিক ৪৮৪ খ্রিস্টপূর্বে বর্তমান তুরস্কের বোদরামে জন্মগ্রহণ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Histories'। ৪৯০ খ্রিস্টপূর্বাব্দে সংঘটিত গ্রিক-পারসিকদের যুদ্ধের কাহিনী এ গ্রন্থে বর্ণিত হয়েছে। গ্রিসের অন্য খ্যাতিমান ইতিহাসবিদ ছিলেন 'থুসিডাইডিস'। তাঁকে বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয়।

বিজ্ঞান

গ্রিক বিজ্ঞানীরা প্রথম পৃথিবীর মানচিত্র অঙ্কন করেছিলেন। গ্রিক দার্শনিক আনাক্সিমান্ডোস সর্বপ্রথম পৃথিবীর মানচিত্র অঙ্কন করেন। তারাই প্রথম প্রমাণ করেছিলেন যে পৃথিবী একটি গ্রহ এবং তা নিজ কক্ষপথে আবর্তিত হয়। বিখ্যাত গ্রিক গণিতবিদ 'পিথাগোরাস' খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকে জন্ম নিয়েছিলেন। খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে জন্ম নেন বিজ্ঞানী এনাক্সাগোরাস'। চিকিৎসাবিজ্ঞানী হিপোক্রেটিস যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন।

খেলাধুলা

খ্রিস্টপূর্ব ৭৭৬ অব্দে গ্রিসে অলিম্পিক প্রতিযোগিতার জন্ম হয়। প্রতি চার বছর অন্তর এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হতো। বিভিন্ন নগর রাষ্ট্রের খেলোয়াড়রা অংশ নিত। এ খেলার সূত্র ধরে পারস্পরিক শত্রুতার বদলে গ্রিকদের মধ্যে সাংস্কৃতিক ঐক্য গড়ে উঠে।

স্থাপত্য ও ভাস্কর্য

কয়েকজন খ্যাতিমান গ্রিক ভাস্কর হচ্ছেন মাইনর, ফিদিয়াস এবং প্রাকসিটেলেস। প্রাচীন গ্রিসে মৃৎপাত্রের গায়ে চিত্রকর্ম অঙ্কন করা হতো। গ্রিক স্থাপত্যের উদাহরণ হিসেবে মন্দির পার্থেনন, এথেন্সের দেবী এথেনার মন্দির ইত্যাদি উল্লেখযোগ্য।

MCQ Solution

১. **'গ্রিক' ও 'গ্রিস' শব্দ দুটি যথাক্রমে -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক দেশ ও জাতি খ জাতি ও দেশ
গ দুটি দেশ ঘ জন্তু ও দেশ **উত্তর: খ**

২. **The term 'Agora' means ancient -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
ক Greek market খ Roman market
গ Roman Stadium ঘ Greek theater **উত্তর: ক**

৩. **প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল কোন সাগরকে কেন্দ্র করে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট জোড়) : ১৩-১৪]
ক ভূমধ্যসাগর খ কাস্পিয়ান
গ বাল্টিক সাগর ঘ লোহিত সাগর **উত্তর: ক**

৪. **নগর রাষ্ট্রের প্রচলন ছিল কোথায়?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D) : ১১-১২]
ক ব্যাবিলন খ মেসোপটেমিয়া
গ গ্রিস ঘ মিশর **উত্তর: গ**

৫. **পার্থা কোন দেশের নগর ছিল?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ইউনিট C (অর্থনীতি) : ০৮-০৯]
ক এথেন্স খ প্রাচীন গ্রীস
গ প্রাচীন ইতালী ঘ প্রাচীন রোম **উত্তর: খ**

৬. **ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে কোন দুটি সংস্কৃতির নাম জড়িত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ক হেলেনিক ও মিনায় খ হেলেনিক ও হেলেনিস্টিক
গ এচিয়ান ও হেলেনিস্টিক ঘ মিনীয় ও এচিয়ান **উত্তর: খ**

৭. **হেলেনীয় সভ্যতার দেশ কোনটি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৫-১৬/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট বি, বিজোড়) : ১৩-১৪]
ক ইরাক খ সিরিয়া
গ গ্রিস ঘ মিশর **উত্তর: গ**

৮. **গ্রিক সৌন্দর্য দেবী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
ক এথেনা খ ভেনাস
গ হেলেনা ঘ আফ্রেদিতি **উত্তর: ঘ**

৯. **গ্রিক দেবতার মূর্তি কোনটি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭]
ক নেফের তিতি খ মিথুন
গ এপোলো ঘ মাইকেরী নূস **উত্তর: গ**

১০. **নিচের কাকে গ্রিকদের 'ফার্টিলিটির দেবী' বলা হয়?** [মেডিকেল : ০৯-১০]
ক সিরেস খ এরিস
গ অ্যাজটেক ঘ আরটেমিস **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১১. গ্রিক পুরাণে 'ভালবাসার দেবতা' কে ছিলেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
ক আফ্রোডাইট খ এথেনা
গ হেরা ঘ ভেনার উত্তর: ক

১২. ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী কোথায়? [১৯তম বিসিএস/ ১০ম বিসিএস/ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি বাড়ি এবং খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী : ১৭ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮/ বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক গ্রিসে খ ইটালিতে
গ তুরস্কে ঘ স্পেনে উত্তর: গ

১৩. সফিস্ট সম্প্রদায়ের উদ্ভব হয়েছে কোন দেশে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৯-১০]
ক ভারত খ ইংল্যান্ড
গ গ্রিস ঘ মিশর উত্তর: গ

১৪. "Man is the measure of all things" উক্তিটি কার? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক প্রোটাগোরাস খ জর্জিয়াস
গ স্বামী বিবেকানন্দ ঘ আল্লামা ইকবাল উত্তর: ক

১৫. 'সব জ্ঞানীদের গুরু' কাকে বলা হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ- ১ ইউনিট) : ১৩-১৪]
ক প্লেটো খ রুশো
গ সক্রেটিস ঘ মন্টেস্কু উত্তর: গ

১৬. কে বয়োজ্যেষ্ঠ? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৪-১৫]
ক আলেকজান্ডার খ সক্রেটিস
গ প্লেটো ঘ এ্যারিস্টটল উত্তর: খ

১৭. সক্রেটিসকে হেমলক পানে হত্যা করা হয়- [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক : ০৯]
ক সেন্ট হেলেনায় খ গ্রিসে
গ রোমে ঘ ফ্রান্সে উত্তর: খ

১৮. Whose dying words were, 'Crito, I owe a cock to Asclepius, will you remember to pay the debt?' [উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ⓐ Aristotle ⓑ Plato
ⓒ Socrates ⓓ Aristotle Onassis Ans. c

১৯. 'Know thyself' is written by- [SESDP এর প্রোগ্রাম গবেষণা কর্মকর্তা : ১৫]
ⓐ Aristotle ⓑ Plato
ⓒ Socrates ⓓ Homer Ans. c

২০. Who said- "An unexamined life is not worth living"? [Standard Bank Ltd. Probationary Officer: 10/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই- ইউনিট) : ০৮-০৯ / আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ৯৫]
ⓐ Aristotle ⓑ Plato
ⓒ Socrates ⓓ Zeno Ans. c

২১. 'জ্ঞানই পূণ্য'- কে বলেছেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক প্লেটো খ অ্যারিস্টটল
গ সক্রেটিস ঘ হেগেল উত্তর: গ

২২. 'Knowledge is virtue'- উক্তিটি কার? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮]
ক সক্রেটিস খ প্লেটো
গ এরিস্টটল ঘ নেপোলিয়ন উত্তর: ক

২৩. প্লেটো কোন দেশে জন্মগ্রহণ করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ক ইতালি খ অস্ট্রিয়া
গ গ্রিস ঘ ফ্রান্স উত্তর: গ

২৪. Plato was a citizen of - [Bangladesh Bank Senior Officer : 06/ Mercantile Bank Ltd. Officer : 06]
ⓐ France ⓑ Greece
ⓒ Germany ⓓ USA
ⓔ None of these Ans. b

২৫. প্লেটোর শিক্ষক কে ছিলেন? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৩-১৪]
ক এরিস্টটল খ সোলন
গ আলেকজান্ডার ঘ সক্রেটিস উত্তর: ঘ

২৬. Academy was established by- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]
ক Socrates খ Plato
গ Aristotle ঘ Rousseau উত্তর: খ

২৭. 'দ্যা রিপাবলিক' গ্রন্থের প্রণেতা কে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ১৭-১৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-১ ইউনিট) : ১৬-১৭]
ক প্লেটো খ এরিস্টটল
গ হেরাক্লিটাস ঘ সক্রেটিস উত্তর: ক

২৮. দার্শনিক প্লেটো রচিত বিখ্যাত পুস্তকের নাম- [বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট : ৮৮]
ক দি প্রিন্স খ দি পলিটিক্স
গ দি গড ফাদার ঘ দি রিপাবলিক উত্তর: ঘ

২৯. 'দার্শনিক রাজা'র শাসনের কথা কে বলেছেন? [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ইউনিট D: ১৫-১৬]
ক সক্রেটিস খ প্লেটো
গ অ্যারিস্টটল ঘ রুশো উত্তর: খ

৩০. বীর আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫ / কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬]
ক সফোক্লিস খ সক্রেটিস
গ এরিস্টটল ঘ প্লেটো উত্তর: গ

৩১. মহাবীর আলেকজান্ডার কোন শহরে মৃত্যুবরণ করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক ব্যাবিলন খ থেসালোনিকি
গ আঙ্কারা ঘ এথেন্স উত্তর: ক

৩২. 'লজিক' বা 'তর্কশাস্ত্রের' জন্ম হয়েছে - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ক পোল্যান্ডে খ ইংল্যান্ডে
গ জার্মানিতে ঘ গ্রিসে উত্তর: ঘ

৩৩. যুক্তিবিদ্যার জনক - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]
ক জন স্টুয়ার্ট মিল খ জেরেমি বেনথাম
গ আই. এম. কপি ঘ এরিস্টটল উত্তর: ঘ

৩৪. লাইসিয়াম প্রতিষ্ঠা করেন– [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট বিজোড়) : ১৩-১৪]
ক সক্রেটিস খ প্লেটো
গ এরিস্টোটল ঘ আলেকজান্ডার দ্যা গ্রেট উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৩৫. 'দ্যা পলিটিক্স' গ্রন্থের লেখক- [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক এরিস্টটল খ সক্রেটিস
গ প্লেটো ঘ ম্যাকিয়াভেলী উত্তর: ক

৩৬. "যে সমাজে বাস করে না সে হয় পশু না হয় দেবতা।" উক্তিটি কার? [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D) : ১১-১২]
ক প্লেটো খ এরিস্টটল
গ জনলক ঘ রুশো উত্তর: খ

৩৭. "Man is a political animal"- who said this? [৩৬তম বিসিএস]
Or,
"মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব-" উক্তিটি কার? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬]
ক Dante খ Plato
গ Aristotle ঘ Socrates উত্তর: গ

৩৮. মানুষ কি ধরনের জীব? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট-১) : ১৫-১৬]
ক সামাজিক ও রাজনৈতিক খ রাজনৈতিক ও অর্থনৈতিক
গ ঐতিহাসিক ও অর্থনৈতিক ঘ রাজনৈতিক ও ঐতিহাসিক উত্তর: ক

৩৯. 'মানুষ সামাজিক জীব' - এ কথাটি কে বলেছেন? [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট উ) : ১২-১৩ / কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪]
ক ম্যাকাইভার খ এরিস্টটল
গ রুশো ঘ হবস উত্তর: খ

৪০. 'মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি'- কে বলেছেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক আলেকজান্ডার খ সক্রেটিস
গ প্লেটো ঘ এরিস্টটল উত্তর: ঘ

৪১. গ্রিসের দার্শনিক নন- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১২-১৩ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক অ্যারিস্টটল খ প্লেটো
গ সক্রেটিস ঘ ভলটেয়ার উত্তর: ঘ
ব্যাখ্যা : ভলটেয়ার ছিলেন ফরাসি দার্শনিক।

৪২. কোন তিনজন দার্শনিককে Wise men of the old বলা হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৫-১৬]
ক প্লেটো, এরিস্টটল ও ম্যাকিয়াভেলি খ সক্রেটিস, প্লেটো ও অগাস্টিন
গ হবস, লক ও রুশো ঘ সক্রেটিস, প্লেটো ও এরিস্টটল উত্তর: ঘ

৪৩. প্রাচীন গ্রিসের অন্ধ মহাকবির নাম কি? [সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগামার : ১৬]
ক হোমার খ দান্তে
গ সফোগক্লিস ঘ দ্যা ভিঞ্চি উত্তর: ক

৪৪. হোমার কোন ভাষার কবি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-১ ইউনিট) : ১৬-১৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪]
ক ইংরেজি খ ল্যাটিন
গ স্প্যানিশ ঘ গ্রিক উত্তর: ঘ

৪৫. হোমারের মহাকাব্যের নাম কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৭-১৮/ গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ক ইলিয়ড খ ওডিসি
গ ইনিট ঘ ইডিপাস উত্তর: ক খ

৪৬. The famous book (epic) '*Odyssey*' is written by -/ বিখ্যাত গ্রন্থ 'ওডিসি' এর রচয়িতা- [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩/ ICB Officer: 11/ Pubali Bank Ltd. Officer : 09]
ⓐ Shakespeare ⓑ Homer
ⓒ Keats ⓓ Bayron Ans. b

৪৭. '*Iliad*' was written by whom?/ 'ইলিয়াড' এর রচয়িতা কে? [Dhaka Bank Ltd. MTO : 04]
ⓐ Milton ⓑ Tennyson
ⓒ Shakespeare ⓓ Homer Ans. d

৪৮. যে শব্দযুগল পরস্পর-সম্পর্কিত নয় - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]
ক সক্রেটিস ও দর্শন খ টলেমি ও ভূগোল
গ হোমার ও উপন্যাস ঘ ইউক্লিড ও জ্যামিতি উত্তর: গ

৪৯. প্রাচীন গ্রিক নাট্যকার - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১২-১৩]
ক রাসিন খ সফোক্লিস
গ মার্লো ঘ সেনেকা উত্তর: খ

৫০. সফোক্লিস কোন দেশের নাট্যকার? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৭ ইউনিট : সেট ১ : শিফট ৩) : ১৫-১৬]
ক ফ্রান্স খ গ্রিস
গ ইতালি ঘ জার্মানি উত্তর: খ

৫১. সফোক্লিস রচিত নাটক কোনটি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১০-১১]
ক দি বার্ডস খ মিডিয়া
গ ইলেক্ট্রা ঘ আগামেনন
ঙ কারমাজিওন উত্তর: গ

৫২. 'ইদিপাস' কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৪-১৫]
ক সামুদ্রিক প্রাণী খ উপন্যাস
গ জলজ প্রাণী ঘ নাটক উত্তর: ঘ

৫৩. 'রাজা ঈদিপাস' নাটকের রচিয়তা- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ক সফোক্লিস খ শেক্সপিয়ার
গ মলিয়েঁর ঘ টমাস কীড উত্তর: ক

৫৪. গ্রিক নাট্যকার কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৮) : ১৬-১৭]
ক টি. এস. এলিয়ট খ তেরেন্স
গ ইউরিপিদিস ঘ স্যামুয়েল বেকেট উত্তর: গ

৫৫. হেরোডটাস- এর জন্মভূমি- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১৪-১৫]
ক ইতালি খ গ্রিস
গ স্পেন ঘ মিশর উত্তর: খ
ব্যাখ্যা : হেরোডটাস -এর জন্ম তৎকালীন এশিয়া মাইনরের কারিয়া অঞ্চলের হ্যালিকারনাসাস শহরে, যার বর্তমান নাম 'বোদরাম'। এটি বর্তমান তুরস্কে অবস্থিত।

৫৬. ইতিহাসের জনক বা পিতা কে?- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
Or,
Who is considered as father of history? [খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০২-০৩]
ক যুসিডাইজিস খ হেরোডোটাস
গ এরিস্টটল ঘ টয়েনবি উত্তর: খ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৫৭. **বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক** - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক হেরোডোটাস খ থুকি-ডাইডিস
গ লিভি ঘ কার্ল মার্ক্স **উত্তর: খ**

৫৮. **History কোন ভাষা থেকে উৎপত্তি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাব রক্ষক : ১১]
ক ইংরেজি খ ল্যাটিন
গ গ্রিক **উত্তর: গ**

৫৯. **'Histories' গ্রন্থটি লেখা হয়** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ক মধ্যযুগে খ আধুনিকযুগে
গ প্রাচীনযুগে ঘ রেনেসাঁযুগে **উত্তর: গ**

৬০. **'Histories' গ্রন্থ লিখেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
ক একজন গ্রিক খ একজন পারসিক
গ একজন ইংরেজ ঘ একজন ভারতীয় **উত্তর: ক**

৬১. **'Histories' গ্রন্থের বিষয়বস্তু** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ক পিলোপনেসিয়া যুদ্ধ খ গ্রিক-পারসিক যুদ্ধ
গ এথেন্স স্পার্টা যুদ্ধ ঘ গ্রিক-রোমান যুদ্ধ **উত্তর: খ**

৬২. **পৃথিবীর মানচিত্র প্রথম কারা অঙ্কন করেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
Or,
Who constructed the first map of the world? [খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৫-০৬]
ক মিশরীয়রা খ রোমানরা
গ গ্রিকরা ঘ ভারতীয়রা **উত্তর: গ**

৬৩. **অলিম্পিক প্রতিযোগিতার জন্ম কোন দেশে?** [Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer: 99]
ক ইংল্যান্ড খ ইতালি
গ গ্রিস ঘ স্পেন **উত্তর: গ**

৬৪. **প্রথমে অলিম্পিক খেলা কোথায় শুরু হয়েছিল?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ক রোমে খ গ্রিসে
গ মিশরে ঘ ইতালিতে **উত্তর: খ**

৬৫. **গ্রিসে কখন প্রথম অলিম্পিক খেলা শুরু হয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৩-০৪/ ইসলামী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ক খ্রিস্টপূর্ব ৪০০০ খ খ্রিস্টপূর্ব ৭৬৬
গ খ্রিস্টপূর্ব ৭৭৬ ঘ খ্রিস্টপূর্ব ৩৯৯ **উত্তর: গ**

৬৬. **প্রাচীন গ্রিসে চিত্রকর্ম অঙ্কন করা হতো–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫]
ক প্যাপিরাসে খ মৃৎপাত্রের গায়ে
গ কাঠের ওপর ঘ কাপড়ের ওপর **উত্তর: খ**

৬৭. **'পার্থেনন' কি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি২ ইউনিট) : ১০-১১]
ক গীর্জা খ মন্দির
গ প্রসাদ ঘ স্মৃতিসৌধ
ঙ বিহার **উত্তর: খ**

রোমান সভ্যতা
The Roman Civilization

প্রাচীনকালের অধিকাংশ সভ্যতা নদীমাতৃক হলেও রোমান সভ্যতা নদীমাতৃক ছিল না। ইতালির পশ্চিমাংশে অবস্থিত ছোট্ট শহর রোমকে কেন্দ্র করে রোমান সভ্যতার বিকাশ ঘটেছিল। ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীর একদল মানুষ ২০০০ খ্রিস্টপূর্বাব্দে উত্তর ইতালিতে বসতি গড়ে তোলে। এদের বলা হত ল্যাটিন। ক্রমে এদের ভাষা 'ল্যাটিন ভাষা' নামে পরিচিতি পায়। ল্যাটিন রাজা রোমিউলাস একটি নগরীর পত্তন করেন। রাজার নামেই নগরীর নাম হয় রোম। দাসশ্রমের উপর নির্ভরশীল ছিল রোমের অর্থনীতি। দাসদের উপর অমানবিক অত্যাচার করা হত। অবশেষে স্পার্টাকাস নামক একজন দাসের নেতৃত্বে সংঘটিত হয় দাস বিদ্রোহ। বিদ্রোহী দাসরা দুই বছর দক্ষিণ ইতালিতে টিকে ছিল। স্পার্টাকাস ৭১ খ্রিস্টপূর্বাব্দে নিহত হলে দাস বিদ্রোহের অবসান হয়।


জুলিয়াস সিজার

রোমের সবচেয়ে খ্যাতিমান সম্রাট ছিলেন জুলিয়াস সিজার। তিনি ৪৬ খ্রিস্টপূর্বাব্দে রোমের সম্রাট হন। তাঁর বিখ্যাত উক্তি 'এলাম, দেখলাম, জয় করলাম'। কিন্তু রোমে ক্ষমতার দ্বন্দ্ব ও ষড়যন্ত্র প্রবল হতে থাকলে ব্রুটাস ও ক্যাসিয়াস নামের দুই অভিজাতের হাতে জুলিয়াস সিজার নিহত হন। এবার গৃহযুদ্ধে জড়িয়ে পড়ে রোম। অবশেষে তিন নেতা একযোগে ক্ষমতায় আসেন। এরা হলেন অক্টেভিয়াস সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস। এ তিনজনের একত্র শাসনকে ইতিহাসে 'ত্রয়ী শাসন' বলা হয়। ত্রয়ী শাসন বেশিদিন টেকেনি। অক্টেভিয়াস সিজার প্রথমে পরাজিত করেন লেপিডাসকে। এন্টনি মিশরের রাজকন্যা ক্লিওপেট্রা-কে বিয়ে করে শক্তি সঞ্চয় করেছিলেন। ক্লিওপেট্রাকে ইতিহাসে Serpent of the Nile (নীল নদের সর্প) নামে পরিচিত। কিন্তু তিনিও পরাজিত হন অক্টেভিয়াস সিজারের হাতে।

এভাবে রোমান সাম্রাজ্যের একচ্ছত্র অধিপতি হয়ে অক্টেভিয়াস সিজার অগাস্টাস সিজার উপাধি গ্রহণ করেন। অগাস্টাস সিজারের রাজত্বকালের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল খ্রিস্টধর্মের প্রবর্তক যীশুখ্রিস্টের জন্ম। অগাস্টাস সিজার ১৪ সালে মারা যান। ৪৭৬ খ্রিস্টাব্দে রোমান সাম্রাজ্যের পতন হয়। শেষ রোমান সম্রাট ছিলেন রোমিউলাস অগাস্টুলাস।

দর্শন

রোমের সবচেয়ে জনপ্রিয় দার্শনিক মতবাদের নাম 'স্টোয়িকবাদ'। এ দর্শনের উন্নয়নের পিছনে তিন ব্যক্তির বিশেষ ভূমিকা ছিল। এরা ছিলেন ধনী রোমান 'সেনেকা', অন্যজন এক দাস 'এপিকটেটাস' এবং শেষ ব্যক্তিত্ব হলেন রোমান সম্রাট 'মার্কাস অরেলিয়াস'।

সাহিত্য

এ যুগের কবি হোরাস ও ভার্জিল যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন। ভার্জিলের মহাকাব্য 'ইনিড' গ্রন্থাকারে অনূদিত হয়েছে। ওভিদ ও লিভি এ যুগের অন্য দুই খ্যাতিমান কবি। বিখ্যাত ইতিহাসবিদ [illegible] এ সময় রোম জন্ম নিয়েছিলেন।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

স্থাপত্য ও ভাস্কর্য

রোমের একটি বিখ্যাত স্থাপত্য নিদর্শন হচ্ছে সম্রাট হার্ডিয়ানের তৈরি ধর্মমন্দির প্যানথিয়ন (Pantheon)। প্যানথিয়ন মন্দিরের গম্বুজ আজ থেকে দুই হাজার বছর পূর্বে নির্মাণ করা হলেও এটি বিশ্বের মধ্যে বৃহত্তম বৃষ্টিরোধক কংক্রিটের গম্বুজ হিসেবে আজও টিকে আছে। কলোসিয়াম নামে রোমে তৎকালীন বিশ্বের সবচেয়ে বড় নাট্যশালা তৈরি হয়েছিল। এখানে একসাথে ৫৬০০ দর্শক বসতে পারত।

আইন

রোমানদের সবচেয়ে বড় কৃতিত্ব আইনের ক্ষেত্রে। বার্জেন্টাইন সম্রাট জাস্টিনিয়ান সর্বপ্রথম সম্পূর্ণ রোমান আইন সংকলিত করেন। আইনের ক্ষেত্রে আধুনিক বিশ্ব সম্পূর্ণভাবে রোমান আইনের উপর নির্ভরশীল।

MCQ Solution

১. **কোনটি নদীমাতৃক সভ্যতা নয়?** [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক সিন্ধু খ ব্যাবিলনীয়
গ রোমান ঘ চৈনিক **উত্তর: গ**

২. **'জুলিয়াস সিজার' কেন বিখ্যাত?** [৩২তম বিসিএস/ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক : ১৭ / ইসলামী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ক রোমান সম্রাট হিসেবে খ বর্ণবাদ বিরোধী হিসেবে
গ বৃটেনের রাজা হিসেবে ঘ আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে **উত্তর: ক**

৩. **Julius Caesar was the ruler of Rome about..... years ago./ জুলিয়াস সিজার ..... বছর পূর্বে রোমের শাসক ছিলেন।** [28th BCS]
ⓐ 1000 ⓑ 1500
ⓒ 2000 ⓓ 3000 **Ans. c**

৪. **'এলাম, দেখলাম, জয় করলাম' কথাটি বলেছেন--** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭/ পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক আলেকজান্ডার খ জুলিয়াস সিজার
গ নেপোলিয়ন ঘ হিটলার **উত্তর: খ**

৫. **ক্লিওপেট্রা কোন দেশের রানী ছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ৩) : ১৪-১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ১৪]
ক ইতালি খ গ্রীস
গ ইংল্যান্ড ঘ মিশর **উত্তর: ঘ**

৬. **"The city of God" গ্রন্থের রচয়িতা কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি-১ ও ডি-২ ইউনিট) : ১৫-১৬]
ক সেইন্ট অগাস্টিন খ সেন্ট টমাস অ্যাকিনস
গ হেরাক্লিটাস ঘ এপিকিউরাস **উত্তর: ক**

৭. **'সার্পেন্ট অব দি নাইল' নামে পরিচিত কে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]
ক মার্গারেট থ্যাচার খ রানী ক্লিওপেট্রা
গ রানী প্রথম এলিজাবেথ ঘ ফ্লোরেন্স নাইটিঙ্গেল **উত্তর: খ**

৮. **প্রাচীনযুগে নগর রাষ্ট্র কোথায় ছিল?** [মাধ্যমিক সহকারী শিক্ষক : ৯৮]
ক গ্রেট ব্রিটেনে খ প্রাচীন গ্রিস ও রোমে
গ আমেরিকায় ঘ জার্মানিতে **উত্তর: খ**

৯. **'ইনিড' কে লিখেছেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক হোমার খ ট্যাসো
গ মিল্টন ঘ ভার্জিল **উত্তর: ঘ**

১০. **রোমানদের ভালবাসার দেবী কে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট; সেট-বি) : ১১-১২]
ক জুনো খ ভেনাস
গ ডায়না ঘ মায়া **উত্তর: খ**

১১. **'Pantheon' is -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ক Mexican খ Assyrian temple
গ Roman temple ঘ Greek temple **উত্তর: গ**

১২. **গম্বুজের ব্যবহার কোন প্রাচীন স্থাপত্যধারাকে অনেক বিস্তৃত ও উন্নত করে তুলেছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
ক গ্রিক খ মিশরীয়
গ চৈনিক ঘ রোমান **উত্তর: ঘ**

১৩. **'আকুয়াডাক্ট' কাদের সৃষ্টি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
ক গ্রিক খ রোমান
গ চৈনিক ঘ ভারতীয় **উত্তর: খ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

মধ্যযুগ

রাশিদুন খিলাফত : ৬৩২-৬৬১ খ্রি. (Khulfa-e-Rashideen)

ইসলামের প্রথম চার খলিফার শাসনকালকে রাশিদুন খিলাফত বলা হয়। এ সময় মুসলিম সাম্রাজ্যের রাজধানী ছিল মদিনায়।

১) হযরত আবুবকর সিদ্দিক (রা.) ছিলেন ইসলামের প্রথম খলিফা। ৬৩২ খ্রিস্টাব্দে তিনি খলিফা নির্বাচিত হন। হযরত মুহম্মদ (সা.) এর মৃত্যুর পর আরবের বিভিন্ন উপজাতি বিদ্রোহ ঘোষণা করে। হযরত আবু বকর (রা.) ৬৩২-৬৩৩ খ্রিষ্টাব্দে এ সকল আরব উপজাতির বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। এ সকল ধর্মসংক্রান্ত যুদ্ধকে রিদ্দা যুদ্ধ (Ridda wars) বলে। তিনি ভণ্ডনবীসহ এই সকল বিদ্রোহ কঠোর হস্তে দমন করেন। এজন্য তাঁকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়। তিনি 'বায়তুল মাল' প্রতিষ্ঠা করেন। ইসলামী রাষ্ট্রের কেন্দ্রীয় অর্থ তহবিল বা জাতীয় কোষাগারকে বায়তুল মাল বলে। ৬৩৪ খ্রিস্টাব্দে তিনি পরলোকগমণ করেন।

২) হযরত ওমর ইবনে আল খাত্তাব (রা.) ৬৩৪ খ্রিষ্টাব্দে খলিফা নির্বাচিত হন। হযরত ওমর (রা.) খুবই ন্যায়পরায়ণ ও শক্তিমান শাসক ছিলেন। এজন্য তাকে 'ওমর দ্য গ্রেট' বলা হয়। তাঁর সময়ে ইসলামী সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তৃতি লাভ করে। ৬৪৪ খ্রিষ্টাব্দে আততায়ীর হাতে শাহাদাত বরণ করেন।

৩) হযরত উসমান ইবনে আফ্ফান (রা.) ৬৪৪ খ্রিষ্টাব্দে ইসলামের তৃতীয় খলিফা নির্বাচিত হন। অধিকাংশ ঐতিহাসিকের মতে, হযরত ওসমান (রা.) সর্বপ্রথম ইসলামী মুদ্রার প্রচলন করেন। ৬৫৬ খ্রিষ্টাব্দে আততায়ীর হাতে শাহাদাত বরণ করেন।

৪) হযরত আলী ইবনে আবু তালিব (রা.) খোলাফায়ে রাশেদীনের সর্বশেষ খলিফা। শিশুদের মধ্যে তিনি সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন। ৬৬১ খ্রিষ্টাব্দে কুফায় আততায়ীর হাতে শাহাদাত বরণ করেন। ইরাকের নাজাফে তাঁর মাযার অবস্থিত।

MCQ Solution

১. **ইসলামের প্রথম খলিফা কে ছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮/ খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]
ক হযরত ওমর (রা:) খ হযরত আবু বকর (রা:)
গ হযরত আলী (রা:) ঘ হযরত ওসমান (রা:) **উত্তর: খ**

২. **ইসলামের ত্রাণকর্তা বলা হয় কাকে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক হযরত আবু বকর (রা:) খ হযরত ওমর (রা:)
গ হযরত ওসমান (রা:) ঘ হযরত আলী (রা:) **উত্তর: ক**

৩. **হযরত আবু বকর (রা.) কোন সালে খলিফা হন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক ৬৩২ খ্রিস্টাব্দে খ ৬৩৪ খ্রিস্টাব্দে
গ ৬৩৫ খ্রিস্টাব্দে ঘ ৬৩৬ খ্রিস্টাব্দে **উত্তর: ক**

৪. **'বায়তুল মাল' কে প্রতিষ্ঠা করেন?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক হযরত আবু বকর (রা:) খ হযরত ওমর (রা:)
গ হযরত ওসমান (রা:) ঘ হযরত আলী (রা:) **উত্তর: ক**

৫. **যাকাত বিরোধী আন্দোলন দমন করেন কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক হযরত আবু বকর (রা) খ হযরত ওমর (রা)
গ হযরত ওসমান (রা) ঘ হযরত আলী (রা) **উত্তর: ক**

৬. **রিদ্দা কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক স্থানের নাম খ ধর্মযুদ্ধ
গ ব্যক্তির নাম ঘ এক ধরনের ক্রীড়া **উত্তর: খ**

৭. **কোন খলিফার আমলে রিদ্দার যুদ্ধ সংঘটিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক হযরত আবু বকর খ হযরত ওমর
গ হযরত উসমান ঘ হযরত আলী **উত্তর: ক**

৮. **কোন খলিফার সময় ভণ্ডনবীদের আবির্ভাব হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ক হযরত আবু বকর (রা) খ হযরত ওমর (রা)
গ হযরত ওসমান (রা) ঘ হযরত আলী (রা) **উত্তর: ক**

৯. **ভণ্ড মহিলা নবী ছিলেন -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক মুসাইলামা খ মায়মুনা
গ হিন্দা ঘ সাজাহ্ **উত্তর: ঘ**

১০. **ভণ্ড নবীদের দমন করেন কে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ক হযরত আবু বকর খ হযরত ওমর
গ হযরত ওসমান ঘ হযরত ইমরান **উত্তর: ক**

১১. **আজনাদাইনের যুদ্ধ সংঘটিত হয় -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক ৬৩৮ সালে খ ৬৩৬ সালে
গ ৬৩৪ সালে ঘ ৬৫২ সালে **উত্তর: গ**

১২. **ইসলামের চার খলিফার মধ্যে স্বাভাবিক মৃত্যু ঘটে-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক হযরত আলীর (রা:) খ হযরত ওসমানের (রা:)
গ হযরত ওমরের (রা:) ঘ হযরত আবুবকরের (রা:) **উত্তর: ঘ**

১৩. **নিম্নের কে খুলাফায়ে রাশেদীনের একজন নন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক হযরত আলী খ উমর বিন আব্দুল আযীয
গ হযরত উমর বিন খাত্তাব ঘ উসমান বিন আফফান **উত্তর: খ**

১৪. **কোন খলিফার শাসনামলে মুসলিম সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তার লাভ করে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক হারুনুর রশিদ খ আল মামুন
গ হযরত উমর (রা:) ঘ আল ওয়ালিদ **উত্তর: গ**

১৫. **হযরত ওসমান ইসলামের ইতিহাসে কততম খলিফা -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৪-১৫]
ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

১৬. **কোন খলিফার আমলে আরব জাতীয়তাবাদ নীতি প্রবর্তিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক খলিফা হারুন খ খলিফা উমর
গ খলিফা উসমান ঘ খলিফা মনসুর **উত্তর: খ**

১৭. **সর্ব প্রথম ইসলামী মুদ্রা কে প্রচলন করেন?** [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক হযরত আবু বকর (রা:) খ হযরত ওমর (রা:)
গ হযরত ওসমান (রা:) ঘ হযরত আলী (রা:) **উত্তর: গ**

১৮. **কোন খলিফার সময়ে আদমশুমারির প্রবর্তন হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট বি) : ১৪-১৫]
ক হযরত আবুবকর সিদ্দিক (রা) খ হযরত ওমর (রা)
গ হযরত ওসমান (রা) ঘ হযরত আলী (রা) **উত্তর: খ**

১৯. **আলী (রাঃ) শহীদ হন** - [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট- বেলী): ০৩-০৪]
ক বসরায় খ মদীনায়
গ কুফায় ঘ মক্কায় **উত্তর: গ**

২০. **Where is the Mazar of Hazrat Ali (R) located?/ হযরত আলী (রা:) এর মাজার কোথায় অবস্থিত?** [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09]
ⓐ UAE ⓑ Saudi Arabia
ⓒ Moscow ⓓ Iraq
ⓔ None of these **Ans. d**

উমাইয়া খিলাফত : ৬৬১-৭৫০ খ্রি. (Umayyad Caliphate)

মুয়াবিয়া ইবনে আবু সুফিয়ান ছিলেন উমাইয়া খিলাফতের প্রতিষ্ঠাতা। তিনি প্রথম বংশানুক্রমিক খেলাফত প্রতিষ্ঠা করেন। এ সময় রাজধানী ছিল দামেস্ক। উমাইয়া খলিফা ওয়ালিদ বিন আব্দুল মালিকের রাজত্বকালে মুসলমানদের বিজয়াভিযান শুরু হয়। তাঁর সেনাপতি মুসা বিন নুসাইর সমগ্র উত্তর আফ্রিকা এবং তারিক স্পেন জয় করে। মুসলমানরা ৭১১ খ্রিস্টাব্দের অক্টোবরে স্পেনের কর্ডোভা (Cordova) জয় করে এবং পৃথক খিলাফত প্রতিষ্ঠা করে। এই কর্ডোভা মহানগরী শতাব্দীর পর শতাব্দী স্পেনের রাজধানী হিসাবে থেকে যায়। দশম শতকের পর স্পেনে মুসলিম শাসনের অবনতি ঘটে।

MCQ Solution

১. **উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-১) : ১৭-১৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক আল-ওয়ালিদ খ মুয়াবিয়া
গ মামুন ঘ হযরত আলী **উত্তর: খ**

২. **মুসলিম জাহানে বংশানুক্রমিক শাসন এর প্রবর্তক** - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক হযরত ওমর খ হযরত ওসমান
গ খলিফা আব্দুল মালিক ঘ খলিফা মুয়াবিয়া **উত্তর: ঘ**

৩. **উমাইয়া খলিফার রাজধানী কোথায় ছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক মক্কা খ মদিনা
গ দামেস্ক ঘ বাগদাদ **উত্তর: গ**

৪. **মুসলিম নৌবাহিনীর প্রতিষ্ঠাতা** – [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট এ৩) : ১০ -১১]
ক হযরত ওমর (রা.) খ হযরত ওসমান (রা.)
গ হযরত মুয়াবিয়া ঘ আল ওয়ালিদ **উত্তর: গ**

৫. **'Father of king' উমাইয়া যুগের কোন শাসক?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট- বেলী): ০৩-০৪]
ক মুয়াবিয়া খ আবদুল মালিক
গ ওমর বিন আবদুল আজিজ ঘ হাজ্জাজ বিন ইউসুফ **উত্তর: খ**

৬. **কোনটি খালিদ আল-ওয়ালিদের শাসনকাল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ক ৬৮৩-৬৮৫ খ ৬৩২-৬৩৮
গ ৭২৪-৭৪৩ ঘ ৭০৫-৭১৫ **উত্তর: ঘ**

৭. **কোন খলিফার রাজত্বকালে স্পেন বিজিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ক ওমর বিন আব্দুল আজিজ খ হযরত ওমর রা.
গ ওয়ালিদ ঘ ইয়াজিদ **উত্তর: গ**

৮. **মুসলমানরা স্পেন বিজয় করে কত খ্রিস্টাব্দে?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪]
ক ৭১২ খ ৭১৩
গ ৮১৫ ঘ ৭২৫ **উত্তর: ক**

৯. **কোন মুসলিম সেনাপতি স্পেন জয় করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক মুসা বিন নুসায়ের খ খালিদ বিন ওয়ালিদ
গ মুহম্মদ বিন কাসিম ঘ তারিক **উত্তর: ঘ**

১০. **আরবরা স্পেনকে কি নামে অভিহিত করত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ক আইবেরীয় উপদ্বীপ খ গ্যালিসিয়া
গ আন্দালুসিয়া ঘ মুরসিয়া **উত্তর: ক**

১১. **পঞ্চম খলিফা বলে পরিচিত**– [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ-ইউনিট;সেট-০১) : ১৫-১৬/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক খলিফা আলী (রা:) খ খলিফা আবুবকর (রা:)
গ খলিফা ওসমান (রা:) ঘ খলিফা ওমন বিন আব্দুল আজিজ (রা:) **উত্তর: ঘ**

আব্বাসীয় খিলাফত (Abbasid Caliphate)

প্রথম পর্যায় (৭৫০-১২৫৮ খ্রি.) : আব্বাসীয় খিলাফতের প্রতিষ্ঠাতা ছিলেন আবুল আব্বাস আস সাফ্ফাহ। আবুল আব্বাস এর ভ্রাতা খলিফা আবু জাফর আল মনসুর প্রশাসনিক কাঠামোকে সুবিন্যস্ত ও সুদৃঢ় করার লক্ষ্যে ৭৬২ খ্রিষ্টাব্দে বাগদাদে রাজধানী স্থাপন করেন। আব্বাসীয় শাসনামলের সবচেয়ে বিখ্যাত খলিফা ছিলেন হারুন অর রশিদ। তিনি জ্ঞান চর্চার জন্য 'বায়তুল হিকমা' (House of Wisdom) প্রতিষ্ঠা করেন। খলিফা হারুন অর রশিদের পুত্র আল মামুনের সময় 'বায়তুল হিকমা' কে উন্নতির চরম শিখরে উন্নীত হয়। ১২৫৮ খ্রিস্টাব্দে কুখ্যাত মোঙ্গল নেতা হালাকু খানের হাতে বাগদাদ নগরীর পতন হয়। এ সময় বাগদাদ শহরের অপূরণীয় ক্ষতি হয়। আব্বাসীয় খিলাফতকে ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ বলা হয়।

দ্বিতীয় পর্যায় (১২৬১-১৫১৭ খ্রি.) : এ সময় রাজধানী ছিল কায়রো।

MCQ Solution

১. **ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ** - [শ্রম অধিদপ্তরের সহকারী অফিসার : ১৬]
ক উমাইয়া শাসনকাল খ ফাতেমী শাসনকাল
গ আব্বাসীয় শাসনকাল ঘ মুঘল শাসনকাল **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

২. আব্বাসীয় খলিফাদের রাজধানী ছিল- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক মক্কায় খ মদীনায়
গ দামেস্কে ঘ বাগদাদে **উত্তর: ঘ**

৩. মুসলিম প্রশাসনে উজীর পদের সৃষ্টি হয় - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ও ইউনিট - সেট ১) : ১২-১৩]
ক সুলতানী আমলে খ উমাইয়া আমলে
গ মহানবী সা. এর আমলে ঘ আব্বাসীয় আমলে **উত্তর: ঘ**

৪. ইসলামের ইতিহাসে জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষ সাধিত হয় - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ও ইউনিট) : ১০-১১]
ক খুলাফায়ে রাশেদিনের যুগে খ আব্বাসীয় যুগে
গ উমাইয়া যুগে ঘ উসমানীয় যুগে **উত্তর: খ**

৫. **Where '*Baitul Hikmah*' is situated? / 'বায়তুল হিকমা' কোথায় অবস্থিত?** [Al-Arafah Islami Bank Ltd. MTO: 11]
ⓐ Rome ⓑ Bagdad
ⓒ Madina ⓓ Iran **Ans.** b

৬. 'বায়তুল হিকমা' প্রতিষ্ঠা করেন- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক আল-মামুন খ আল-আমীন
গ হারুন-আর-রশীদ ঘ আল-মনসুর **উত্তর: গ**

৭. বায়তুল হিকমা কে প্রতিষ্ঠা করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ও ইউনিট) : ১০-১১]
ক মুতাসিমবিল্লাহ খ আল মামুন
গ আল আমিন ঘ আল মনসুর **উত্তর:**
ব্যাখ্যা: অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে খলিফা হারুন-আর-রশীদ।

৮. 'বায়তুল হিকমা' কি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৫-১৬/রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১
ক আব্বাসী রাজপ্রাসাদ খ জ্ঞানচর্চা কেন্দ্র
গ প্রমোদ কেন্দ্র ঘ কারাগার **উত্তর: খ**

৯. খলিফা মামুনের রাজত্বকালে বায়তুল হিকমা'র মহাপরিচালক কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ১০-১১]
ক হুনাইন ইবনে ইসাহাক খ হুবাইস ইবন আল হাসান
গ আল মামুন ঘ আবু আল ওয়াকা **উত্তর: ক**

১০. **Muslim conquests of the middle East & North Africa took place:/ মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকায় মুসলমানদের বিজয় সম্পন্ন হয়-** [IFIC Bank Ltd. Proationary Officer: 96]
ⓐ Between 7th and 12th century A.D
ⓑ In the 13th century A.D
ⓒ In the 6th century A.D ⓓ None of the above **Ans.** d
ব্যাখ্যা: সপ্তম শতাব্দী এবং অষ্টম শতাব্দীর প্রথমভাগে (৬৩২-৭৩২ খ্রিষ্টাব্দ) মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকা মুসলমানদের অধিকারে আসে।

১১. আব্বাসীয় বংশের পতন ঘটে- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট বি) : ১৪-১৫]
ক ১২০০ সালে খ ১২৫৮ সালে
গ ১৫২৬ সালে ঘ ১৫৩০ সালে **উত্তর: খ**

১২. হালাকু খান বাগদাদ নগর ধ্বংস করেন কোন সালে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক ১১৯১ খ ১২৫৮
গ ১৭৫৭ ঘ ১১৯২ **উত্তর: খ**

১৩. বাগদাদ নগরী ধ্বংসকারী হিসেবে কুখ্যাত মোঙ্গল নেতা- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ক মেঙ্গু খান খ চেঙ্গিস খান
গ হালাকু খান ঘ কুবলাই খান **উত্তর: গ**

ধর্মযুদ্ধ (Crusade)

ক্রুসেড শব্দটি দ্বারা মূলত ধর্মীয় যুদ্ধ বোঝানো হয়। সাধারণভাবে বিশ্ব ইতিহাসে ক্রুসেড বলতে পবিত্র ভূমি অর্থাৎ জেরুজালেম এবং কন্সটান্টিনোপল এর অধিকার নেওয়ার জন্য ইউরোপের খ্রিষ্টানদের সম্মিলিত শক্তি মুসলমানদের বিরুদ্ধে ১০৯৫ থেকে ১২৯১ সাল পর্যন্ত যে যুদ্ধ অভিযান পরিচালনা করে সেগুলোকে বোঝায়।

MCQ Solution

১. 'Crusade' বলতে কী বোঝায়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ০৪-০৫]
ক ইউরোপ থেকে মুসলিম বিতাড়নের যুদ্ধ
খ মুসলমানদের জোরপূর্বক ধর্মান্তরিত করার যুদ্ধ
গ মুসলমানদের হাত থেকে জেরুজালেম উদ্ধারের যুদ্ধ
ঘ খ্রীস্টান ও ইহুদিদের মধ্যে সংঘটিত ধর্মযুদ্ধ **উত্তর: গ**

ক্রুসেডের আনুমানিক সময়কাল কত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ): ০৯-১০]
ক ৮২৬-১০২৬ খ্রি. খ ৮৯৬-১১২৬ খ্রি.
গ ১০৯৬-১২৯২ খ্রি. ঘ ১১২৬-১৩২৬ খ্রি. **উত্তর: গ**

মঙ্গোল সাম্রাজ্য (১২০৬ - ১৩৬৮ খ্রি.)


চেঙ্গিস খান

মঙ্গোল সাম্রাজ্য ১২শ শতকের শুরুতে মঙ্গোল সেনাপতি চেঙ্গিস খান প্রতিষ্ঠিত একটি বিশালাকার সাম্রাজ্য। ১২শ শতকের শেষে এসে প্রায় সমস্ত পূর্ব ও দক্ষিণ-পশ্চিম এশিয়া এবং মধ্য ইউরোপ পর্যন্ত এটি বিস্তৃত ছিল। এটি ইতিহাসের সর্ববৃহৎ অবিচ্ছিন্ন স্থল সাম্রাজ্য।

ইনকা সভ্যতা (The Inca Civilization)


ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ

পেরুতে শক্তিশালী ইনকা সভ্যতার বিকাশ ঘটেছিল। ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩৩ খ্রিস্টাব্দ পর্যন্ত। ইনকা সভ্যতার শক্তিশালী সম্রাটগণ তাদের বাসস্থান হিসাবে মাচু-পিচ্চু নগরী গড়ে তুলেছিলেন।

মায়া সভ্যতা (The Maya Civilization)

মায়া সভ্যতা মধ্য আমেরিকার মেক্সিকো, গুয়েতমালা, বেলিজ, হন্ডুরাস এবং এলসালভাদরের পশ্চিমাংশে গড়ে ওঠেছিল। মায়ান ক্যালেন্ডার 'হাব' অনুযায়ী ২০ দিনে মাস এবং ১৮ মাসে বছর গণনা করা হয়।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

আজটেক সভ্যতা (The Aztecs Civilization)

আজটেক সভ্যতা গড়ে ওঠেছিল মধ্য মেক্সিকোতে এবং ব্যাপ্তিকাল ছিল ১৩০০ - ১৫২১ খ্রিস্টাব্দ পর্যন্ত।

MCQ Solution

১. ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল- [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ক ১৪৩৫ থেকে ১৫৩৫ খ্রিস্টাব্দ খ ১৫৪৬ থেকে ১৫৩৯ খ্রিস্টাব্দ
গ ১৪৩৮ থেকে ১৫৩৩ খ্রিস্টাব্দ ঘ ১৪৩০ থেকে ১৫৩০ খ্রিস্টাব্দ
উত্তর: গ

২. ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ পাওয়া গেছে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক ব্রাজিলে খ ভেনিজুয়েলায়
গ পেরুতে ঘ বলিভিয়ায়
উত্তর: গ

৩. নতুন সপ্তাশ্চর্য 'মাচুপিচ্চু' কোন সভ্যতার নিদর্শন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক ইনকা খ আজটেক
গ মায়া ঘ ব্যাবিলন
উত্তর: ক

৪. The world heritage Machu Picchu is located in -/ বিশ্ব ঐতিহ্য মাচুপিচ্চু কোথায় অবস্থিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ১) : ১৫-১৬/ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এফ- ইউনিট) : ১৩-১৪/ Agrani Bank Ltd Officer : 11]
ⓐ Botswana ⓑ Mongolia ⓒ Kampuchea
ⓓ Peru ⓔ Chili
Ans. d

৫. মায়া সভ্যতা বিশ্বের কোন অঞ্চলে বিরাজমান ছিল? [৩৯তম বিসিএস (বিশেষ)/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৭-৯৮]
ক মধ্য আমেরিকা খ মধ্য প্রাচ্য
গ পূর্ব আফ্রিকা ঘ পূর্ব এশিয়া
উত্তর: ক

৬. মায়া সভ্যতার ক্যালেন্ডার 'হাব'- এর বছর গণনার ধরন কেমন ছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট : সেট ৪ : শিফট ১) : ১৫-১৬]
ক ১৫ দিনে মাস, ২২ মাসে বছর খ ২০ দিনে মাস, ১৮ মাসে বছর
গ ২৫ দিনে মাস, ১৪ মাসে বছর ঘ ২৮ দিনে মাস, ১৩ মাসে বছর
উত্তর: খ

৭. মায়া সভ্যতার নিদর্শন পাওয়া যায় কোথায়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]
ক জাপান খ মেক্সিকো
গ জার্মানি ঘ ইতালি
উত্তর: খ

৮. মেক্সিকোকে কেন্দ্র করে গড়ে ওঠা একটি প্রাচীন সভ্যতার নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ- ইউনিট) : ১৬-১৭]
ক আকসুম খ আজটেক
গ ভাইকিং ঘ মেসোপোটেমীয়
উত্তর: খ

৯. In which country Aztec civilization was originated? [Sonali Bank Limited.(Senior Officer): 18]
ⓐ USA ⓑ Greece
ⓒ Mexico ⓓ Egypt
Ans. c

মহাদেশ

Continent

মহাদেশ

পৃথিবীতে ৭টি মহাদেশ রয়েছে। যথা-

নং	মহাদেশ	আয়তনে বৃহত্তম দেশ	আয়তনে ক্ষুদ্রতম দেশ
১	এশিয়া	চীন	মালদ্বীপ
২	আফ্রিকা	আলজেরিয়া	সিচেলিস
৩	উত্তর আমেরিকা	কানাডা	সেন্টকিটস এন্ড নেভিস
৪	দক্ষিণ আমেরিকা	ব্রাজিল	সুরিনাম
৫	এন্টার্কটিকা	-	-
৬	ইউরোপ	রাশিয়া	ভ্যাটিকান সিটি
৭	ওশেনিয়া বা অস্ট্রেলিয়া	অস্ট্রেলিয়া	নাউরু

এশিয়া মহাদেশ আফ্রিকার ১.৫ গুণ, উত্তর আমেরিকার ১.৮২ গুণ, দক্ষিণ আমেরিকার ২.৪ গুণ, ইউরোপের ৪.১৯ গুণ, ওশেনিয়ার ৫.৭৩ গুণ, এন্টার্কটিকার ৩.১২ গুণ বড়।

MCQ Solution

১. পৃথিবীর সবগুলো মহাদেশ একসাথে জুড়ে যে বিশাল একটি মহাদেশ ছিল তার নাম কি ছিল? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৫-১৬]
ক প্যান থালাস খ প্যানজিয়া
গ ইউরেশিয়া ঘ ইউরো -আফ্রিকা
ঙ এশিয়া -আমেরিকা
উত্তর: খ

২. How many continent are there in the world?/ পৃথিবীতে কতটি মহাদেশ আছে? [EXIM Bank Ltd. Officer : 09]
ⓐ 4 ⓑ 5 ⓒ 6
ⓓ 7 ⓔ 8
Ans. d

৩. পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি? [২২তম বিসিএস/ রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৭]
Or,
In terms of land area, the largest continent on the earth is- [Midland Bank Ltd. Trainee Assistant Officer : 15/ Janata Bank Ltd Senior Officer :11/ EXIM Bank Ltd. Officer (Cash) : 11]
ক আফ্রিকা খ ইউরেশিয়া
গ এশিয়া ঘ উত্তর আমেরিকা
উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৪. **The second largest continent on Earth is-/ পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ কোনটি?** [Rajshahi University Admission test (Political Science): 11]
ⓐ Asia ⓑ Africa ⓒ North
ⓓ America ⓔ South America **Ans.** b

৫. **The smallest continent of the earth is-** [ICB Officer: 11]
Or,
আয়তনের দিক থেকে বিশ্বের ক্ষুদ্রতম মহাদেশ কোনটি? [বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন এর উচ্চমান সহকারী : ১৭]
ⓐ Europe ⓑ Australia
ⓒ Antarctica ⓓ South America
ⓔ Africa **Ans.** b

৬. **পৃথিবীর কোন দেশটি একটি মহাদেশও বটে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি-১ ও ডি-২ ইউনিট) : ১৫-১৬]
ⓚ জাপান ⓛ নিউজিল্যান্ড
ⓜ আলাস্কা ⓝ অস্ট্রেলিয়া **উত্তর:** ঘ

৭. **এশিয়া মহাদেশের আয়তন ইউরোপের কতগুণ?** [জাবি (খ ইউনিট) : ১১-১২]
ⓚ চারগুণ ⓛ সাড়ে চারগুণ
ⓜ দেড়গুণ ⓝ ছয়গুণ **উত্তর:** খ

৮. **আয়তনে এশিয়ার বৃহত্তম দেশ কোনটি?** [Bakhrabad Gas System Ltd Employment test : 06]
ⓚ চীন ⓛ ভারত
ⓜ আফগানিস্তান ⓝ পাকিস্তান **উত্তর:** ক

৯. **Which is the smallest country in Asia?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট বিজোড়) : ১৩-১৪/ Pubali Bank Ltd. Senior Officer : 10/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সহকারী পরিচালক : ০৬]
Or,
আয়তন অনুসারে এশিয়ার সবচেয়ে ছোট দেশ কোনটি? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ১৬/ প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫/ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ- সহকারী : ১২]
ⓐ Nepal ⓑ Bhutan
ⓒ Maldives ⓓ Thailand
ⓔ None of them **Ans.** c

১০. **আফ্রিকা মহাদেশের সবচেয়ে বড় দেশ কোনটি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ⓚ আলজেরিয়া ⓛ সুদান
ⓜ মিসর ⓝ লিবিয়া **উত্তর:** ক

১১. **আয়তনের দিক থেকে আফ্রিকার ক্ষুদ্রতম দেশ–** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৬/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার : ০৬]
ⓚ সিচেলিস ⓛ বতসোয়ানা
ⓜ তিউনিসিয়া ⓝ বেনিন **উত্তর:** ক

১২. **Which South American country has the greatest land area?/ আয়তনে দক্ষিণ আমেরিকার বৃহত্তম দেশ কোনটি?** [Mercantile Bank Ltd. Officer : 09]
ⓐ Argentina ⓑ Peru ⓒ Brazil
ⓓ Cuba ⓔ None of these

এশিয়া মহাদেশ
- আয়তন - ৪৪,৫৭৯,০০০ বর্গ কি.মি. বা ১৭,২১২,০০০ বর্গমাইল।
- এশিয়া মহাদেশকে আফ্রিকা মহাদেশ হতে পৃথক করেছে লোহিত সাগর এবং সুয়েজ খাল। লোহিত সাগর সৌদি আরব (এশিয়া) এবং মিশর (আফ্রিকা) কে পৃথক করেছে।
- এশিয়ার প্রান্তবিন্দু সমূহ -

সর্বউত্তরের বিন্দু	- ফ্লিগেলি অন্তরীপ, রাশিয়া
	- চেলিউস্কিন অন্তরীপ, রাশিয়া (এশিয়ার মূলভূমির সর্বউত্তরের বিন্দু)
সর্ব দক্ষিণের বিন্দু	- পামানা দ্বীপ, ইন্দোনেশিয়া
সর্ব পশ্চিমের বিন্দু	- বেবা অন্তরীপ, তুরস্ক
সর্ব পূর্বের বিন্দু	- আগামীকাল দ্বীপ, রাশিয়া।

ইউরোপ মহাদেশ
- ইউরাল পর্বত, ইউরাল নদী এবং কাস্পিয়ান সাগর এশিয়াকে ইউরোপ হতে পৃথক করেছে।
- ইউরোপ মহাদেশের দক্ষিণে আফ্রিকা মহাদেশ অবস্থিত। ইউরোপ মহাদেশকে আফ্রিকা মহাদেশ হতে পৃথক করেছে ভূমধ্যসাগর।

MCQ Solution

১. **এশিয়া মহাদেশের আয়তন কত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ⓚ ১ কোটি ৭৪ বর্গ কি.মি. ⓛ ১ কোটি ৮৪ বর্গ কি.মি.
ⓜ ১ কোটি ৬৪ বর্গ কি.মি. ⓝ ১ কোটি ৫০ বর্গ কি.মি. **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর নেই।

২. **এশিয়া ও ইউরোপকে বিভক্তকারী পর্বতমালা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ⓚ কারাকোরাম ⓛ পিরেনিজ
ⓜ অ্যাটলাস ⓝ উরাল **উত্তর:** ঘ

৩. **লোহিত সাগর যে দুটি মহাদেশকে আলাদা করেছে–** [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী : ১৭/ দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]
ⓚ ইউরোপ ও আফ্রিকা ⓛ এশিয়া ও ইউরোপ
ⓜ এশিয়া ও অস্ট্রেলিয়া ⓝ আফ্রিকা ও এশিয়া **উত্তর:** ঘ

৪. **মিসর ও সৌদি আরবকে বিভাজনকারী সাগর -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ আরব সাগর ⓛ লোহিত সাগর
ⓜ বাল্টিক সাগর ⓝ কৃষ্ণ সাগর **উত্তর:** খ

৫. **লোহিত সাগরের তীরবর্তী আরব দেশ -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ সৌদি আরব ⓛ ইরান
ⓜ সিরিয়া ⓝ ইরাক **উত্তর:** ক

৬. **লোহিত সাগর ও সুয়েজখাল এশিয়াকে বিচ্ছিন্ন করেছে কোন মহাদেশ থেকে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৬]
ⓚ আফ্রিকা ⓛ ইউরোপ
ⓜ অস্ট্রেলিয়া ⓝ কোনোটিই নয় **উত্তর:** ক

৭. **এশিয়ার সর্বউত্তরের বিন্দু নিচের কোথায়?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ⓚ ইন্দোচীন ⓛ চেলিউস্কিনের অগ্রভাগ
উত্তর: খ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৮. ইউরোপ মহাদেশের দক্ষিণে কোন মহাদেশ অবস্থিত? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]

ক এশিয়া খ অস্ট্রেলিয়া
গ আফ্রিকা ঘ উত্তর আমেরিকা

উত্তর: গ

বিশ্বের বৃহত্তম ও ক্ষুদ্রতম ৫টি দেশ

ক্রম	আয়তনে বৃহত্তম দেশ	জনসংখ্যায় বৃহত্তম দেশ	আয়তনে ক্ষুদ্রতম দেশ	জনসংখ্যায় ক্ষুদ্রতম দেশ
১	রাশিয়া	চীন	ভ্যাটিকান সিটি	
২	কানাডা	ভারত	মোনাকো	টুভ্যালু
৩	যুক্তরাষ্ট্র		নাউরু	
৪	চীন	ইন্দোনেশিয়া	টুভ্যালু	সানম্যারিনো
৫	ব্রাজিল		পালাউ	

MCQ Solution

১. **Which country has the largest (biggest) land area in the world?** [RAKUB Senior Officer : 11/ Mercantile Bank Ltd. Officer : 09/ Pubali Bank Ltd. Senior Officer : 10]

Or,

আয়তনের দিক থেকে পৃথিবীর বৃহত্তম রাষ্ট্র কোনটি? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর : ১৮/ সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম গবেষণা কর্মকর্তা : ১৫/ সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ⓐ Russia ⓑ USA ⓒ China
ⓓ Canada ⓔ None of them

Ans. a

২. **After the break up of the Soviet Union which is the largest country in the world in terms of area?** [Sonali, Janata, Agrani Ltd. Bank Officer: 08]

Or,

সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার পর আয়তনে পৃথিবীর বৃহত্তম দেশ কোনটি? [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার : ১৮ / স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১৬]

ⓐ China ⓑ Canada
ⓒ Russia ⓓ USA
ⓔ India

Ans. c

৩. **Which is the second largest country in the world by area?/ আয়তনে পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম দেশ-** [Pubali Bank Ltd Junior Officer : 12/ National Bank Ltd. Officer : 09]

ⓐ Russia ⓑ USA ⓒ China
ⓓ Canada ⓔ None of these

Ans. d

৪. আয়তনে সবচেয়ে বড় দেশ - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ক অস্ট্রেলিয়া খ কানাডা
গ চীন ঘ মার্কিন যুক্তরাষ্ট্র

উত্তর: খ

৫. আয়তনের দিক দিয়ে পৃথিবীর তৃতীয় বৃহত্তম দেশ- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]

ক চীন খ মার্কিন যুক্তরাষ্ট্র
গ অস্ট্রেলিয়া ঘ ব্রাজিল

উত্তর: খ

৬. **Which is the smallest country in the world by area?** [34th BCS/ Bangladesh Bank Asst. Director : 08/ Sonali, Janata, Agrani Banl Ltd. Officer : 08]

Or,

পৃথিবীর ক্ষুদ্রতম দেশ- [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]

ⓐ Monaco ⓑ Maldives
ⓒ Vatican city ⓓ Samoa
ⓔ Tuvalu

Ans. c

৭. **আয়তন ও লোকসংখ্যায় কোনটি পৃথিবীর ক্ষুদ্রতম দেশ?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১/ নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক : ৯৫]

ক মালদ্বীপ খ ভ্যাটিকান
গ তাইওয়ান ঘ সিঙ্গাপুর

উত্তর: খ

আন্তঃমহাদেশীয় রাষ্ট্র ও নগরী

সীমিত কিছু সংখ্যক দেশের ভূখণ্ড একাধিক মহাদেশে অবস্থিত। এদের আন্তঃমহাদেশীয় রাষ্ট্র (Transcontinental / Intercontinental countries) বলে। যেমন-

■ নিরবিচ্ছিন্ন ভূখণ্ড

(ক) এশিয়া ও ইউরোপ

রাশিয়া	৭০% অধিক ভূখণ্ড এশিয়া মহাদেশে অবস্থিত। ওরেনবার্গ নগরটি উভয় মহাদেশে পড়েছে।
তুরস্ক	অধিকাংশ ভূখণ্ড এশিয়া মহাদেশের অন্তর্গত। ইস্তাম্বুল এবং কানাককালে নগর দুটি উভয় মহাদেশে পড়েছে।
কাজাকিস্তান	
আজারবাইজান	
আজারবাইজান	

(খ) এশিয়া ও আফ্রিকা

মিশর	অধিকাংশ ভূখণ্ড আফ্রিকা মহাদেশের অন্তর্গত। সিনাই উপদ্বীপ এশিয়া মহাদেশে পড়েছে।

■ বিচ্ছিন্ন ভূখণ্ড

(ক) ইউরোপ ও উত্তর আমেরিকা

ডেনমার্ক	ডেনমার্কের মূল ভূখণ্ড ইউরোপ মহাদেশে অবস্থিত। গ্রীনল্যান্ড ডেনমার্কের অধীনস্ত একটি স্বায়ত্তশাসিত সাংবিধানিক রাষ্ট্র। গ্রীনল্যান্ড দ্বীপটি উত্তর আমেরিকা মহাদেশে অবস্থিত। রাজধানীর নাম নুক।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

MCQ Solution

১. **কোনটিকে ইউরেশিয়ান রাষ্ট্র হিসেবে বিবেচনা করা হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক) জাপান খ) সৌদি আরব
গ) তুরস্ক ঘ) ওমান **উত্তর: গ**

২. **পৃথিবীর কোন দেশ দুটি মহাদেশে পড়েছে?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪/ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ- আঞ্চলিক ব্যবস্থাপক : ১৩/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক) মিশর খ) তুরস্ক
গ) হন্ডুরাস ঘ) আলজেরিয়া **উত্তর: ক,খ**

৩. **Which country is located in both Asia and Europe?** [Pubali Bank Ltd. Senior Officer: 12/ Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Office : 00]
Or,
কোন দেশ একই সাথে এশিয়া ও ইউরোপ মহাদেশে অবস্থিত? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর কার্যালয়ের অধীন অডিটর : ১৭/ সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ⓐ Azerbaijan ⓑ Iran
ⓒ Saudi Arabia ⓓ Turkey
ⓔ None of them **Ans.** a, d

৪. **কোন দেশটি দুটি মহাদেশে পড়েছে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, : ১৩]
ক) মেক্সিকো খ) সুদান
গ) জর্ডান ঘ) কোনোটিই নয় **উত্তর: ঘ**

৫. **Which city in the world is located in two continents?** [Midland Bank Ltd. Trainee Assistant Officer : 15/ Shahjalal Islami Bank Ltd. MTO : 13/ Bangladesh Krishi Bank SO : 12]
Or,
বিশ্বের কোন নগরটি দু'টি মহাদেশে অবস্থিত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ⓐ Cairo ⓑ Paris
ⓒ Istanbul ⓓ Casablanca **Ans.** c

৬. **ইস্তাম্বুল কোন দেশে?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) বাংলাদেশে খ) ইরানে
গ) তুরস্কে ঘ) কুয়েতে **উত্তর: গ**

৭. **ইস্তানবুল শহরটি কোন দুই মহাদেশ জুড়ে অবস্থিত?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ক) এশিয়া ও আফ্রিকা খ) ইউরোপ ও আফ্রিকা
গ) এশিয়া ও ইউরোপ ঘ) উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা **উত্তর: গ**

৮. **গ্রিনল্যান্ড কোন মহাদেশে অবস্থিত?** [যোগাযোগ মন্ত্রণালয়ের বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ক) এশিয়া খ) দক্ষিণ আমেরিকা
গ) উত্তর আমেরিকা ঘ) ইউরোপ **উত্তর: গ**

এশিয়া মহাদেশ
Asia Continent

(ক) দূরপ্রাচ্য (Far East) - ৬টি দেশ

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
উত্তর কোরিয়া	পিয়ংইয়ং	চীন	বেইজিং
দক্ষিণ কোরিয়া	সিউল	মঙ্গোলিয়া	উলানবাটোর
তাইওয়ান	তাইপে	জাপান	টোকিও

(খ) দক্ষিণ পূর্ব এশিয়া (Southeast Asia) - ১১টি দেশ

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
ভিয়েতনাম	হ্যানয়	মালয়েশিয়া	কুয়ালালামপুর, পুত্রজায়া (প্রশাসনিক)
মায়ানমার	নাইপিদো		
থাইল্যান্ড	ব্যাংকক	পূর্ব তিমুর	দিলি
সিঙ্গাপুর	সিঙ্গাপুর	ফিলিপাইন	ম্যানিলা
কম্বোডিয়া	নমপেন	ব্রুনেই	বন্দর সেরি বেগওয়ান
লাওস	ভিয়েনতিয়েন	ইন্দোনেশিয়া	জাকার্তা

(গ) দক্ষিণ এশিয়া (South Asia) - সার্কভুক্ত ৮ টি দেশ

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
বাংলাদেশ	ঢাকা	আফগানিস্তান	কাবুল
ভারত	নয়াদিল্লি	মালদ্বীপ	মালে
পাকিস্তান	ইসলামাবাদ	শ্রীলঙ্কা	কলম্বো (বাণিজ্যিক), শ্রী জয়াবর্ধেনেপুরা কোট্টে (প্রশাসনিক)
নেপাল	কাঠমান্ডু		
ভুটান	থিম্পু		

(ঘ) মধ্য এশিয়া (Central Asia)- ৫টি দেশ

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
কাজাকিস্তান [১]	আস্তানা	তুর্কেমেনিস্তান	আশখাবাদ
কিরগিজস্তান	বিশকেক	উজবেকিস্তান	তাসখন্দ
তাজিকিস্তান	শানবে		

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

[১] আয়তনে মধ্য এশিয়ার সর্ববৃহৎ রাষ্ট্র কাজাকিস্তান।

(ঙ) দক্ষিণ-পশ্চিম এশিয়া (Southwestern Asia) - ১৬টি দেশ

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
ইরান	তেহরান	সংযুক্ত আরব আমিরাত	আবুধাবি
ইরাক	বাগদাদ	ইয়েমেন	সানা
জর্ডান	আম্মান	তুরস্ক	আঙ্কারা
সৌদি আরব	রিয়াদ	প্যালেস্টাইন	জেরুজালেম
কুয়েত	কুয়েতসিটি	ইসরায়েল	জেরুজালেম
বাহরাইন	মানামা	সিরিয়া	দামাস্ক
ওমান	মাস্কাট	লেবানন	বৈরুত
কাতার	দোহা	সাইপ্রাস	নিকোশিয়া

MCQ Solution

১. **এশিয়া মহাদেশে দেশের সংখ্যা কয়টি?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) : ১৭]
ক ৩৩টি খ ৩৫টি
গ ৫৩টি ঘ ৪৪টি **উত্তর: ঘ**

২. **ভুটানের রাজধানী কি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০২-০৩/ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক : ০১]
Or,
The capital city of Bhutan is- [DBBL Cash Officer: 09 Bangladesh Bank Asst. Director : 08]
ক থিম্পু খ কাঠমান্ডু
গ গ্যাংটক ঘ কলম্বো **উত্তর: ক**

৩. **শ্রীলঙ্কার রাজধানী কোথায়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী নিয়োগ পরীক্ষা : ১৩/ খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ক হ্যানয় খ কলম্বো
গ রেঙ্গুন ঘ সায়গন **উত্তর: খ**

৪. **Which is the capital city of Pakistan?** [Agrani Bank Ltd. Officer : 08/ Bank Alfalah Ltd. MTO : 05/ Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Office: 00]
ⓐ Islamabad ⓑ Rawalpindi
ⓒ Lahore ⓓ Karachi
ⓔ None of them **Ans.** a

৫. **Name the capital city of Maldives.** [Bank Alfalah Ltd. MTO : 05]
Ans. Male.

৬. **নিচের কোনটি আফগানিস্তানের রাজধানী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৫-১৬]
ক ইসলামাবাদ খ কাবুল গ তেহরান
ঘ কান্দাহার ঙ ইস্তানবুল **উত্তর: খ**

৭. **কোনটি সার্কভুক্ত দেশের রাজধানী নয়?** [বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট টেস্ট : ৮৬]
ক ঢাকা খ কাঠমান্ডু
গ ব্যাংকক ঘ থিম্পু **উত্তর: গ**

৮. **কোন দেশটি দক্ষিণ এশীয় নয়?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী ইনস্ট্রাক্টর (পিইডিপি) : ১২]
ক আফগানিস্তান খ বাহরাইন
গ নেপাল ঘ শ্রীলঙ্কা **উত্তর: খ**

৯. **কোনটি দক্ষিণ এশিয়ার দেশ নয়?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার এবং সহকারী পরিচালক: ১৬/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ৮ ইউনিট : সেট ৪) : ১৫-১৬]
ক আফগানিস্তান খ ভুটান
গ মালদ্বীপ ঘ মায়ানমার **উত্তর: ঘ**

১০. **মিয়ানমারের রাজধানীর নাম -** [কর্মসংস্থান ব্যাংক লি. ডেটা এন্ট্রি অপারেটর : ১৮/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ক নাইপিদো খ ইয়াংগুন
গ ম্যানডালে ঘ বাগান **উত্তর: ক**

১১. **নমপেন কোন দেশের রাজধানী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭]
ক লাওস খ কম্বোডিয়া
গ থাইল্যান্ড ঘ ভিয়েতনাম **উত্তর: খ**

১২. **পূর্ব তিমুরের রাজধানী -** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]
ক মালে খ থিম্পু
গ দিলি ঘ উলানবাটোর **উত্তর: গ**

১৩. **'পুত্রজায়া' হলো -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-২) : ১৭-১৮/ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]
ক মালির রাজধানী খ মালদ্বীপের রাজধানী
গ মালাউইর রাজধানী ঘ মালয়েশিয়ার প্রশাসনিক রাজধানী **উত্তর: ঘ**

১৪. **Which one is the largest among the named countries of central Asia?** [Agrani Bank Ltd. Officer : 10]
Or,
মধ্য এশিয়ায় অবস্থিত আয়তনে সর্ববৃহৎ প্রজাতন্ত্রের নাম- [১৭তম বিসিএস]
ⓐ Uzbekistan ⓑ Tazikistan
ⓒ Kazakstan ⓓ Kirgistan
ⓔ Turkimenistan **Ans.** c

১৫. **The capital city of Kazakistan is-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ৫) : ১৫-১৬/ Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 11/ Bangladesh Krishi Bank Assistant Officer : 07]
ⓐ Astana ⓑ Dushanbe
ⓒ Bisbee ⓓ Taskhend
ⓔ None of them **Ans.** a

১৬. **আস্তানা কোন দেশের রাজধানী?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক কাজাখস্তান খ নাইজেরিয়া
গ তুরস্ক ঘ কিরগিজিস্তান **উত্তর: ক**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৭. **আলমা-আতা কোন দেশের রাজধানী?** [বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]

ক উজবেকিস্তান খ তুর্কমেনিস্তান
গ আজারবাইজান ঘ কাজাখস্তান **উত্তর:**

ব্যাখ্যা: কাজাকিস্তানের সাবেক (১৯৯৭ সাল পর্যন্ত) রাজধানী আলমাআতা।

১৮. **Which is the capital of Tajikistan?** [Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer : 08]

ⓐ Tashkant ⓑ Doha
ⓒ Alma Ata ⓓ Ankara
ⓔ None of these **Ans. e**

১৯. **দুশানবে কোন দেশের রাজধানী?** [প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১]

ক উজবেকিস্তান খ কিরগিজস্তান
গ কাজাকিস্তান ঘ তাজিকিস্তান **উত্তর: ঘ**

২০. **উজবেকিস্তানের রাজধানীর নাম-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]

ক সমরকন্দ খ বুখারা
গ তাসখন্দ ঘ খার্তুম **উত্তর: গ**

২১. **কিরগিস্তানের রাজধানী** কোথায়? [৩০তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন) : ১৭]

ক বিশকেক খ সালমা আতা
গ আশাখাবাদ ঘ উলানবাটোর **উত্তর: ক**

২২. **কোনটি মধ্য এশিয়ার রাষ্ট্র নয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ- ইউনিট) : ১৬-১৭]

ক আজারবাইজান খ কাজাকিস্তান
গ তাজিকিস্তান ঘ আলজেরিয়া **উত্তর: ক,ঘ**

২৩. **লেবাননের রাজধানীর নাম কি?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক : ১৭]

ক বৈরুত খ রিয়াদ
গ আম্মান ঘ কায়রো **উত্তর: ক**

২৪. **দূরপ্রাচ্যের দেশ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) : ০৭-০৮]

ক অস্ট্রেলিয়া খ নিউজিল্যান্ড
গ মঙ্গোলিয়া ঘ সিরিয়া **উত্তর: গ**

২৫. **দূরপ্রাচ্যের দেশ কোনটি?** [ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক : ১৭/ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪]

ক যুক্তরাষ্ট্র খ জাপান
গ যুক্তরাজ্য ঘ সৌদি আরব **উত্তর: খ**

২৬. **Capital city of Japan is -** [Passport & Imigration Asst. Director : 00]

ⓐ Shanghai ⓑ Osaka
ⓒ Hongkong ⓓ Tokyo **Ans. d**

২৭. **উলানবাটোর কোন দেশের রাজধানী?** [প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১]

ক মঙ্গোলিয়া খ সোমালিয়া
গ ঘানা ঘ কোনোটিই নয় **উত্তর: ক**

২৮. **মঙ্গোলিয়ার রাজধানী কোথায়?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২/ বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]

ক লাসা খ বেইজিং
গ উলানবাটোর ঘ কুয়ালালামপুর **উত্তর: গ**

২৯ **সৌদি আরবের রাজধানী-** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর কার্যালয়ের অধীন অডিটর : ১৭]

ক জেদ্দা খ মক্কা
গ মদীনা ঘ রিয়াদ **উত্তর: ঘ**

৩০. **What is the capital of Turkey?** [First Security Islami Bank Ltd. Officer : 14/ Rupali Bank Ltd. Senior Officer : 13]

ⓐ Istanbul ⓑ Turashka
ⓒ Ankara ⓓ None of the above **Ans. c**

৩১. **The capital of Qatar is-** [BRDB Officer : 04]

Or,

কাতার এর রাজধানী? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৪-১৫]

ⓐ Dubai ⓑ Doha
ⓒ Sharjah ⓓ Abu Dhabi **Ans. b**

৩২. **Doha is the capital of-** [Dhaka Bank Ltd. MTO: 03]

Or,

দোহা কোন দেশের রাজধানী? - [ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক : ১৭]

ⓐ Bahrain ⓑ Qatar
ⓒ Brunei ⓓ Oman **Ans. b**

৩৩. **The capital city of United Arab Emirates (UAE) is-** [IFIC Bank Ltd. Trainee Assistant Officer(TAO):18 / Janata Bank Ltd Senior Officer :11/ Bangladesh Bank Asst. Director : 09]

ⓐ Abu Dhabi ⓑ Dubai
ⓒ Sharjah ⓓ Baghdad
ⓔ None of them **Ans. a**

৩৪. **কুয়েতের রাজধানী-** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৬]

Or,

Which is the capital city of Kuwait? [Standrd Bank Ltd. Officer : 06]

ক আবুধাবী খ কুয়েত
গ দুবাই ঘ রিয়াদ **উত্তর: খ**

৩৫. **বাহরাইনের রাজধানী শহরের নাম কি?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]

ক মানামা খ পানামা
গ দুবাই ঘ মসুল **উত্তর: ক**

৩৬. **Which of the following country is not in Asia?** [Dhaka Bank Ltd. MTO : 03]

Or,

নিচের কোন দেশটি এশিয়া মহাদেশের অন্তর্গত নয়? [দুর্যোগ ব্যবস্থাপনা বুরো সহকারী পরিচালক : ০১]

ⓐ Israel ⓑ Egypt
ⓒ Saudi Arabia ⓓ Lebanon **Ans. b**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩৭. কোন দেশটি এশিয়া মহাদেশে অবস্থিত? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক ইথিওপিয়া খ জাপান
গ বেলজিয়াম ঘ আর্জেন্টিনা উত্তর: খ

৩৮. কোনটি এশিয়া মহাদেশে অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-২) : ১৭-১৮]
ক মিশর খ লিবিয়া
গ উত্তর কোরিয়া ঘ গ্রিস উত্তর: গ

ওরিয়েন্টাল অঞ্চল (Oriental Region)

'ওরিয়েন্ট' অর্থ পূর্ব। 'ওরিয়েন্টাল অঞ্চল' বলতে পৃথিবীর পূর্ব অংশের দেশসমূহকে বোঝায়। যথা- জাপান, চীন, কোরিয়া, মালয়েশিয়া, সিঙ্গাপুর, হংকং, তাইওয়ান, লাওস, কম্বোডিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, মায়ানমার, বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা।

মধ্যপ্রাচ্য (Middle East) - **১৮টি দেশ**

মধ্যপ্রাচ্যের অধিকাংশ অধিবাসী ককেশীয়। মধ্যপ্রাচ্যের দেশসমূহ নিম্নরূপ- বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, কাতার, ওমান, ইয়েমেন, সৌদি আরব, ইরান, ইরাক, কুয়েত, জর্ডান, সিরিয়া, লেবানন, মিশর, ইসরায়েল, প্যালেস্টাইন, উত্তর সাইপ্রাস, সাইপ্রাস এবং তুরস্ক।

MCQ Solution

১. নিম্নের কোনটি 'ওরিয়েন্টাল অঞ্চল' এর অন্তর্ভুক্ত? [ডেন্টাল কলেজ : ০৩-০৪]
ক ইউরোপ খ গ্রিনল্যান্ড
গ উত্তর আমেরিকা ঘ দক্ষিণ পূর্ব এশিয়া উত্তর: ঘ

২. কতগুলো রাষ্ট্র নিয়ে মধ্যপ্রাচ্য গঠিত? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক ২০টি খ ১৯টি
গ ১৮টি ঘ ১৭টি উত্তর: গ

৩. কোনটি মধ্যপ্রাচ্যের একটি দেশ? [বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন এর উচ্চমান সহকারী : ১৭]
ক কাতার খ নাইজেরিয়া
গ মাদাগাস্কার ঘ আফগানিস্তান উত্তর: ক


৪. কোনটি মধ্যপ্রাচ্যের দেশ নয়? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১/রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন): ০৭-০৮]
ক ইরান খ কাতার
গ ইয়েমেন ঘ কাজাখস্তান উত্তর: ঘ

৫. মধ্যপ্রাচ্যের অধিকাংশ অধিবাসী- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক ককেশীয় খ মঙ্গোলীয়
গ নিগ্রো ঘ অস্ট্রেলীয় উত্তর: ক

জাপান

ভৌগোলিক বিবরণ

জাপান একটি দ্বীপরাষ্ট্র। জাপানের প্রধান চারটি দ্বীপ হোক্কাইডো, হনসু, শিকোকু এবং কিউসু। আয়তনে বৃহত্তম দ্বীপ হনসু। রাজধানী টোকিও হনসু দ্বীপে অবস্থিত। জাপানের একটি বিখ্যাত দ্বীপ ওকিনাওয়া। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যুক্তরাষ্ট্র দ্বীপটি দখল করে নেয়। ১৯৭২ সালে দ্বীপটি পুনরায় জাপানের কাছে ফেরত দেয়।



জাপানের প্রধান দ্বীপসমূহ

MCQ Solution

১. **The biggest island of Japan is-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি) ইউনিট - সেট ৫) : ১৫-১৬/ RAKUB Senior Officer : 10]
Or,
জাপানের সবচেয়ে বড় দ্বীপ- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ০৮-০৯]
ⓐ Hokkaido ⓑ Honshu
ⓒ Shikoku ⓓ Kyushu
ⓔ Okinawa **Ans. b**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

২. **হোক্কাইডো জাপানের একটি -** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক বড় শহর খ বড় নদী
গ বড় দ্বীপ ঘ একটি বড় বন্দর **উত্তর: গ**

৩. **হোক্কাইডো দ্বীপটি কোথায়?** [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার : ১৮ / জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬]
ক চীনে খ জাপানে
গ ফিলিপাইনে ঘ ইন্দোনেশিয়ায় **উত্তর: খ**

৪. **ওকিনাওয়া দ্বীপ যে দেশের মালিকানাধীন-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক চীন খ মার্কিন যুক্তরাষ্ট্র
গ জাপান ঘ দক্ষিণ কোরিয়া **উত্তর: গ**

উত্তর ও দক্ষিণ কোরিয়া

কোরিয়া বিভক্তি

১৯১০ সালে কোরীয় উপদ্বীপ জাপানের শাসনাধীন অঞ্চলে পরিণত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত কোরিয়া জাপানের অধীনে ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৫ সালে জাতিসংঘ কোরিয়া উপদ্বীপকে সোভিয়েত নিয়ন্ত্রণাধীন উত্তর এবং যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন দক্ষিণ অংশে বিভক্ত করে। ১৯৪৮ সালে আনুষ্ঠানিকভাবে উত্তর ও দক্ষিণ কোরিয়ার জন্ম হয়।

কোরীয় যুদ্ধ (১৯৫০-১৯৫৩ খ্রি.)

বিভক্ত কোরিয়াকে সংযুক্তিকরণের লক্ষ্যে ১৯৫০ সালের ২৫ জুন উত্তর কোরিয়া দক্ষিণ কোরিয়া আক্রমণ করে। কোরীয় যুদ্ধের প্রেক্ষিতে ১৯৫০ সালের ৩ নভেম্বর Uniting for peace resolution প্রস্তাব গৃহীত হয়। এই প্রস্তাবে বলা হয় 'জাতিসংঘ নিরাপত্তা পরিষদের মতবিরোধের কারণে যদি নিরাপত্তা পরিষদ আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে ব্যর্থ হয়, তবে তা অতি সত্বর সাধারণ পরিষদকে অবহিত করতে হবে।' অবশেষে ১৯৫৩ সালে কোরীয় যুদ্ধ বিরতি চুক্তি স্বাক্ষরিত হয়।

যুদ্ধোত্তর সম্পর্ক

- দুই কোরিয়ার মধ্যবর্তী সীমানা বিশ্বের সবচেয়ে সুরক্ষিত সীমানা।
- দুই কোরিয়ার সীমান্তবর্তী একটি গ্রাম Panmunjom (পানমুনজাম) যা শান্তিগ্রাম নামে পরিচিত।
- সানশাইন নীতি (Sunshine Policy) হলো ১৯৯৮ থেকে ২০০৮ সাল পর্যন্ত দক্ষিণ কোরিয়ার উত্তর কোরিয়া নীতি - যার মূল উদ্দেশ্য হলো দেশটিকে আলোচনায় সম্পৃক্ত করা।

MCQ Solution

১. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কোরিয়া নিচের কোন দেশের অধীনে ছিল?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭/ স্বাস্থ্য সহকারী নিয়োগ: ১০]
ক যুক্তরাষ্ট্র খ জাপান
গ চীন ঘ রাশিয়া **উত্তর: খ**

২. **উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া কবে বিভক্ত হয়?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৬]
ক ১৯৪৪ সালে খ ১৯৪৫ সালে
গ ১৯৪৬ সালে ঘ ১৯৪৭ সালে **উত্তর: খ**

৩. **কোরীয়ান যুদ্ধ কত সালে আরম্ভ হয়?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ক ১৯৪৮ খ ১৯৫০
গ ১৯৫১ ঘ ১৯৫৫ **উত্তর: খ**

৪. **The duration of the Korean War was -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি) ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓐ 2 years ⓑ 3 years
ⓒ 8 years ⓓ 15 years **Ans.** b

৫. **কোন সংকটকে কেন্দ্র করে ১৯৫০ সালে 'শান্তির জন্য ঐক্য প্রস্তাব' জাতিসংঘের মাধ্যমে পেশ করা হয়?** [৩৬তম বিসিএস]
ক ভিয়েতনাম সংকট খ সাইপ্রাস সংকট
গ কোরিয়া সংকট ঘ প্যালেস্টাইন সংকট **উত্তর: গ**

৬. **যে যুদ্ধের প্রেক্ষাপটে সাধারণ পরিষদে "Uniting for peace resolution" গৃহীত হয়েছিল–** [১৭তম বিসিএস]
ক সুয়েজ যুদ্ধ খ কোরীয় যুদ্ধ
গ পাক ভারত যুদ্ধ-১৯৬৫ ঘ ফকল্যান্ড যুদ্ধ **উত্তর: খ**

৩) **অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি** (International Covenant on Economic, Social and Cultural Rights), ১৯৬৬ খ্রি.

মানবাধিকার সংগঠন

ক) অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল (Amnesty International)

প্রতিষ্ঠাকাল	২৮ মে , ১৯৬১ খ্রি.
প্রতিষ্ঠাতা	পিটার বেনেনসন
সদর দপ্তর	লন্ডন, যুক্তরাজ্য
Note	সংস্থাটি ১৯৭৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

খ) হিউম্যান রাইটস ওয়াচ (Human Rights Watch)

প্রতিষ্ঠাকাল	হেলসিংকি ওয়াচ- ১৯৭৮ সাল ↓ হিউম্যান রাইট ওয়াচ - ১৯৮৬ সালে নামকরণ করা হয়।
সদর দপ্তর	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র

MCQ Solution

১. **মানবাধিকার কি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট-১) : ১৬-১৭]
ক খাদ্যের অধিকার খ বস্ত্রের অধিকার
গ চিকিৎসার অধিকার ঘ সম্মান ও নিরাপত্তা লাভের অধিকার
উত্তর: ঘ

২. **মানবাধিকার যে ধরনের অধিকার -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক প্রাকৃতিক খ রাজনৈতিক
গ সামাজিক ঘ অর্থনৈতিক
উত্তর: ক

৩. **Human rights is a -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ⓐ social right ⓑ political right
ⓒ economic right ⓓ religious right
Ans. a

৪. **১৬৮৯ সালে মানবাধিকায় প্রতিষ্ঠায় স্বাক্ষরিত হয় -** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ক Magna Carta
খ French Declaration of Rights of man and of the Citizen
গ English Bill of Rights
ঘ Petition of Rights
উত্তর: গ

৫. **কোন দেশের সংবিধানে বর্ণিত নাগরিক অধিকারসমূহ Bill of Rights নামে পরিচিত?** [রোকেয়া বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) ১৩-১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৫-০৬]
ক যুক্তরাজ্য খ যুক্তরাষ্ট্র
গ ফ্রান্স ঘ সুইডেন
ঙ অস্ট্রেলিয়া
উত্তর: খ

৬. **সর্বজনীন মানবাধিকার ঘোষণা কোন সালে জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩/ নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]
ক ১৯৪৬ খ ১৯৪৮
গ ১৯৫২ ঘ ১৯৭৬
উত্তর: খ

৭. **মানবাধিকার চুক্তি স্বাক্ষরিত ও স্বীকৃত হয়েছিল-** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ১৭]
ক ১৯৪৫ সালে খ ১৯৪৭ সালে
গ ১৯৪৮ সালে ঘ ১৯৫০ সালে
উত্তর: গ

৮. **মানবাধিকার দিবস পালিত হয় কবে?** [৩০তম বিসিএস/ ২৬তম বিসিএস/ ১১তম বিসিএস]
Or,
***The World Human Rights Day* is observed on-** [Pubali Bank Ltd. Senior Officer: 12]
ⓐ May 8 ⓑ August 6
ⓒ September 21 ⓓ December 10
ⓔ None of them
Ans. d

৯. **জাতিসংঘের 'মানবাধিকার কমিশন' গঠিত হয়-** [সাব-রেজিস্ট্রার : ০১]
ক ১৯৪৫ সালে খ ১৯৪৬ সালে
গ ১৯৪৭ সালে ঘ ১৯৪৮ সালে
উত্তর: খ

১০. **আর্ন্তজাতিক মানবাধিকার কমিশনের সদর দপ্তর কোথায়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান) : ১৭-১৮/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ- ইউনিট) : ১৬-১৭]
ক নিউ ইয়র্ক খ প্যারিস
গ জেনেভা ঘ লন্ডন
উত্তর: ঘ

১১. **প্রথম বিশ্ব মানবাধিকার সম্মেলন অনুষ্ঠিত হয় কোথায়?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক বাগদাদে খ ভিয়েনায়
গ টোকিওয়ে ঘ তেহরানে
উত্তর: খ

১২. **মানবাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কখন আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়?** [২৪তম বিসিএস]
ক ১৯৫০ সালে খ ১৯৫৫ সালে
গ ১৯৬৫ সালে ঘ ১৯৬৬ সালে
উত্তর: ঘ

১৩. **Amnesty International is -** [Mercantile Bank Ltd. Trainee Officer : 13]
ⓐ A UN agency to fight global terrorism (বিশ্ব সন্ত্রাসের বিরুদ্ধে সংগ্রামকারী জাতিসংঘের সংস্থা)
ⓑ A human rights group (একটি মানবাধিকার গোষ্ঠী)
ⓒ A refugee camp in Croatia (ক্রোয়েশিয়ার একটি শরণার্থী ক্যাম্প)
ⓓ A wing of the World Bank (বিশ্বব্যাংকের একটি শাখা)
ⓔ None of these
Ans. b

১৪. **Which organization is working for human right in the world? / বিশ্বে মানবাধিকারের জন্য কাজ করে কোন সংগঠন?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৩-১৪]
ⓐ Amnesty International
ⓑ Green Peace
ⓒ Transparency International
ⓓ Interpol
Ans. a

১৫. **What kind of organization is Amnesty International?** [Karmosangsthan Bank Officer : 09]
Or,
Amnesty International কি ধরনের সংস্থা? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০২-৩]
ⓐ Economic (অর্থনৈতিক)
ⓑ Literature related (সাহিত্য সম্পর্কিত)
ⓒ Human Rights (মানবাধিকার)
ⓓ Law related (আইন সম্পর্কিত)
Ans. c

১৬. **অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের লক্ষ্য-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৫-০৬/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]
ক শিক্ষাক্ষেত্রে সাহায্য দেয়া খ দুর্গতদের সহায়তা প্রদান
গ শিশুদের সাহায্য দেয়া ঘ মানবাধিকার সংরক্ষণ করা
উত্তর: ঘ

১৭. **নিম্নের কোন কার্যক্রমের সাথে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল যুক্ত?** [৩৮তম বিসিএস]
ক প্রাণীদের প্রতি নিষ্ঠুরতা রোধ খ পরিবেশ সংরক্ষণ
গ মানবাধিকার সংরক্ষণ ঘ ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ
উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

১৮. **Amnesty International was established in-** [Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 11]

Or,

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল কবে প্রতিষ্ঠিত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৫-০৬/ থানা নির্বাচন অফিসার : ০৪]

ⓐ Washington in 1962 ⓑ New York in 1964
ⓒ London in 1961 ⓓ Paris in 1963
ⓔ None of them

Ans. c

১৯. **Head office of Amnesty International situated in-** [Sonali, Janata, Agrani Bank Ltd. Officer : 08]

Or,

এ্যামনেস্টি ইন্টারন্যাশাল-এর সদর দপ্তর কোথায়? [৩৪তম বিসিএস/ বাতিল কৃত ২৪তম বিসিএস/ তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড সহকারী অফিসার (জেনারেল) : ১৮]

ⓐ Viena ⓑ Luexmberg
ⓒ Newyork ⓓ London
ⓔ France

Ans. d

২০. **Amnesty International কত সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছিল?** [২৭তম বিসিএস/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার : ০৬/ থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]

ⓚ ১৯৭৭ সালে ⓚ ১৯৭৮ সালে
ⓖ ১৯৭৯ সালে ⓖ ১৯৮১ সালে

উত্তর: ক

২১. **হিউম্যান রাইটস ওয়াচ কোন দেশভিত্তিক সংগঠন?** [বিটিভি-এর সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]

ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ ইতালি ⓖ ফ্রান্স

উত্তর: ক

জেনেভা কনভেনশন (Geneva Conventions)

যুদ্ধে উপদ্রুত এবং যুদ্ধে ক্ষতিগ্রস্থ মানুষের সাথে জনহিতকর আচরণের জন্য যে আইন রয়েছে তার একটি মানদণ্ড নির্ধারণ করেছে জেনেভা কনভেনশন। এতে চারটি আনুষ্ঠানিক চুক্তি এবং তিনটি বাড়তি প্রোটোকল রয়েছে। বস্তুত একবচন হিসেবে জেনেভা কনভেনশন ১৯৪৯ সালের একটি সন্ধিপত্রকে নির্দেশ করে যেটি সম্পাদিত হয়েছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী প্রতিক্রিয়া এবং এর ফলাফল হিসেবে। এই সন্ধিপত্রেই চতুর্থ চুক্তিটি যোগ করা হয় এবং প্রথম তিনটি (১৮৬৪, ১৯০৭, ১৯২৯ খ্রি. সম্পাদিত) চুক্তির হালনাগদ করা হয়।

১) **প্রথম জেনেভা কনভেনশন** সম্পাদিত হয় ১৮৬৪ সালে, যার লক্ষ্য ছিল যুদ্ধক্ষেত্রে আহত এবং অসুস্থ সৈন্যদের অবস্থার সার্বিক উন্নতি।

২) **দ্বিতীয় জেনেভা কনভেনশন** সম্পাদিত হয় ১৯০৭ সালে, সমুদ্রস্থ যুদ্ধক্ষেত্রে আহত, অসুস্থ এবং ধ্বংসপ্রাপ্ত জাহাজের সৈন্যদের অবস্থার সার্বিক উন্নতির লক্ষ্যে।

৩) **তৃতীয় জেনেভা কনভেনশনটি** যুদ্ধবন্দীদের প্রতি আচরণ ও তাদের নিরাপত্তা এবং চিকিৎসা সংক্রান্ত, ১৯২৯।

৪) **চতুর্থ জেনেভা কনভেনশনটি** যুদ্ধবস্থায় বেসামরিক জনগণ রক্ষার্থে সম্পাদিত, ১৯৪৯।

এই কনভেনগুলোর সমষ্টিকেই বলা হয় "১৯৪৯-এর জেনেভা কনভেনশনসমূহ" বা সাধারণভাবে জেনেভা কনভেনশন। একে চারটি রেডক্রস কনভেনশন নামেও অভিহিত করা হয়।

www.boimate.com

MCQ Solution

১. **The Geneva Convention deals with -/ জেনেভা কনভেনশন কোন বিষয়ের সাথে সম্পর্কিত?** [Agrani Bank Ltd. Senior Officer : 13]

ⓐ Women's rights (নারীর অধিকার)
ⓑ Peace and conflict (শান্তি এবং সংঘাত)
ⓒ International trade (আন্তর্জাতিক বাণিজ্য)
ⓓ Arms trafficking (অস্ত্র পাচার)
ⓔ Conduct of war (যুদ্ধ পরিচালনা)

Ans. b

২. **জেনেভা কনভেনশন হলো -** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট- বেলী): ০৩-০৪]

ⓚ যুদ্ধবন্দীদের প্রতি আচরণ বিধি ⓚ বাণিজ্য সম্মেলন
ⓖ যুদ্ধ বিরতীকরণ সম্মেলন ⓖ বিচার বিভাগীয় সম্মেলন

উত্তর: গ

৩. **'জেনেভা কনভেনশন' হয়েছিল-** [১০ম বিজেএস : ১৬]

ⓚ ১৮৬৪ সনে ⓚ ১৯০৬ সনে
ⓖ ১৯২০ সনে ⓖ ১৮০৬ সনে

উত্তর: ক

৪. **'জেনেভা কনভেনশন' কত সালে স্বাক্ষরিত হয়?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]

ⓚ ১৯৪৫ সালে ⓚ ১৯৪৭ সালে
ⓖ ১৯৪৮ সালে ⓖ ১৯৫৪ সালে

উত্তর:
ব্যাখ্যা : সঠিক উত্তর হবে - ১৯৪৯ সালে।

৫. **When was the Geneva Convention on prisoners of war signed?/** [Pubali Bank Ltd. Senior Officer/ Officer : 11]

ⓐ August 12, 1949 ⓑ August 14, 1947
ⓒ September 17, 1978 ⓓ January 10, 1966
ⓔ None of them

Ans. a

৬. **যুদ্ধবন্দীদের প্রতি আচরণ সম্পর্কিত জেনেভা কনভেনশন যে সনে স্বাক্ষরিত হয়-** [পি.এস.সি'র সহকারী পরিচালক : ০৬, ০৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ⓚ ১৯২৫ সনে ⓚ ১৯৪৯ সনে
ⓖ ১৯৬৬ সনে ⓖ ১৯৭২ সনে

উত্তর: খ

৭. **যুদ্ধ ও সশস্ত্র সংঘর্ষ সংক্রান্ত আইন প্রণয়ন বিষয়ে ১৯৪৯ সনের জেনেভা কনভেনসনসমূহ অভিহিত -** [২৪তম বিসিএস]

ⓚ 'দুটি রেডক্রস কনভেনশন' নামে
ⓚ 'তিনটি রেডক্রস কনভেনশন' নামে
ⓖ 'চারটি রেডক্রস কনভেনশন' নামে
ⓖ 'পাঁচটি রেডক্রস কনভেনশন' নামে

উত্তর: গ

৮. **কোনো যুদ্ধে সংঘটিত গণহত্যার বিচারে বেসামরিক জনগণের নিরাপত্তা-বিষয়ক কোন কনভেনশনটি প্রাসঙ্গিক?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৭ ইউনিট : সেট ৪ : শিফট ১) : ১৫-১৬]

ⓚ প্রথম জেনেভা কনভেনশন ⓚ দ্বিতীয় জেনেভা কনভেনশন
ⓖ তৃতীয় জেনেভা কনভেনশন ⓖ চতুর্থ জেনেভা কনভেনশন

উত্তর: ঘ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

স্বেচ্ছাসেবী সংগঠন

রেডক্রস এবং রেডক্রিসেন্ট - Red Cross and Red Crescent

ভূমিকা	রেডক্রস বিশ্বের দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত একটি আন্তর্জাতিক সংস্থা। মুসলিম বিশ্বে রেডক্রসের পরিবর্তিত নাম 'রেডক্রিসেন্ট'।
প্রতিষ্ঠাকাল	*International Committee of the Red Cross (ICRC)*: ১৮৬৩ সালের ১৭ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয়।
	International Federation of Red Cross and Red Crescent Societies (IFRC) : ১৯১৯ সালে প্রতিষ্ঠিত হয়।
	National Red Cross and Red Crescent Societies
প্রতিষ্ঠাতা	হেনরি ডুরান্ট
সদর দপ্তর	জেনেভা, সুইজারল্যান্ড
প্রতীক	লাল রঙের ক্রস (রেডক্রস); অর্ধাকৃতি চাঁদ (রেডক্রিসেন্ট)

স্কাউট আন্দোলন - Scout Movement

প্রতিষ্ঠাকাল	১৯০৭ খ্রি:
প্রতিষ্ঠাতা	রবার্ট ব্যাডেন পাওয়েল
বিভাগ	*World Organization of the Scout Movement (WOSM)* : শুধুমাত্র ছেলেদের জন্য প্রতিষ্ঠান। বয়েজ স্কাউটদের সর্ববৃহৎ সম্মেলনকে বলা হয় জাম্বুরি।
	World Association of Girl Guides and Girl Scouts (WAGGGS) : শুধুমাত্র মেয়েদের জন্য প্রতিষ্ঠান।
Note	১৯৭২ সালের ৯ এপ্রিল বাংলাদেশে স্কাউট আন্দোলন শুরু হয়।

রোটারি ইন্টারন্যাশনাল -Rotary International

প্রতিষ্ঠাকাল	১৯০৫ সাল
প্রতিষ্ঠাতা	পল হ্যারিস
সদর দপ্তর	ইলিনয়িস (শিকাগোর সন্নিকটে), যুক্তরাষ্ট্র
প্রতিষ্ঠার উদ্দেশ্য	বিশ্বব্যাপী ব্যবসায়ী ও শিল্পপতিদের পারস্পরিক সহযোগিতা এবং তাদের স্বার্থ সংরক্ষণের জন্য মানবকল্যাণমুখী সমাজ উন্নয়নমূলক আন্তর্জাতিক সংস্থা।

অক্সফাম ইন্টারন্যাশনাল - Oxfam International

প্রতিষ্ঠাকাল	১৯৪২ সাল
সদর দপ্তর	অক্সফোর্ড, যুক্তরাজ্য

www.boimate.com

অরবিস ইন্টারন্যাশনাল - Orbis International

পরিচিতি	উড়ন্ত চক্ষু হাসপাতাল
সদর দপ্তর	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
উদ্দেশ্য	প্রতিরোধ করা সম্ভব এমন অন্ধত্ব নির্মূল করা।

লায়নস ক্লাব ইন্টারন্যাশনাল - Lions Club International

পরিচিতি	বিশ্বব্যাপী ধনাঢ্য ব্যক্তিদের দ্বারা গঠিত সংস্থা
প্রতিষ্ঠাতা	মেলভিন জোন্স
সদর দপ্তর	ইলিনয়, যুক্তরাষ্ট্র

MCQ Solution

১. **রেডক্রস প্রতিষ্ঠিত হয়-** [৩০তম বিসিএস/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস) : ০৭-০৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]

Or,

Red Cross was established in- [EXIM Bank Ltd. Trainee Assistant Officer(TAO): 18]

ক ১৮৬৪ সালে খ ১৮৬৮ সালে
গ ১৮৬৬ সালে ঘ ১৮৬১ সালে **উত্তর:**

ব্যাখ্যা: সঠিক উত্তর হবে - ১৮৬৩ সালে।

২. **রেডক্রসের প্রতিষ্ঠাতা হলেন-** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার : ১৭/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা) : ১৩/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ) : ০৪-০৫]

ক ব্যাডেন পাওয়েল খ পল পি হ্যারিস
গ হেনরি ডুরান্ট ঘ আলফ্রেড নোবেল **উত্তর: গ**

৩. **Where is the headquarters of the International Committee of the Red Cross located?** [Dhaka Bank Ltd. MTO : 11]

Or,

'আন্তর্জাতিক রেডক্রস' এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [৩২তম বিসিএস/ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা : ১৭/ সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫]

ⓐ New York ⓑ Geneva
ⓒ London ⓓ Paris
ⓔ None of these **Ans. b**

৪. **'Rotary International' কবে প্রতিষ্ঠিত হয়?** [১৬তম বিসিএস/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার : ০৩/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]

ক ১৯০৩ সালে খ ১৯০৫ সালে
গ ১৯০৯ সালে ঘ ১৯১২ সালে **উত্তর: খ**

৫. **আন্তর্জাতিক রোটারি সংস্থার প্রতিষ্ঠাতার নাম কি?** [১১তম বিসিএস/ যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]

ক W. Wilson খ Paul Harris
গ Baden Powel ঘ H. Wilson **উত্তর: খ**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৬. **বিশ্ব রোটারি ক্লাবের হেড অফিস কোথায়?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক লিভারপুল খ বোস্টন
গ শিকাগো ঘ বার্লিন **উত্তর: গ**

৭. **অক্সফাম যে দেশের প্রতিষ্ঠান–** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]
ক সুইডেন খ নরওয়ে
গ আমেরিকা ঘ ইংল্যান্ড **উত্তর: ঘ**

৮. **অক্সফাম (Oxfam) এর সদর দপ্তর কোথায়?** [২৭ তম বিসিএস/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) : ১০-১১ / ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার : ১০]
ক নিউইয়র্ক খ ক্যামেনিক্স
গ লন্ডন ঘ হেগ **উত্তর:**

৯. **স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ২ - আরবি) : ১৫-১৬]
ক রবার্ট ব্যাডেন পাওয়েল খ লর্ড ওয়াভেল
গ লর্ড কার্জন ঘ লর্ড বেনিস **উত্তর: ক**

১০. **বয়েজ স্কাউটদের সর্ববৃহৎ সম্মেলনকে বলা হয়-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ক সিম্পোজিয়াম খ অ্যাসেম্বেলি
গ কনভেনশন ঘ জাম্বুরি **উত্তর: ঘ**

১১. **আনুষ্ঠানিকভাবে বাংলাদেশে স্কাউট আন্দোলন প্রতিষ্ঠিত হয় কবে?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার : ০৬]
ক ১৯৭২ সাল, ৯ এপ্রিল খ ১৯৭৪ সাল, ১৪ আগস্ট
গ ১৯৭৬ সাল, ৯ এপ্রিল ঘ ১৯৭৮ সাল, ১৪ আগস্ট **উত্তর: ক**

১২. **'অরবিস' কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৮-০৯/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক (শ্রম) : ০১]
ক উড়ন্ত চক্ষু হাসপাতাল খ উড়ন্ত কিডনি হাসপাতাল
গ উড়ন্ত হৃদরোগ হাসপাতাল ঘ বোমারু বিমান **উত্তর: ক**

সামাজিক সমস্যা

ক) বর্ণবাদ (Apartheid)

বর্ণবাদ বিরোধী বিশ্ব সম্মেলন : জাতিগত মতাদর্শ ও আচরণের বিরুদ্ধে সংগ্রামকে জোরদার করার লক্ষ্যে ইউনেস্কো কর্তৃক আয়োজিত হয় বর্ণবাদ বিরোধী বিশ্ব সম্মেলন। ১৯৭৮ ও ১৯৮৩ সালে এ সম্মেলন অনুষ্ঠিত হয় সুইজারল্যান্ডের জেনেভায়। ২০০১ সালে অনুষ্ঠিত হয় দক্ষিণ আফ্রিকার ডারবানে। ২০০৯ সালে ডারবান পর্যালোচনা সম্মেলন অনুষ্ঠিত হয় সুইজারল্যান্ডের জেনেভায়।

আন্তর্জাতিক বর্ণবৈষম্যবাদ বিরোধী দিবস : জাতিসংঘের সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী প্রতি বছর ২১ মার্চ 'আন্তর্জাতিক বর্ণবৈষম্যবাদ বিরোধী দিবস' পালন করা হয়।

নাগরিক অধিকার আইন : যুক্তরাষ্ট্রের নিগ্রোদের অধিকার আদায় আন্দোলনের অহিংসবাদী নেতা মার্টিন লুথার কিং জুনিয়র। আমেরিকান-আফ্রিকানদের "সামাজিক অধিকার" প্রতিষ্ঠার জন্য তিনি ১৯৬৩ সালের ওয়াশিংটনের লংমার্চে "I have a dream that one day this nation will rise up and live out the true meaning of its creed: "We hold these truths

to be self-evident: that all men are created equal." শীর্ষক বিখ্যাত ভাষণটি দেন। ১৭ মিনিটের স্থায়ী এই ভাষণের প্রভাবেই ১৯৬৪ সালে যুক্তরাষ্ট্রে নাগরিক আইন ও ১৯৬৫ সালে ভোটাধিকার আইন প্রণীত হয়। লুথার কিং ১৯৬৮ সালের ৪ এপ্রিল যুক্তরাষ্ট্রের টেনিসি অঙ্গরাজ্যের মেমফিস শহরে সংগ্রামের শীর্ষ মুহূর্তে এক আততায়ীর গুলিতে নিহত হন। মার্টিন লুথার কিং জুনিয়রের অমর উক্তি -



- *Injustice anywhere is a threat to justice everywhere.*
- *Life's most persistent and urgent question is, 'What are you doing for others?*
- *Our lives begin to end the day we become silent about things that matter.*
- *Faith is taking the first step even when you don't see the whole staircase.*

Black Lives Matter : 'Black Lives Matter' একটি টুইটার হ্যাশট্যাগ, একটি স্লোগান ও বর্ণবাদ বিরোধী সামাজিক আন্দোলন।

MCQ Solution

১. **Apartheid কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট এ) : ১৪-১৫]
ক লিঙ্গ বৈষম্য খ ধর্ম বৈষম্য
গ বর্ণ বৈষম্য ঘ শিক্ষা বৈষম্য **উত্তর: গ**

২. **What does 'apartheid' refer to?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা কর্মকর্তা (ATEO) : ১৬/ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১৬]
ⓐ Apart ⓑ Distance
ⓒ Discrimination ⓓ Dialogue **Ans. c**

৩. **জাতিসংঘের সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী আন্তর্জাতিক বর্ণবৈষম্যবাদ বিরোধী দিবসপালন করা হয়-** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬ / শ্রম অধিদপ্তরের সহকারী অফিসার : ৯৬]
ক ৮ মার্চ খ ২১ মার্চ
গ ২৪ অক্টোবর ঘ ৮ এপ্রিল **উত্তর: খ**

৪. **আন্তর্জাতিক বর্ণবাদ বিরোধী দিবস কোনটি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট) : ১৬-১৭ / বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪ / খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অধীনে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৪]
ক ১ জানুয়ারি খ ২১ মার্চ
গ ২১ মে ঘ ৩০ জুন **উত্তর: খ**

৫. **বর্ণবাদ বিরোধী বিশ্ব সম্মেলন দক্ষিণ আফ্রিকার কোন শহরে অনুষ্ঠিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ০৩-০৪]
ক জোহান্সবার্গ খ ডারবান
গ সানসিটি ঘ প্রিটোরিয়া **উত্তর: খ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৬. যুক্তরাষ্ট্রের নিগ্রোদের অধিকার আদায়ের আন্দোলনের অহিংসবাদী নেতা কে ছিলেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২/ ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ-ইউনিট;সেট-০১) : ১১-১২ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ক হেনরী খ মার্টিন লুথার কিং
গ দেসমন্ড টুটু ঘ কেনেথ কাউন্ডা উত্তর: খ

৭. মার্টিন লুথার কিং জুনিয়র ছিলেন একজন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]

ক নাগরিক অধিকার আন্দোলনকারী খ ধর্মীয় সংস্কারক
গ গায়ক ঘ চিত্রশিল্পী উত্তর: ক

৮. মার্টিন লুথার কিং কোন দেশের অধিবাসী? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]

ক সুইডেন খ যুক্তরাষ্ট্র
গ লুক্রেমবার্গ ঘ বাংলাদেশ উত্তর: খ

৯. I Have a Dream শীর্ষক বিখ্যাত ভাষণটি প্রদান করেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল) : ১১-১২]

Or,

'আমার একটি স্বপ্ন আছে' বক্তৃতাটি কে প্রদান করেছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]

ক মার্টিন লুথার কিং খ নেলসন ম্যান্ডেলা
গ মহাত্মা গান্ধী ঘ মোহাম্মদ আলী জিন্নাহ উত্তর: ক

১০. 'I have a ..... that one day this nation will live out the true meaning of its creed that all men are created equal.' [২৯তম বিসিএস]

ⓐ Desire ⓑ Hope
ⓒ Dream ⓓ Wish **Ans. c**

১১. Who authored that statement "Injustice anywhere is a threat to justice everywhere? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১২-১৩]

ⓐ Harold Laski ⓑ Martin Luther King
ⓒ Tocqueville ⓓ Abraham Lincoln
ⓔ John Adams **Ans. b**

১২. কোন সালে বিখ্যাত কৃষ্ণাঙ্গ নেতা মার্টিন লুথার কিং জুনিয়র আততায়ীর গুলিতে প্রাণ হারান? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬/ উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]

ক ১৯৫৮ সালে খ ১৯৬৮ সালে
গ ১৯৪৮ সালে ঘ ১৯৭৮ সালে উত্তর: খ

১৩. কোন মার্কিন কৃষ্ণাঙ্গ নাগরিক অধিকার নেতা আততায়ীর গুলিতে নিহত হন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ক নেলসন ম্যান্ডেলা খ মার্টিন লুথার কিং
গ এলিজা মোহাম্মদ ঘ ম্যালকম এক্স উত্তর: খ

১৪. In which city was Martin Luther king assassinated in 1968?/ ১৯৬৮ সালে মার্টিন লুথার কিং কে কোন শহরে হত্যা করা হয়েছিল? [Bangladesh Bank Assistant Director : 14]

ⓐ Oklahoma ⓑ Memphis
ⓒ New Orleans ⓓ Phoenix **Ans. b**

১৫. Black Liberation Army is present in - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এক ইউনিট : সেট-২) : ১৫-১৬]

ⓐ Nigeria ⓑ Somalia
ⓒ United states of America ⓓ Mexico **Ans. c**

১৬. পেশাগত দিক থেকে ডসমন্ড টুটো - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ক ধর্মযাজক খ বর্ণবাদ বিরোধী নেতা
গ রাজনৈতিক নেতা ঘ মানবাধিকার কর্মী উত্তর: ক

১৭. 'Black Lives Matter' কি? [৩৭তম বিসিএস]

ক একটি গ্রন্থের নাম খ একটি পানীয়
গ বর্ণবাদ বিরোধী আন্দোলন ঘ একটি NGO উত্তর: গ

খ) নারী ও শিশু নির্যাতন

১৮৫৭ সালের ৮ মার্চ মজুরিবৈষম্য, কর্মঘণ্টা এবং কর্মক্ষেত্রে বৈরী পরিবেশের প্রতিবাদ করেন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের সুতা কারখানার একদল শ্রমজীবী নারী। প্রতিবাদকারীদের উপর দমন-পীড়ন চালায় মালিকপক্ষ। জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ক্লারা জেটকিন ১৯১০ সালে কোপেনহেগেনের এক নারী সম্মেলনে ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে প্রস্তাব করে। এরই ধারাবাহিকতায় ১৯৭৫ সাল থেকে জাতিসংঘ এ দিনটিকে নারী দিবস হিসেবে পালন করছে।

শিশু বিষয়ক আন্তর্জাতিক দিবস

বিশ্ব কন্যা শিশু দিবস : ১১ অক্টোবর
বিশ্ব শিশু অধিকার দিবস : ২০ নভেম্বর

নারী নির্যাতন প্রতিরোধে ১৯৯৯ সালে জাতিসংঘের সাধারণ পরিষদ ২৫ নভেম্বরকে 'আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস' হিসেবে পালনের ঘোষণা করে।

বিশ্ব নারী সম্মেলন

প্রথম	১৯৭৫ মেক্সিকো সিটি, মেক্সিকো	তৃতীয়	১৯৮৫ নাইরোবি, কেনিয়া
দ্বিতীয়	১৯৮০ কোপেনহেগেন, ডেনমার্ক	চতুর্থ	১৯৯৫ বেইজিং, চীন

শিশুদের অধিকার রক্ষার জন্য একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান SOS-Children's Villages। ১৯৪৯ সালে এটি প্রতিষ্ঠিত হয়। সংগঠনটির প্রতিষ্ঠাতা হারম্যান মেইনার।

MCQ Solution

১. When is the International Woman's Day celebrated every year? [ICB Officer : 11]

Or,

'বিশ্ব নারী দিবস' পালিত হয় প্রতি বছর- [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩/ পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১/ অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]

Or,

জাতিসংঘ 'আন্তর্জাতিক নারী দিবস' হিসেবে কোন দিনটিতে স্বীকৃতি দেয়? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৬/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলী) : ১১]

ⓐ 8 March ⓑ 8 April
ⓒ 7 March ⓓ 18 April
ⓔ 18 March **Ans. a**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২. ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস পালনের প্রস্তাব করেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ক ক্রুপস্কায়া খ কোলনতাই
গ রোজা লুক্সেমবার্গ ঘ ক্লারা জেটকিন
উত্তর: ঘ

৩. চতুর্থ বিশ্বনারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]
ক নাইরোবি খ মেক্সিকো
গ কোপেনহেগেন ঘ বেইজিং
উত্তর: ঘ

৪. বেইজিং - এ অনুষ্ঠিত সর্বশেষ বিশ্ব নারী সম্মেলনের উদ্যোক্তা কারা? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৫]
ক চীন খ যুক্তরাষ্ট্র
গ জাপান ঘ জাতিসংঘ
উত্তর: ঘ

৫. আন্তর্জাতিক নারী নির্যাতন বিলোপ দিবস কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা) : ০৭-০৮]
ক ২৩ নভেম্বর খ ২৫ নভেম্বর
গ ২৭ নভেম্বর ঘ ২৯ নভেম্বর
উত্তর: খ

৬. বিশ্ব কন্যা শিশু দিবস কবে পালিত হয়- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৫-১৬]
ক ৭ অক্টোবর খ ৮ অক্টোবর
গ ৯ অক্টোবর ঘ ১০ অক্টোবর
ঙ ১১ অক্টোবর
উত্তর: ঙ

৭. We celebrate International Day Child Rights on/ বিশ্ব শিশু অধিকার দিবস পালিত হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোক প্রশাসন) : ০৭-০৮]
ক 29th September খ 20th November
গ 19th March ঘ 6th June
ঙ None of these
উত্তর: খ

৮. বিশ্ব শিশু দিবস উদযাপিত হয় কোন মাসের কোন তারিখ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোকপ্রশাসন বিভাগ) : ০২-০৩]
ক সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার
খ নভেম্বর মাসের প্রথম সোমবার গ অক্টোবর মাসের প্রথম সোমবার
ঘ কোনোটিই নয়
উত্তর: ঘ

৯. আন্তর্জাতিক শিশু পল্লীর প্রতিষ্ঠাতা কে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক : ০৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) : ০৫-০৬]
ক অ্যাঞ্জেলা গোমেজ খ হারম্যান মেইনার
গ ভেলরি এ টেইলর ঘ ব্যাডেন পাওয়েল
উত্তর: খ

গ) ধূমপান ও মাদকাসক্তি

গোল্ডেন ট্রায়াঙ্গাল	মায়ানমার, লাওস ও থাইল্যান্ড সীমান্তে অবস্থিত পপি উৎপাদনকারী অঞ্চল
গোল্ডেন ক্রিসেন্ট	আফগানিস্তান, পাকিস্তান ও ইরান সীমান্তে অবস্থিত আফিম মাদক উৎপাদনকারী অঞ্চল
গোল্ডেন ওয়েজ	বাংলাদেশ, ভারত ও নেপাল সীমান্ত যা মাদক পাচার ও চোরাচালানের জন্য বিখ্যাত
গোল্ডেন ভিলেজ	বাংলাদেশের কুষ্টিয়া জেলার ২৬ টি গ্রামকে গাঁজা উৎপাদনের জন্য 'গোল্ডেন ভিলেজ' বলা হয়।

www.boimate.com

MCQ Solution

১. পপি উৎপাদন ক্ষেত্রে কোন দেশগুলোকে 'গোল্ডেন ট্রায়াঙ্গল' বলা হয়? [১৪তম বিসিএস/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]
ক মায়ানমার, থাইল্যান্ড ও চীন খ মায়ানমার, থাইল্যান্ড ও লাওস
গ মায়ানমার, থাইল্যান্ড ও কম্বোডিয়া ঘ ইরান, আফগানিস্তান ও পাকিস্তান
উত্তর: খ

২. মাদক উৎপাদন এবং চোরাচালানের জন্য বিখ্যাত গোল্ডেন ট্রায়াঙ্গল কি? [সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক : ০৫/ পিএসসি সহকারী পরিচালক : ৯৮]
ক মায়ানমার, লাওস ও থাইল্যান্ড সীমান্ত অঞ্চল
খ পাকিস্তান, আফগানিস্তান ও ইরান সীমান্ত অঞ্চল
গ বাংলাদেশ, ভারত ও নেপাল সীমান্ত অঞ্চল
ঘ উপরের কোনটিই না
উত্তর: ক

৩. আফগানিস্তান, পাকিস্তান ও ইরানের মধ্যে অবস্থিত আফিম উৎপাদনকারী অঞ্চলকে কি বলে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ০৮-০৯]
ক গোল্ডেন ট্রায়াঙ্গল খ গোল্ডেন ওয়েজ
গ গোল্ডেন ক্রিসেন্ট ঘ গোল্ডেন এরেনা
ঙ গোল্ডেন মরিয়া
উত্তর: গ

৪. পৃথিবীর বৃহত্তম আফিম উৎপাদক দেশ হিসেবে কোন দেশগুলোকে 'দি গোল্ডেন ক্রিসেন্ট' বলা হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক মিয়ানমার, লাওস ও থাইল্যান্ড খ আফগানিস্তান, ইরান ও ইরাক
গ আফগানিস্তান, পাকিস্তান ও ইরান ঘ মিয়ানমার, মালয়েশিয়া ও থাইল্যান্ড
উত্তর: গ

৫. মাদকদ্রব্য উৎপাদন ও চোরাচালানের জন্য ল্যাটিন আমেরিকার সবচেয়ে আলোচিত দেশ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ক নিকারাগুয়া খ কলম্বিয়া
গ মেক্সিকো ঘ হন্ডুরাস
উত্তর: খ

৬. Golden Crescent কি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক : ১৩]
ক সোনালী অর্ধচন্দ্র খ চিকিৎসা সেবার প্রতীক
গ ইরান, ইরাক ও আফগানিস্থান এলাকা ঘ পাকিস্তান,ইরান ও আফগানিস্থান এলাকা
উত্তর: ঘ

৭. Golden Triangle - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক : ১৩]
ক সোনালী ত্রিভুজ খ তিন নদীর মোহনা
গ লাওস, থাইল্যান্ড ও মায়ানমার ঘ নেপাল, ভুটান ও চীন
উত্তর: গ

৮. আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস কবে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৩-১৪/ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ক ৫ জুন খ ২৩ জুন
গ ২৬ জুন ঘ ২৭ জুন
উত্তর: গ

৯. INCB-এর পূর্ণ রূপ কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক : ১৩]
ক International Nutrition Control Board
খ International Narcotics Control Board
গ International Narcotics control Bureau
ঘ এর কোনটিই নয়
উত্তর: খ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১০. কোন দেশ প্রথম জনসমক্ষে ধূমপান নিষিদ্ধ করে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]

ক শ্রীলঙ্কা খ ভুটান
গ সুইডেন ঘ কানাডা
উত্তর: খ

১১. World's first tobacco free country is - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : সেট-২) : ১৫-১৬]

Or,

বিশ্বের প্রথম ধূমপানমুক্ত দেশ কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক : ১৩/ সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক : ০৫]

ⓐ Switzerland ⓑ Australia
ⓒ Bhutan ⓓ Netherlands
Ans. c

ঘ) দুর্নীতি

দুর্নীতি সম্পর্কে লর্ড অকটন বলেন, "Power tends to corrupt, and absolute power corrupts absolutely (ক্ষমতা মানুষকে দুর্নীতিগ্রস্ত করে, চরম ক্ষমতা চরমভাবে দুর্নীতিগ্রস্ত করে)।"

পানামা পেপারস কেলেঙ্কারি: ৩ এপ্রিল, ২০১৬ তারিখে মোসাক ফনসেকা এ্যান্ড কোম্পানি পানামা পেপারস প্রকাশ করে। পানামা পেপারসের মাধ্যমে ধনীদের কর ফাঁকি দেয়ার এবং অর্থ লুকিয়ে রাখার অসংখ্য উপায়ের কথা বলা হয়েছে। এতে রয়েছে ১১.৫ মিলিয়ন গোপন নথি, যেখানে ২১৪০০০ এর বেশি কোম্পানির নাম উঠে এসেছে। এছাড়াও রয়েছে আর্জেন্টিনা, আইসল্যান্ড, সৌদি আরব, ইউক্রেন এবং সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপ্রধানের নাম। পানামা পেপারস ফাঁসকারী ব্যক্তি নিজেকে জন ডোয়ে নামে পরিচয় দেন। ২০১৭ সালের ২৮ জুলাই পানামা পেপারস মামলায় পাকিস্তানের সুপ্রিম কোর্ট নওয়াজ শরীফকে দেশটির প্রধানমন্ত্রীর পদে অযোগ্য ঘোষণা করে রায় প্রদান করে।

প্যারাডাইস পেপারস কেলেঙ্কারি: বিশ্বের ক্ষমতাধর ও ধনাঢ্য ব্যক্তিদের অফসোর কোম্পানিতে বিনিয়োগের নাম করে বিদেশে অর্থ পাচার ও কর ফাঁকি নিয়ে ৫ নভেম্বর, ২০১৭ ফাঁস হয় প্যারাডাইস পেপারস কেলেঙ্কারি।

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (Transparency International)

প্রতিষ্ঠাকাল	১৯৯৩ সাল
প্রতিষ্ঠাতা	পিটার ইজেন
সদর দপ্তর	বার্লিন, জার্মানি
উদ্দেশ্য	দুর্নীতি প্রতিরোধ
Note	• TIB = Transparency International Bangladesh. • CPI = Corruption Perceptions Index.

TRANSPARENCY INTERNATIONAL



আন্না হাজারে (প্রকৃত নাম কিষাণ বাবুরাও হাজারে) একজন ভারতীয় সমাজ সংস্কারক। ২০১১ সালের ৫ এপ্রিল থেকে তিনি সরকারি কার্যালয়ে দুর্নীতি রোধে জন 'লোকপাল বিল আইন' রূপে বলবৎ করার দাবিতে কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করার জন্য আমরণ অনশনে বসেন।

www.boimate.com

MCQ Solution

১. "নিরঙ্কুশ ক্ষমতা নিরঙ্কুশভাবে দুর্নীতিগ্রস্ত"- এটি কার উক্তি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৭-১৮]

ক Lord Acton খ Lord Diplock
গ Lord Halsbury ঘ Lord Oliver
Ans. a

২. পানামা পেপারস ফাঁসের ঘটনায় যে দেশের প্রধানমন্ত্রী পদত্যাগ করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট, অবাণিজ্য) : ১৭-১৮]

ক আইসল্যান্ড খ আইসল্যান্ড ও ভারত
গ পাকিস্তান ঘ আইসল্যান্ড ও পাকিস্তান
উত্তর: গ

৩. নাওয়াজ শরীফকে পাকিস্তানের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করতে হল কেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]

ক মেমোগেট কেলেঙ্কারি খ ওয়াটারগেট কেলেঙ্কারি
গ পানামা পেপারস কেলেঙ্কারি ঘ বোফোর্স কেলেঙ্কারি
উত্তর: গ

৪. বিশ্বের ক্ষমতাধর ব্যক্তিবর্গের কর ফাঁকি সম্পর্কিত সম্প্রতি ফাঁস হওয়া নথিটি হলো- [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান) : ১৭-১৮]

ক দি ডেইলি মেইল খ পানামা পেপারস
গ প্যারাডাইস পেপারস ঘ দি ডেইলি মিরর
উত্তর: গ

৫. What is the name of the organization working worldwide against corruption? [Trust Bank Ltd. Trainee Asst. Cash Officer : 12/ ICB Senior Officer : 11]

Or,

দুর্নীতি হ্রাসের লক্ষ্যে কাজ করে কোন সংগঠন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ⓐ Green peace ⓑ Amnesty International
ⓒ Transparency International ⓓ Interpol
ⓔ UNDP
Ans. c

৬. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল কোন দেশ ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকে কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৪/ জেলা নির্বাচন অফিসার: ০৪]

ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য গ ফ্রান্স
ঘ ইতালি ঙ জার্মানি
উত্তর: ঙ

৭. The headquarters of Transparency International is located at - [Probashi Kallyan Bank Executive Officer (Cash) : 18 / Southeast Bank Ltd. Probationary Officer : 12]

Or,

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (TI) এর সদর দপ্তর কোথায়? [২৬তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৭-০৮]

ⓐ London ⓑ Paris
ⓒ Berlin ⓓ Washington D.C.
Ans. c

৮. Transparency International is concerned with - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : কোড-৪) : ১৬-১৭]

ⓐ Advocacy for corruption ⓑ Promotion of corruption
ⓒ Promotion of bad governance
ⓓ None of the above
Ans. d

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৯. **TIB-এর পূর্ণরূপ কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৫-০৬]
ক Transparence International Bangladesh
খ Transparency International Bangladesh
গ Transparency of Intelligence Branch
ঘ Transparency of Intelligence Bureau
উত্তর: খ

১০. **The Indian anti-corruption crusader, who protested through hunger strike, is :** [Bangladesh Bank Cash Officer : 11]
ⓐ Bhupin Hazarika ⓑ Anna Hazare
ⓒ Mamata Banarjee ⓓ Manmohan Shingh
ⓔ Rahul Gandhi
Ans. b

১১. **আন্না হাজারীর আসল নাম কী?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]
ক জয়ন্তী হাজারী খ রামচন্দ্র হাজারী
গ কৃষ্ণচন্দ্র সেন ঘ কিষাণ বাবুরাও হাজারী
উত্তর: গ

১২. **আন্না হাজারে কেন অনশন ধর্মঘট করেছেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]
ক দুর্ভিক্ষ মোচন খ সুশাসন প্রতিষ্ঠা
গ দুর্নীতি দমন ঘ গণতন্ত্র রক্ষা
উত্তর: গ

১৩. **ভারতের সমাজকর্মী আন্না হাজারে কীসের বিরুদ্ধে আন্দোলন করেছেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ক মাদক খ সন্ত্রাসবাদ
গ দুর্নীতি ঘ দারিদ্র
উত্তর: গ

www.boimate.com

রাষ্ট্র ও কূটনীতি
State & Diplomacy

রাষ্ট্রবিজ্ঞান (Political science)
রাষ্ট্রবিজ্ঞান সমাজবিজ্ঞানের শাখাবিশেষ; যেখানে রাষ্ট্র, সমাজ ও রাজনীতি সম্পর্কিত বিষয়াবলী আলোচনা করা হয়।

এরিস্টটল রাষ্ট্রবিজ্ঞানকে রাষ্ট্র সম্পর্কীয় বিজ্ঞান হিসেবে উল্লেখ করেছেন। এরিস্টটলকে রাষ্ট্রবিজ্ঞানের জনক বলা হয়।



নিকোলো মেকিয়াভেলী ছিলেন রেঁনেসাস যুগের দার্শনিক, ঐতিহাসিক, কূটনৈতিক এবং রাজনীতিবিদ। তাঁকে আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক বলা হয়। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Prince'। তিনি ধর্ম নিরপেক্ষ (Secular) রাষ্ট্রব্যবস্থার প্রবর্তক। সাধারণত এই ব্যবস্থায় সকল ধর্মের মর্যাদা সমুন্নত রাখা হয়।

MCQ Solution

১. **রাষ্ট্রবিজ্ঞানের প্রতিষ্ঠাতা কে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২ / মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D) : ১১-১২ / কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
Or,
Who is the father of political science? [খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৩-০৪]
ক প্লেটো খ বার্জেস
গ এরিস্টটল ঘ গেটে
উত্তর: গ

২. **আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক কে?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট A) : ০৯-১০]
ক এরিস্টটল খ ম্যাকিয়ভেলী
গ হবস্ ঘ লক
উত্তর: খ


৩. **The Prince (দি প্রিন্স) গ্রন্থের রচয়িতা -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭/ ইসলামী বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৩-১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক হবস খ ম্যাকিয়াভেলি
গ এরিস্টটল ঘ স্টুয়ার্ড মিল
উত্তর: খ

রাষ্ট্র
রাষ্ট্র একটি রাজনৈতিক প্রতিষ্ঠান। বিশ্বের মানুষ কোনো না কোনো রাষ্ট্রে বসবাস করে। রাষ্ট্র সম্পর্কে বিভিন্ন মনীষীর বিখ্যাত উক্তি নিম্নরূপ-

অধ্যাপক গার্নার — সুনির্দিষ্ট ভূখণ্ডে স্থায়ীভাবে বসবাসকারী, সুসংগঠিত সরকারের প্রতি স্বভাবজাতভাবে আনুগত্যশীল, বহিঃশত্রুর নিয়ন্ত্রণ হতে মুক্ত, স্বাধীন জনসমষ্টিকে রাষ্ট্র বলে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

অধ্যাপক বার্জেস	রাষ্ট্র মানব সমাজের ক্রমবিবর্তনের ফল।
ব্রিটিশ দার্শনিক টিএইচ গ্রিন	শক্তি নয় ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি।
হবস্	রাষ্ট্রই সর্বেসর্বা।
মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন	রাষ্ট্র হল আইনানুসারে সংগঠিত নির্দিষ্ট ভূখরে একটি জনসমষ্টি ।



বিশ্বে রাষ্ট্রব্যবস্থার বিভিন্ন রূপ

বর্তমানে বিশ্বে স্বাধীন রাষ্ট্রের সংখ্যা ১৯৫টি (সূত্র: *US Department Of State*) । ২০১১ সালের ৯ জুলাই দক্ষিণ সুদান আনুষ্ঠানিকভাবে সুদান থেকে স্বাধীন হয় এবং বিশ্বের নবীনতম রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে।

MCQ Solution

১. বর্তমান বিশ্বে স্বাধীন দেশের সংখ্যা কত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২/ পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

ক ১৯২ টি খ ১৯৩ টি
গ ১৯৪ টি ঘ ১৯৫ টি **উত্তর: ঘ**

২. বিশ্বের নতুনতম রাষ্ট্র কোনটি? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সাঁটমুদ্রাক্ষরিক : ১৭/ গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]

ক দক্ষিণ সুদান খ পূর্ব তিমুর
গ সিয়েরা লিওন ঘ কোনোটিই নয় উত্তর: ক

৩. When did South Sudan become the newest independent state in the world?/ বিশ্বের নবীনতম স্বাধীন রাষ্ট্র দক্ষিণ সুদানের জন্ম হয় কবে? [Probashi Kallyan Bank Ltd. Senior Officer (Cash) : 14 / Bangladesh Bank Asst. Director : 11/ Agrani Bank Ltd Senior Officer : 11]

ⓐ March 30, 2011 ⓑ April 30, 2011
ⓒ May 04, 2011 ⓓ June 04, 2011
ⓔ July 09, 2011 **Ans.** e

৪. "শক্তি নয় ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি-" বলেছেন- [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ইউনিট C (অর্থনীতি) : ০৮-০৯]

ক টিএইচ গ্রিন খ টিএইচ ব্রাউন
গ এরিস্টটল ঘ প্লেটো **উত্তর: ক**

৫. 'রাষ্ট্র মানব সমাজের ক্রমবিবর্তনের ফল' বলেছেন - [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭ / ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৫-০৬]

ক সক্রেটিস খ এরিস্টটল
গ প্লেটো ঘ অধ্যাপক বার্জেস **উত্তর: ক**

৬. 'রাষ্ট্র হলো আইনানুসারে সংগঠিত নির্দিষ্ট ভূখণ্ডের একটি জনসমষ্টি' উক্তিটি কে করেছেন? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]

ক এরিস্টটল খ উড্রো উইলসন
গ গার্নার ঘ আব্রাহাম লিঙ্কন **উত্তর: খ**

রাষ্ট্রের উৎপত্তি

রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত কতগুলো মতবাদ প্রচলিত আছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো - ঐশ্বরিক বা ঐশী মতবাদ, বল প্রয়োগ মতবাদ, সামাজিক চুক্তি মতবাদ এবং ঐতিহাসিক বা বিবর্তনমূলক মতবাদ।

(১) ঐশী মতবাদ : এটি রাষ্ট্রের উৎপত্তি সর্ম্পকে সবচেয়ে পুরাতন মতবাদ। এ মতবাদে বলা হয় - বিধাতা স্বয়ং রাষ্ট্র সৃষ্টি করেছেন এবং সুষ্ঠভাবে পরিচালনার জন্য শাসক প্রেরণ করেছেন। শাসক তার প্রতিনিধি এবং তিনি তাঁর কাজের জন্য বিধাতার নিকট দায়ী। সেন্ট অগাস্টিন, সেন্ট এক্যুইনাস, ফিলমা এবং ফ্রান্সের রাজা চতুর্দশ লুই রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত ঐশী মতবাদের সমার্থক ছিলেন। ফ্রান্সের রাজা চতুর্দশ লুই ঘোষণা করেন যে, আমিই রাষ্ট্র।

(২) বল প্রয়োগ মতবাদ : এ মতবাদের মূল বক্তব্য হলো- বল প্রয়োগের মাধ্যমে রাষ্ট্রের উৎপত্তি হয়েছে এবং শক্তির বলে রাষ্ট্র টিকে আছে। এ মতবাদে বলা হয়, সমাজের প্রভাবশালী ব্যক্তিরা যুদ্ধ-বিগ্রহ বা বল প্রয়োগের মাধ্যমে দূর্বলের ওপর নিজেদের আধিপত্য স্থাপনের মাধ্যমে রাষ্ট্র প্রতিষ্ঠা করে এবং শাসনকার্য পরিচালনা করে।

(৩) সামাজিক চুক্তি মতবাদ : ব্রিটিশ রাষ্ট্র দার্শনিক টমাস হবস্ ও জন লক এবং ফরাসি দার্শনিক জ্যাঁ জ্যাক রুশো সামাজিক চুক্তি মতবাদের প্রবর্তক ছিলেন। রুশোর বিখ্যাত বই 'The Social Contract' ১৭৬২ খ্রিস্টাব্দে ফরাসি ভাষায় প্রকাশিত হয়। সামাজিক চুক্তি মতবাদের মূলকথা হচ্ছে [illegible] জনগণের পারস্পারিক চুক্তির ফলে রাষ্ট্রের জন্ম হয়েছে।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

(৪) ঐতিহাসিক বা বিবর্তনমূলক মতবাদ : এ মতবাদের মূল বক্তব্য হলো- রাষ্ট্র কোন একটি বিশেষ কারণে হঠাৎ করে সৃষ্টি হয়নি। দীর্ঘদিনের বিবর্তনের মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরে বিভিন্ন শক্তি ও উপাদান ধীরে ধীরে পরিবর্তিত হতে হতে রাষ্ট্রের উৎপত্তি হয়েছে। আধুনিক রাষ্ট্র চিন্তাবিদগণ ঐতিহাসিক বা বিবর্তনমূলক মতবাদকে সমর্থন করে।

MCQ Solution

১. **সেন্ট অগাস্টিন, সেন্ট এক্যুইনাস, ফিলমা এবং ফ্রান্সের রাজা চতুর্দশ লুই রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত কোন মতবাদের সমার্থক ছিলেন?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ইউনিট ঈ (অর্থনীতি) : ০৮-০৯]

ক ঐশ্বরিক মতবাদ খ পিতৃতান্ত্রিক মতবাদ
গ মাতৃতান্ত্রিক মতবাদ ঘ বিবর্তনমূলক মতবাদ **উত্তর: ক**

২. **রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত 'সামাজিক চুক্তি' মতবাদটি দেন-** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) : ০৩-০৪]

ক জাঁ জ্যাকুয়েস রুশো খ জন লক
গ টমাস হবস্ ঘ জাঁ বোডিন **উত্তর:**

৩. **'সামাজিক চুক্তি' মতবাদের সমর্থক -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট-১) : ১৬-১৭]

ক হবস ও ভলতেয়ার খ লক ও বেন্থাম
গ রুশো ও ওয়েবার ঘ হবস, লক ও রুশো **উত্তর: ঘ**

৪. **'The Social Contract' is written by -** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার : ১৩]

ⓐ Voltaire ⓑ Plato
ⓒ Jean Jacks Russo ⓓ Aristotle **Ans.**

৫. **আধুনিক রাষ্ট্রব্যবস্থা উদ্ভবের সময়কাল কোনটি?** [৩৯তম বিসিএস (বিশেষ)]

ক প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকাল খ ১৬০০-১৮০০ সাল
গ প্রাচীন রোম শাসনকাল ঘ প্রাচীন গ্রীস সময়কাল **উত্তর: খ**

৬. **The modern nation-state system is the result of -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৫) : ১৫-১৬]

ⓐ The maastricht Treaty ⓑ The Treaty of Versilles
ⓒ Treaty of Rome ⓓ Treaty of Westphalia **Ans. d**

রাষ্ট্রের উপাদান (Elements of State)

রাষ্ট্রের উপাদান ৪টি। যথা- নির্দিষ্ট ভূখণ্ড, জনসমষ্টি, সরকার এবং সার্বভৌমত্ব। যেকোন একটি উপাদান অনুপস্থিত থাকলে রাষ্ট্র গঠিত হতে পারে না।

(১) জনসমষ্টি (Population) : রাষ্ট্র গঠনে জনসমষ্টি অপরিহার্য। জনহীন অরণ্যে বা জনশূন্য মরভূমিতে কখনই রাষ্ট্র গঠিত হতে পারেনা। রাষ্ট্রের জনসংখ্যা কত হবে তাঁর কোন নির্দিষ্ট নিয়ম নেই। তবে রাষ্ট্রবিজ্ঞানীদের মতে, একটি রাষ্ট্রের সম্পদের সাথে সামঞ্জস্যপূর্ণ জনসংখ্যা থাকা বাঞ্ছনীয়। রাষ্ট্রে জনগণের প্রধান কর্তব্য হল রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা।

(২) নির্দিষ্ট ভূখণ্ড (Definite Territory) : যে জনসমষ্টি রাষ্ট্রগঠন করবে তাদেরকে অবশ্যই একটি নির্দিষ্ট ভূখণ্ডে স্থায়ীভাবে বসবাস করতে হবে। ভূখণ্ড বলতে একটি রাষ্ট্রের স্থলভাগ, জলভাগ ও আকাশসীমাকে বোঝায়। রাষ্ট্রের ভূখণ্ড ছোট বা বড় হতে পারে।

(৩) সরকার (Government) : রাষ্ট্রের যাবতীয় কার্যাবলি সরকারের মাধ্যমে পরিচালিত হয়। অধ্যাপক হ্যারাল্ড যে লাস্কি এর মতে "সরকার হচ্ছে রাষ্ট্রের মুখপাত্র"। সরকারের কাজ সম্পাদনের জন্য তিনটি বিভাগ রয়েছে। যথা- (১) আইন বিভাগ, (২) শাসন বিভাগ এবং (৩) বিচার বিভাগ।

(৪) সার্বভৌমত্ব (Sovereignty) : সার্বভৌমত্ব রাষ্ট্রগঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় উপাদান। Sovereignty শব্দটি এসেছে Superannus থেকে,যার অর্থ Supremacy বা প্রাধান্য। সুতরাং যে প্রাধান্য বলে রাষ্ট্র নিজের কর্তৃত্বকে বলবৎ করতে পারে সেটাই সার্বভৌমত্ব। সার্বভৌমত্ব রাষ্ট্রের চরম, পরম ও সর্বোচ্চ ক্ষমতা। এই ক্ষমতার জন্য জনসমষ্টি রাষ্ট্রে পরিণত হয়। এই ক্ষমতা রাষ্ট্রকে অন্যান্য সংস্থা থেকে পৃথক করে। এর দুটি দিক রয়েছে, যথা- অভ্যন্তরীণ ও বাহ্যিক সার্বভৌমত্ব। অভ্যন্তরীণ সার্বভৌমত্বের সাহায্যে রাষ্ট্র দেশের অভ্যন্তরে বিভিন্ন আদেশ-নির্দেশ জারির মাধ্যমে ব্যক্তি ও সংস্থার ওপর কর্তৃত্ব করে। অন্যদিকে, বাহ্যিক সার্বভৌমত্বের মাধ্যমে রাষ্ট্র বহিঃশক্তির নিয়ন্ত্রণ থেকে দেশকে মুক্ত রাখে। মোটকথা সার্বভৌমত্ব বলতে কোন রাষ্ট্রের নিজের অভ্যন্তরীণ এবং অন্যান্য রাষ্ট্রের সঙ্গে সম্পর্ক নির্ধারণের চূড়ান্ত ক্ষমতাকে বোঝায়। কোনো রাষ্ট্র এ ক্ষমতাকে কার্যকর করতে না পারলে ধরে নিতে হবে যে, সে তার সার্বভৌমত্ব হারিয়ে ফেলেছে। যেমন- ফিলিস্তিন রাষ্ট্র নিজের সার্বভৌমত্ব কার্যকর করতে পারছে না। সার্বভৌমত্বের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে চরম স্থায়িত্ব, অবিভাজ্যতা, অহস্তান্তর যোগ্যতা এবং সার্বজনীন ও শাশ্বত ক্ষমতা। রাষ্ট্রবিজ্ঞানী উইলোবী বলেছেন যে, রাষ্ট্রের চূড়ান্ত ইচ্ছাই সার্বভৌমত্ব।

MCQ Solution

১. **রাষ্ট্র কয়টি উপাদান নিয়ে গঠিত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইন্সামতি) : ১০]

ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি **উত্তর: গ**

২. **রাষ্ট্র গঠনে কোনটি অপরিহার্য উপাদান?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]

ক সরকার খ গণতন্ত্র
গ রাজনৈতিক দল ঘ একনায়কতন্ত্র **উত্তর: ক**

৩. **সরকার রাষ্ট্র গঠনের কতটম উপাদান?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১২]

ক প্রথম খ দ্বিতীয়
গ চতুর্থ ঘ তৃতীয় **উত্তর: ঘ**

৪. **রাষ্ট্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬/ সাব-রেজিষ্ট্রার : ৯২]

ক জনসমষ্টি খ ভূখণ্ড
গ সরকার ঘ সার্বভৌমত্ব **উত্তর: ঘ**

৫. **রাষ্ট্রের উপাদান নয় কোনটি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব- রেজিষ্ট্রার : ১৬/ শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক নির্দিষ্ট ভূখণ্ড খ আইনের শাসন
গ সরকার ঘ সার্বভৌমত্ব **উত্তর: খ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৬. **রাষ্ট্রের উপাদান নয় কোনটি?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক) জনসমষ্টি খ) নির্দিষ্ট ভূখণ্ড
গ) পরিবার ঘ) সার্বভৌমত্ব **উত্তর: গ**

৭. **কোনটি রাষ্ট্রের উপাদান নয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-চীন): ০৮-০৯]
ক) সরকার খ) জনগণ
গ) সার্বভৌমত্ব ঘ) জলবায়ু **উত্তর: ঘ**

৮. **জনসমষ্টি রাষ্ট্রের প্রাণ স্বরূপ হলে ভূ-খণ্ড কি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট) : ১০-১১]
ক) প্রাণ খ) দেহতুল্য
গ) সমাজতুল্য ঘ) অখণ্ড ভূমি **উত্তর: খ**

৯. **'ডিমোস' শব্দটির অর্থ কী?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই) : ১৪-১৫]
ক) সরকার খ) ক্ষমতা
গ) রাজনীতি ঘ) জনগণ **উত্তর: ঘ**

১০. **রাষ্ট্রের মুখপাত্র কে?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ক) সরকার খ) প্রধানমন্ত্রী
গ) রাষ্ট্রপতি ঘ) সবগুলি **উত্তর: ক**

১১. **"সরকার হচ্ছে রাষ্ট্রের মুখপাত্র"- উক্তিটি কার?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (A- ইউনিট) : ১০-১১]
ক) অ্যারিস্টটল খ) বার্জেস
গ) হ্যারল্ড লাস্কি ঘ) উড্রো উইলসন **উত্তর: গ**

১২. **কয়টি বিভাগ নিয়ে সরকার গঠিত?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - ইউনিট ই (অর্থনীতি) : ০৮ -০৯ / মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি **উত্তর: খ**

১৩. **রাষ্ট্রের চূড়ান্ত ইচ্ছাই** - [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D) : ১১-১২]
ক) স্বাধীনতা খ) সংবিধান
গ) আইন ঘ) সার্বভৌমত্ব **উত্তর: ঘ**

১৪. **It is impossible to imagine a state without-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪]
ⓐ Sovereignty ⓑ Democracy
ⓒ A Parliament ⓓ Rule Of Law **Ans. a**

১৫. **সার্বভৌমত্ব কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]
ক) সরকারের চরম ক্ষমতা খ) রাষ্ট্রের চরম ক্ষমতা
গ) রাষ্ট্রপতির চরম ক্ষমতা ঘ) প্রধানমন্ত্রীর চরম ক্ষমতা **উত্তর: খ**

১৬. **রাষ্ট্রের সার্বভৌমত্ব ব্যাখ্যায় 'শূন্যগর্ভ' প্রত্যয়টি কে ব্যবহার করেছেন?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (অ- ইউনিট) : ১৪-১৫]
ক) এরিস্টটল খ) প্লেটো গ) লাস্কি
ঘ) অস্টিন ঙ) মার্কস **উত্তর: ক**

১৭. **নিম্নে কোনটি সার্বভৌমত্বের বৈশিষ্ট্য নয়?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - গ ইউনিট : ০৮ -০৯]
ক) স্থায়িত্ব খ) অবিভাজ্যতা
গ) অহস্তান্তর যোগ্যতা ঘ) সরকার পরিবর্তনে **উত্তর: ঘ**

১৮. **পৃথিবীর কোন রাষ্ট্র পূর্ণ সার্বভৌমত্বহীন?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ-অবাণিজ্য) : ০১-০২]
ক) ফিলিস্তিন খ) ভুটান
গ) নেপাল ঘ) আফগানিস্তান **উত্তর: ক**

রাষ্ট্রের কার্যাবলী

আর. এম. ম্যাকাইভার তার '*The Modern State*' গ্রন্থে বলেন, আইন শৃংখলা রক্ষা করাই রাষ্ট্রের প্রাথমিক দায়িত্ব। রাষ্ট্রের কার্যাবলী দু'ধরনের। যথা-

(ক) অপরিহার্য বা মুখ্য কার্যাবলী : আইন প্রণয়ন, দেশ রক্ষা, প্রশাসন পরিচালনা এবং ন্যায়বিচার প্রতিষ্ঠা করা।

খ) ঐচ্ছিক বা গৌণ কার্যাবলী : জনকল্যাণ বা উন্নয়নমূলক কর্মকান্ড যেমন: শিক্ষা বিস্তার, অর্থনৈতিক কর্মকাণ্ড ইত্যাদি।

MCQ Solution

১. **'The modern State' গ্রন্থটির রচয়িতা কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারি পরিচালক : ১৮]
ক) Aristotle খ) Abraham Lincoln
গ) R.M. Maclver ঘ) John F Kennedy **Ans. c**

২. **রাষ্ট্রের প্রধান দায়িত্ব কোনটি?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (A- ইউনিট) : ১০-১১]
ক) জনগণের শান্তি ও নিরাপত্তা বিধান করা
খ) কর ও খাজনা আদায় করা
গ) বিদেশের সাথে সম্পর্ক উন্নয়ন করা
ঘ) শিক্ষা ও বাসস্থানের ব্যবস্থা করা **উত্তর: ক**

৩. **নিম্নে কোনটি আধুনিক রাষ্ট্রের অপরিহার্য কাজ?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ইউনিট C (অর্থনীতি) : ০৮-০৯]
ক) শিক্ষা বিস্তার খ) শিল্প বাণিজ্যের প্রসার
গ) সামাজিক নিরাপত্তা ঘ) প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলা **উত্তর: গ**

৪. **রাষ্ট্রের ঐচ্ছিক কাজ কোনটি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮]
ক) দেশ রক্ষা করা খ) আইন প্রণয়ন করা
গ) প্রশাসন পরিচালনা ঘ) শিক্ষা বিস্তার **উত্তর: ঘ**

রাষ্ট্রের ধরন

বাফার রাষ্ট্র : বাফার রাষ্ট্র হচ্ছে দুই বা ততোধিক বৃহৎ শক্তিধর রাষ্ট্রের মধ্যে এক বা একাধিক সামরিক ও অর্থনৈতিকভাবে দুর্বল ছোট রাষ্ট্র। মুখ্যত বাফার স্টেট দুটি শক্তিশালী রাষ্ট্রের মধ্যে সামরিক Shock Absorber হিসেবে কাজ করে। অর্থাৎ দুই শক্তিধর রাষ্ট্রের মধ্যে বাফার স্টেট থাকলে একে অপরকে সোজাসুজি আক্রমণ করতে পারে না। ভৌগোলিক অবস্থান বিবেচনায় ভারত ও চীনের মধ্যবর্তী বাফার রাষ্ট্র নেপাল ও ভুটান। পক্ষান্তরে দুই শক্তিশালী রাষ্ট্রের মধ্যস্থলে সামরিক ও অর্থনৈতিক ভাবে শক্তিশালী ছোট রাষ্ট্র বাফার স্টেট হওয়ার পরিবর্তে মিডিল কিংডম হিসাবে আবির্ভূত হয়।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

কল্যাণমূলক রাষ্ট্র : যে রাষ্ট্র জনগণের দৈনন্দিন ন্যূনতম চাহিদা পূরণের জন্য কল্যাণমূলক কাজ করে, তাকে বলা হয় কল্যাণমূলক রাষ্ট্র। এ ধরনের রাষ্ট্র জনগণের মৌলিক চাহিদা পূরণের জন্য কর্মের সুযোগ সৃষ্টি করে, বেকার ভাতা প্রদান করে, বিনা খরচে শিক্ষা ও চিকিৎসার ব্যবস্থা করে। কানাডা, যুক্তরাজ্য, সুইডেন, নরওয়ে ইত্যাদি কল্যাণমূলক রাষ্ট্রের উদাহরণ। ব্রিটিশ অর্থনীতিবিদ উইলিয়াম বেভারিজকে কল্যাণমূলক রাষ্ট্রের জনক বলা হয়।

নগর রাষ্ট্র (Polis/Civitas) : 'Polis' গ্রীক শব্দ। প্রাচীন গ্রীসের ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলকে নগররাষ্ট্র বলা হত। যেমন: এথেন্স এবং স্পার্টা। পৌরনীতির ইংরেজি শব্দ সিভিক্স (Civics)। সিভিক্স শব্দটি দুটি ল্যাটিন শব্দ সিভিক্স (Civics) এবং সিভিটাস (Civitas) থেকে এসেছে। সিভিস শব্দের অর্থ নাগরিক (Citizen) আর সিভিটাস শব্দের অর্থ নগর রাষ্ট্র (City state)। আধুনিককালেও নগররাষ্ট্রের অস্তিত্ব বিদ্যমান; যেমন- সিঙ্গাপুর।

MCQ Solution

১. **'Polis'- শব্দটির অর্থ** - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক রাষ্ট্র খ সমাজ
গ নগররাষ্ট্র ঘ জাতিরাষ্ট্র **উত্তর: গ**

২. **'সিভিটাস' শব্দের অর্থ কী?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট) : ১০-১১/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-চীন): ০৮-০৯]
ক নাগরিক খ নগর
গ নগররাষ্ট্র ঘ পৌর **উত্তর: গ**

৩. **নিচের কোন ল্যাটিন শব্দটি গ্রিক 'Civitas' শব্দের সমার্থক?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D) : ১২-১৩]
ক Polites খ Polish
গ Politus ঘ Polis **উত্তর: ঘ**

৪. **নিচের দেশগুলোর মধ্যে কোনটি নগররাষ্ট্র?** [মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং : ৯৯]
ক জায়ারে খ ইথিওপিয়া
গ সিঙ্গাপুর ঘ আলাস্কা **উত্তর: গ**

৫. **এশিয়ার নগর রাষ্ট্র কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮]
ক সিঙ্গাপুর খ হংকং
গ মালদ্বীপ ঘ ভুটান **উত্তর: ক**

৬. **কল্যাণমূলক রাষ্ট্রের জনক কে?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট উ) : ১২-১৩]
ক জেরোমি বেনথাম খ উইলিয়াম বেভারিজ
গ স্টুয়ার্ট মিল ঘ টি. এইচ. গ্রিন **উত্তর: খ**

৭. **দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী বৃহৎ শক্তিসমূহের মাঝখানে অবস্থিত দেশকে বলা হয়** - [৩৮তম বিসিএস]
ক স্থলবেষ্টিত রাষ্ট্র খ নিরপেক্ষ রাষ্ট্র
গ বাফার রাষ্ট্র ঘ জিরো সাম রাষ্ট্র **উত্তর: গ**

৮. **A "Vassal State" is the one which is** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৬-১৭]
ⓐ situated on the sea shore ⓑ under the suzerainty of another state
ⓒ an independent state ⓓ none of these **Ans.** b

৯. **A state where all religions are respected is – in nature.** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি. ইউনিট): ১৪-১৫]
ⓐ democratic ⓑ secular
ⓒ holy state ⓓ socialist **Ans.** b

১০. **State in which the few govern the many** - [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ⓐ Monarchy ⓑ Plutocracy
ⓒ Oligarchy ⓓ Autocracy **Ans.** c
ব্যাখ্যা: Monarchy - রাজতন্ত্র ; Plutocracy - ধনিকতন্ত্র; Oligarchy - ক্ষুদ্র এলাকার শাসন (সম্ভ্রান্ত ব্যক্তিবর্গের দ্বারা পরিচালিত) এবং Autocracy - স্বৈরতন্ত্র।

রাষ্ট্রের সরকারি নাম

উত্তর কোরিয়া	Democratic People's Republic of Korea
দক্ষিণ কোরিয়া	Republic of Korea
চীন	People's Republic of China
তাইওয়ান	Republic of China
লাওস	Laos People's Democratic Republic
শ্রীলঙ্কা	Democratic Socialist Republic of Sri Lanka

MCQ Solution

১. **লাউসের (Laos) সরকারি নাম কি?** [৩৬তম বিসিএস]
ক Laos People's Democratic Republic
খ Republic of Laos
গ Kingdom of Laos
ঘ Democratic Republic of Laos **উত্তর: ক**

সরকারের শ্রেণিবিভাগ

ক) আইন ও শাসন বিভাগের সম্পর্কের ভিত্তিতে সরকার

১) রাষ্ট্রপতি শাসিত সরকার (Presidential Government) : রাষ্ট্রপতি সর্বময় ক্ষমতার অধিকারী। রাষ্ট্রপতি একাধারে রাষ্ট্র ও সরকার প্রধান। আইনসভা নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী নয়। রাষ্ট্রপতি ও মন্ত্রিসভার সদস্যগণ আইনসভার সদস্য নন। মন্ত্রিগণ তাদের কাজের জন্য রাষ্ট্রপতির নিকট দায়ী থাকেন। যুক্তরাষ্ট্র, মালদ্বীপ, ইন্দোনেশিয়া প্রভৃতি রাষ্ট্রে এরূপ প্রেসিডেন্ট শাসিত সরকার ব্যবস্থা বিদ্যমান।

২) সংসদীয় সরকার (Parliamentary or Cabinet Government) : আইনসভা সার্বভৌম ক্ষমতার অধিকারী। প্রধানমন্ত্রী হলেন সরকারপ্রধান। প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার হাতে থাকে দেশের প্রকৃত শাসন ক্ষমতা। প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভা তাদের কাজের জন্য আইন পরিষদের নিকট দায়ী থাকেন। এ ধরনের সরকারে একজন নিয়মতান্ত্রিক রাষ্ট্রপ্রধান থাকেন। রাষ্ট্রপ্রধান প্রধানমন্ত্রীর পরামর্শ ছাড়া কার্যত কিছু করেন না। বাংলাদেশ, ভারত, জার্মানি, নিউজিল্যান্ডসহ প্রভৃতি রাষ্ট্রে সংসদীয় পদ্ধতির সরকার রয়েছে।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

খ) ক্ষমতা বণ্টনের নীতির ভিত্তিতে সরকার

১) এককেন্দ্রিক সরকার (Unitary Government) : যে শাসন ব্যবস্থায় সাংবিধানিকভাবে সকল ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে থাকে ন্যস্ত থাকে এবং একটি কেন্দ্র থেকে সকল ক্ষমতা পরিচালিত হয় তাকে এককেন্দ্রিক সরকার বলে। এখানে প্রাদেশিক সরকার বা অঙ্গরাজ্য থাকতে পারে, কিন্তু এই সরকার কোনো স্বাধীন ক্ষমতা ভোগ করে না। এ শাসন ব্যবস্থায় নাগরিকদের একক নাগরিকত্ব স্বীকৃত। ফ্রান্স, বাংলাদেশ, জাপান, ইতালি প্রভৃতি দেশে এককেন্দ্রিক সরকার ব্যবস্থা প্রচলিত রয়েছে।

২) যুক্তরাষ্ট্রীয় সরকার (Federal Government) : যখন কতিপয় স্বাধীন রাষ্ট্র পরস্পর বিচ্ছিন্ন না থেকে পারস্পরিক চুক্তির মাধ্যমে একটি স্বাধীন সার্বভৌম কর্তৃত্বের অধীনে ঐক্যবদ্ধ হয়ে নতুন রাষ্ট্র গঠন করে, তখন তাকে যুক্তরাষ্ট্র বলে। যুক্তরাষ্ট্রীয় সরকার একটি দ্বৈত সরকার। এখানে কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার বিদ্যমান। কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের মধ্যে ক্ষমতার বণ্টন করা হয়। এই সরকার ব্যবস্থায় নাগরিকদের দ্বৈত নাগরিকত্ব স্বীকৃত। প্রথমত নাগরিকগণ প্রথমত নিজ নিজ প্রদেশ বা অঙ্গরাজ্যের নাগরিক; দ্বিতীয়ত যুক্তরাষ্ট্রীয় বা ফেডারেল রাষ্ট্রের নাগরিক। ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা প্রভৃতি দেশে যুক্তরাষ্ট্রীয় সরকার পদ্ধতি বিদ্যমান।

গ) ক্ষমতার উৎসের ভিত্তিতে সরকার

১) একনায়কতন্ত্র : রাষ্ট্রের সার্বভৌম ক্ষমতা যখন একজন ব্যক্তি বা ব্যক্তি সমষ্টি বা একক দলের ওপর ন্যস্ত থাকে এবং খেয়াল খুশিমতো ক্ষমতা প্রয়োগ করে শাসন ব্যবস্থা পরিচালনা করে তাকে একনায়কতন্ত্র বলে। এ ব্যবস্থায় শাসককে স্বৈরশাসক (Autocrat) ধরা হয়। গণতান্ত্রিক শাসন ব্যবস্থার বিপরীত শাসন ব্যবস্থার নাম হলো একনায়কতন্ত্র।

২) গণতন্ত্র : ইংরেজি *'Democracy'*, যা গ্রিক *'Democratia'* থেকে শব্দটি এসেছে। অর্থ 'জনগণের শাসন'। গণতন্ত্রে সার্বভৌম ক্ষমতা থাকে জনগণের হাতে। প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থার মূলভিত্তি রাজনৈতিক দল যার মাধ্যমে সরকার গঠিত ও পরিচালিত হয়ে থাকে। গণতন্ত্রে একাধিক রাজনৈতিক দলকে লালন করা হয় এবং অপরিহার্য বিরোধী রাজনৈতিক দল 'বিকল্প সরকার' হিসাবে কাজ করে।

গণতন্ত্রের প্রাণ	জনগণ
গণতন্ত্রের জনক	ক্লিস্টেনস
আধুনিক গণতন্ত্রের জনক	জন লক

গণতন্ত্র সম্পর্কে বিভিন্ন মনীষীর উক্তি-

লর্ড ব্রাইস	*'গণতন্ত্র শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট শাসন ব্যবস্থা'।*
বার্কার	*'গণতন্ত্র মানে আলাপ আলোচনার মাধ্যমে পরিচালিত সরকার'।*
আইভর জেনিংস	*'If there is no opposition, there is no democracy' (যেখানে বিরোধী দল নেই সেখানে গণতন্ত্র অনুপস্থিত)*
আব্রাহাম লিঙ্কন	*'Democracy is a government of the people, by the people and for the people' (গণতন্ত্র হচ্ছে জনগণের কল্যাণের জন্য, জনগণের দ্বারা পরিচালিত, জনপ্রতিনিধিত্বমূলক শাসনব্যবস্থা)*

গ্রিক দার্শনিক ও রাষ্ট্রবিজ্ঞানী এরিস্টটল রাজতন্ত্র, অভিজাততন্ত্র এবং পলিটিকে স্বাভাবিক সরকার অপরদিকে স্বৈরতন্ত্র, ধনিকতন্ত্র বা কুলীনতন্ত্র এবং গণতন্ত্র বা জনতাতন্ত্রকে বিকৃত সরকার হিসাবে অভিহিত করেছেন।

www.boimate.com

MCQ Solution

১. সংসদীয় গণতন্ত্রে শাসন বিভাগের সকল ক্ষমতা কার কাছে ন্যস্ত থাকে? [নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স : ১৮]

ক রাষ্ট্রপতির কাছে খ প্রধানমন্ত্রীর কাছে
গ প্রধান বিচারপতির কাছে ঘ আইন মন্ত্রীর কাছে
উত্তর: খ

২. মালদ্বীপের সরকার প্রধানকে বলা হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) : ০৭-০৮]

ক রাজা খ প্রেসিডেন্ট
গ প্রধানমন্ত্রী ঘ বাদশাহ
উত্তর: খ

৩. নিম্নের কোন দেশের সরকার প্রধান হলেন প্রেসিডেন্ট? [ডেন্টাল কলেজ : ০৪-০৫]

ক ইন্দোনেশিয়া খ থাইল্যান্ড
গ জাপান ঘ অস্ট্রেলিয়া
উত্তর: ক

৪. মার্কিন যুক্তরাষ্ট্রের কোন পদ্ধতির সরকার বিদ্যমান? [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট) : ০৪-০৫]

ক মন্ত্রিপরিষদ শাসিত সরকার খ রাষ্ট্রপতি শাসিত সরকার
গ একনায়কতান্ত্রিক সরকার ঘ সমাজতান্ত্রিক সরকার
উত্তর: খ

৫. কোনটি এককেন্দ্রিক সরকারের বৈশিষ্ট্য নয়? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১১-১২]

ক সকল ক্ষমতা কেন্দ্রের হাতে ন্যস্ত
খ দ্বি-নাগরিকত্বের অবকাশ নেই
গ সংবিধান সুপরিবর্তনীয়
ঘ বিচার বিভাগের প্রাধান্য সুরক্ষিত
ঙ প্রাদেশিক স্বায়ত্তশাসনের অনুপস্থিতি
উত্তর: খ

৬. A person who rules without consulting other – [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯]

ⓐ Democrat ⓑ Bureaucrat
ⓒ Autocrat ⓓ Fanatic
Ans. c

ব্যাখ্যা: Democrat - গণতান্ত্রিক; Bureaucrat - আমলা; Autocrat - স্বৈরশাসক; Fanatic - ধর্মান্ধতা।

৭. গণতন্ত্র : বহুদল : একনায়কতন্ত্র : [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - ইউনিট C (অর্থনীতি) : ০৮ -০৯]

ক দুশাসন খ বল প্রয়োগ
গ একদল ঘ একক আদর্শবাদ
উত্তর: গ

৮. গণতন্ত্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান কোনটি? [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার : ৯৬/ সাব-রেজিস্ট্রার : ৯২]

ক নির্বাচন খ আইনের শাসন
গ বহুদলীয় ব্যবস্থা ঘ সরকারের জবাবদিহিতা
উত্তর: গ

৯. গণতন্ত্রের প্রাণ হলো- [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]

ক সরকার খ রাষ্ট্র
গ সংবিধান ঘ জনগণ
উত্তর: ঘ

১০. প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মূলভিত্তি কোনটি? [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডি- ইউনিট) : ১১-১২]

ক সরকার খ মন্ত্রিপরিষদ
গ সার্বভৌমত্ব ঘ রাজনৈতিক
উত্তর: ঘ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

১১. **আধুনিক গণতন্ত্রের জনক কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ৪ - পালি) : ১৪-১৫/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১০-১১]

ক মার্ক্সওয়েবার খ জন লক
গ হ্যান্ড লাস্কি ঘ রুশো **উত্তর: খ**

১২. **"গণতন্ত্র শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট শাসন ব্যবস্থা-" উক্তিটি কার?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

অথবা,

'গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন ব্যবস্থা'। কার উক্তি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট): ১৫-১৬]

ক মিল খ প্লেটো
গ এরিস্টটল ঘ লর্ড ব্রাইস **উত্তর: ঘ**

১৩. **'If there is no opposition, there is no democracy' উক্তিটি করেছিলেন-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]

ক আইভর জেনিংস খ অধ্যাপক লাস্কি
গ জন লক ঘ আব্রাহাম লিংকন **উত্তর: ক**

১৪. **গণতন্ত্র হচ্ছে আলাপ-আলোচনার মাধ্যমে পরিচালিত সরকার - উক্তিটি কার?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট) : ১০-১১]

ক বার্কার খ হিরোডটাস
গ সীলি ঘ ডাইসি **উত্তর: ক**

১৫. **"Democracy is a government of the people, by the people, for the people" this statement is attributed to-** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার : ১৭ / SIBL Probationary Officer : 13/ UCBL Ltd MTO : 11/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫]

Or,

'জনসাধারণের জন্য, জনসাধারণের দ্বারা পরিচালিত এবং জনসাধারণের সরকারই হলো গণতন্ত্র'- এটা কার উক্তি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ⓐ Russeau ⓑ Montague
ⓒ Voltaire ⓓ Abraham Lincoln
ⓔ George Washington **Ans. d**

১৬. **এরিস্টটল 'গণতন্ত্র'কে সরকার ব্যবস্থার কোন প্রকারের রূপ হিসেবে গণ্য করেছেন?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১০-১১]

ক স্বাভাবিক রূপ খ পরিমার্জিত রূপ
গ বিকৃত রূপ ঘ ঐশ্বরিক রূপ **উত্তর: গ**

১৭. **'*Freedom House*' means-** [Al-Arafah Islami Bank Ltd. Probationary Officer: 10]

ⓐ An organization of American Intellectuals
ⓑ An organization of American freedom fighter
ⓒ An organization of American Negro Citizens
ⓓ None of thove **Ans. d**

ব্যাখ্যা: Freedom House ওয়াশিংটনভিত্তিক একটি বেসরকারি সংগঠন। এটি স্বাধীন পর্যবেক্ষক স্বত্তা হিসাবে স্বাধীনতা ও গণতন্ত্রের বিশ্বব্যাপী স্পষ্ট কণ্ঠস্বর।

ভোটাধিকার

গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় প্রাপ্তবয়স্ক নাগরিকের জনমত যাচাই বা ভোটাধিকার একটি মৌলিক অধিকার। ভোটাধিকার সম্পর্কিত উক্তি

লর্ড ব্রাইস *ভোটাধিকারের মাধ্যমে মানুষ ব্যক্তিত্ব মর্যাদাসম্পন্ন হয়।*

আব্রাহাম লিংকন *The ballot is stronger than bullet* (*বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী*)।

ই-ভোটিং (*E-voting*) এর পূর্ণরূপ হলো ইলেকট্রনিক ভোটিং। অর্থাৎ ভোটদান ও গণনায় ইলেকট্রনিক প্রযুক্তির ব্যবহার। ১৯৬০ এর দশকে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম ই-ভোটিং সিস্টেম প্রবর্তিত হয়। ইলেকট্রনিক ভোটিং পদ্ধতি বিভিন্ন ধরনের হয়ে থাকে। যেমন-

(ক) কাগজ নির্ভর ই-ভোটিং : ব্যালট পেপার ব্যবহার করে ভোটগ্রহণ এবং ইলেকট্রনিক মাধ্যম (যেমন- ইলেকট্রনিক ট্যাবুলেশন) ব্যবহার করে ভোট গণনা করা হয়। পাঞ্চকার্ড, ডিজিটাল পেন ভোটদান এই পদ্ধতির অন্তর্গত।

(খ) সরাসরি ধারনকৃত ই-ভোটিং : Electronic Voting Machine (EVM) ব্যবহৃত হয়।

(গ) পাবলিক নেটওয়ার্কভিত্তিক সরাসরি ধারনকৃত ই-ভোটিং : ইন্টারনেট বা পাবলিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ভোটদান করা হয়।

নারীর ভোটাধিকার: বিশ্বের ইতিহাসে নারীরা প্রথম ভোটাধিকার পায় ১৮৯৩ সালে নিউজিল্যান্ডে। অন্যান্য গুরুত্বপূর্ণ দেশে নারীদের ভোটাধিকার প্রাপ্তির সময়কাল : অস্ট্রেলিয়া (১৯০২ খ্রি.), নরওয়ে (১৯১৩ খ্রি.), যুক্তরাজ্য (১৯১৮ খ্রি.), জার্মানি (১৯১৮ খ্রি.), রাশিয়া (১৯১৭ খ্রি.), যুক্তরাষ্ট্র (১৯২০ খ্রি.)...।

MCQ Solution

১. **'ভোটাধিকারের মাধ্যমে মানুষ ব্যক্তিত্ব মর্যাদাসম্পন্ন হয়' বলেছেন-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি- ইউনিট) : ১৩-১৪]

ক লর্ড ব্রাইস খ জন মেইল
গ স্টুয়ার্ড মিল ঘ জন লক **উত্তর: ক**

২. **নির্বাচনে প্রতিনিধি বাছাইয়ের ক্ষেত্রে ভোটদাতাগণ নিজের পছন্দ প্রকাশের জন্য যে পত্র ব্যবহার করে তাকে বলে-** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - ইউনিট ই (অর্থনীতি) : ০৮ -০৯]

ক নির্বাচনী পত্র খ ব্যালট পেপার
গ ক ও খ উভয়ই ঘ কোনটিই নয় **উত্তর: খ**

৩. **'*The ballot is stronger than bullet*' quoted by-** [Sonali, Janata, Agrani Bank Ltd. Officer (Cash) : 08]

Or,

'বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী' উক্তিটি কার? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓐ Lincon ⓑ W. Churchill
ⓒ A. Hitler ⓓ B. Mussolini
ⓔ L. Morgan **Ans. a**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৪. **Which nation gave women the right to vote first?** [Mercantile Bank Ltd. Officer : 09/ Rajshahi University Admission Test (Public Adminstration) : 07-08]

Or,

কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার লাভ করে? [২৭তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার : ১৮ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]

ⓐ New Zealand ⓑ USA ⓒ India
ⓓ China ⓔ None of these **Ans.** a

৫. **মার্কিন যুক্তরাষ্ট্রের মেয়েরা কোন সালে ভোটাধিকার পান?** [স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র স্টাফ নার্স (বাতিলকৃত) : ১৭/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫]

ⓚ ১৯২০ ⓛ ১৯২১
ⓜ ১৯২২ ⓝ ১৯২৩ **উত্তর:** ক

৬. **২০০২ সালে মধ্যপ্রাচ্যের কোন দেশের মহিলারা প্রথমবারের মতো ভোটাধিকার লাভ করে?** [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ⓚ সৌদি আরব ⓛ বাহরাইন
ⓜ কুয়েত ⓝ সংযুক্ত আরব আমিরাত **উত্তর:**

৭. **EVM বোঝায়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮ / খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]

ⓚ ইলেকট্রিক ভোটিং মেশিন ⓛ ইলেকট্রনিক ভোটিং মেশিন
ⓜ ইলাস্টিক ভোটিং মেশিন ⓝ এফিসিয়েন্ট ভোটিং মেশিন **উত্তর:** খ

৮. **ইভিএম পদ্ধতি কোন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]

ⓚ চাকুরি ⓛ মেধা যাচাই
ⓜ নির্বাচন ⓝ শেয়ার বাজার **উত্তর:** গ

৯. **Which is the first ever country to use E-voting in their election?/ সর্বপ্রথম কোন দেশ নির্বাচনে ই-ভোটিং ব্যবহার করে?** [Pubali Bank Ltd. Senior Officer : 12/ Southeast Bank Ltd. Probationary Officer : 12]

ⓐ America ⓑ Bangladesh ⓒ Iran
ⓓ Estonia ⓔ None of them **Ans.** a

রাজতন্ত্র (*Monarchy*)

রাজা বা রানির হাতে রাষ্ট্রের চরম ও সর্বোচ্চ কর্তৃত্ব ন্যস্ত থাকে। রাজা বা রানি সাধারণত বংশানুক্রমে বা উত্তরাধিকারসূত্রে ক্ষমতায় অধিষ্ঠিত হন।

ক) *চরম বা নিরঙ্কুশ রাজতন্ত্র (Absolute Monarchy) :* রাজা বা রানী একাধারে রাষ্ট্র ও সরকার প্রধান। দেশে কোনো রাজনৈতিক দল থাকে না, এমনকি রাজনৈতিক কর্মকাণ্ডও নিষিদ্ধ থাকে। ব্রুনাই, ওমান, সৌদি আরব, কাতার, ভ্যাটিকান প্রভৃতি দেশে নিরঙ্কুশ রাজতন্ত্র বিদ্যমান।

খ) *সীমিত বা নিয়মতান্ত্রিক বা শাসনতান্ত্রিক বা সাংবিধানিক রাজতন্ত্র (Constitutional Monarchy) :* রাজা (বা রানী) রাষ্ট্রপ্রধান। রাজার শাসনতান্ত্রিক তেমন কোনো ক্ষমতা থাকে না। পার্লামেন্ট বা ক্যাবিনেট শাসনকার্য পরিচালনা করে। কানাডা, যুক্তরাজ্য, ডেনমার্ক, বেলজিয়াম, লুক্সেমবার্গ, স্পেন, মরক্কো, বাহরাইন, জর্ডান, কুয়েত, ভুটান, কম্বোডিয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, জাপান প্রভৃতি দেশে শাসনতান্ত্রিক রাজতন্ত্র বিদ্যমান।

MCQ Solution

১. **কোন ধরনের সরকার ব্যবস্থায় রাষ্ট্রের প্রধান নিযুক্ত হন বংশানুক্রমে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জুলোজি ও পরিবেশবিদ্যা বিভাগ) : ০৯-১০]

ⓚ গণতান্ত্রিক ⓛ সাংবিধানিক রাজতন্ত্র
ⓜ একনায়কতন্ত্র ⓝ কেন্দ্রীয় শাসনব্যবস্থায় **উত্তর:** খ

২. **কোন দেশে সাংবিধানিক রাজতন্ত্র চালু আছে?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓚ ভারত ⓛ নেপাল
ⓜ যুক্তরাজ্য ⓝ মিশর **উত্তর:** গ

৩. **নিচের কোন দেশটিতে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র নেই?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ⓚ ডেনমার্ক ⓛ গ্রেট ব্রিটেন
ⓜ জাপান ⓝ সৌদি আরব **উত্তর:** ঘ

৪. **Which one of the following countries is not a democratic country and has no actual political parties?** [Union Bank Ltd. Senior Officer : 14]

ⓐ Uganda ⓑ Qatar
ⓒ Tunisia ⓓ Rwanda
ⓔ None of these **Ans.** b

৫. **কোন দেশে রাজতন্ত্র নেই -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ⓚ যুক্তরাজ্যে ⓛ নেপালে
ⓜ জাপানে ⓝ যুক্তরাষ্ট্রে **উত্তর:** খ,ঘ

ব্যাখ্যা: ২০০৮ সালের মে মাস পর্যন্ত নেপাল সাংবিধানিক রাজতন্ত্র প্রচলিত ছিল। ঐ মাসের ২৮ তারিখে নেপালের আইনসভা সংবিধানের সংশোধনী আনে এবং নেপালকে একটি প্রজাতন্ত্রে রূপান্তরিত করে।

দেশভিত্তিক সরকার ব্যবস্থা

যুক্তরাষ্ট্র

যুক্তরাষ্ট্রে যুক্তরাষ্ট্রীয় রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা বিদ্যমান। মার্কিন প্রেসিডেন্ট এর মেয়াদকাল ৪ বছর। একজন ব্যক্তি কেবলমাত্র দুইবার পূর্ণ মেয়াদের জন্য রাষ্ট্রপতি নির্বাচিত হতে পারেন। চার বছর পর পর নভেম্বর মাসের ২ - ৮ তারিখের মধ্যবর্তী মঙ্গলবারে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রেসিডেন্ট নির্বাচিত হন ইলেক্টোরাল কলেজের ভোটে। ইলেক্টোরাল কলেজে ভোটের সংখ্যা ৫৩৮। প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে ইলেক্টোরাল কলেজের ন্যূনতম ২৭০টি ভোট প্রয়োজন হয়। প্রতিটি রাজ্যের জনসংখ্যার ভিত্তিতে ইলেক্টোরাল ভোট নির্ধারিত রয়েছে। ক্যালিফোর্নিয়াতে রয়েছে সর্বোচ্চ ৫৫ টি ইলেক্টোরাল ভোট। ভাইস প্রেসিডেন্ট পদে প্রেসিডেন্ট এর রানিংমেট আপনা-আপনিই

> ***Bradley effect***
>
> *ব্রাডলি ইফেক্ট* হলো যুক্তরাষ্ট্রের নির্বাচনে ভোটারদের মতামত জরিপ এবং নির্বাচনের ফলাফল গুলির বৈষম্য বিষয়ক একটি তত্ত্ব - যেখানে একজন শ্বেতাঙ্গ ও অ-শ্বেতাঙ্গ প্রার্থী একে অপরের প্রতিদ্বন্দ্বী হয়। শ্বেতাঙ্গ ভোটাররা মুখে জরিপকারীদের কাছে অ-শ্বেতাঙ্গ প্রার্থীকে ভোট দেওয়ার কথা বললেও শেষ পর্যন্ত তারা পছন্দ করবেন একজন শ্বেতাঙ্গকেই।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

নির্বাচিত হয়েছেন বলে বিবেচিত হবেন। এখন পর্যন্ত কোনো নারী যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপ্রধান নির্বাচিত হন নি।

মার্কিন প্রেসিডেন্টের সহধর্মিনী	*First Lady*
মার্কিন পররাষ্ট্রমন্ত্রী	*Secretary of State*
মার্কিন অর্থমন্ত্রী	*Secretary to the Treasury*

যুক্তরাষ্ট্রের প্রধান দু'টি রাজনৈতিক দল Democratic Party (উদারপন্থী) এবং Republican Party (রক্ষণশীল)। প্রেসিডেন্ট নির্বাচনে তাদের ঐতিহ্যবাহী প্রতীক যথাক্রমে 'গাধা' (Donkey) ও 'হাতি' (Elephant)।

White House মার্কিন রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন। এটি ওয়াশিংটন ডিসির পেনসিলভানিয়া এভিনিউয়ে অবস্থিত। ভবনটির নির্মাণ কাজ শুরু হয় ১৭৯২ সালে। স্থপতি ছিলেন জেমস হোবান। নির্মাণ কাজ সমাপ্ত হবার পূর্বেই ১৭৯৯ সালে প্রথম মার্কিন প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন মারা যান। ১৮০০ সালে নির্মাণ কাজ শেষ হলে ভবনটির প্রথম বাসিন্দা হন দ্বিতীয় মার্কিন প্রেসিডেন্ট জন এডামস্। হোয়াইট হাউসের পশ্চিমাংশে অবস্থিত মার্কিন প্রেসিডেন্টের দাপ্তরিক কার্যালয় 'ওভাল অফিস' (*Oval Office*) নামে পরিচিত।

Air Force One হচ্ছে যুক্তরাষ্ট্র বিমান বাহিনীর প্রাতিষ্ঠানিক এয়ার ট্রাফিক কন্ট্রোল কল সাইন, যা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতিকে বহন করে এমন কোনো বিমানের জন্য প্রযোজ্য হয়।

Presidential Medal of Freedom মার্কিন প্রেসিডেন্ট কর্তৃক প্রদত্ত যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা। বিশ্বশান্তি, রাজনীতি, সংস্কৃতি, যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তায় অবদান, সাংবাদিকতা ইত্যাদি ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে প্রদান করা হয় এই পদক।

যুক্তরাজ্য

যুক্তরাজ্যে সংসদীয় সাংবিধানিক রাজতন্ত্র বিদ্যমান। রানি (বা রাজা) হলেন রাষ্ট্রপ্রধান এবং সরকার প্রধান হলেন প্রধানমন্ত্রী। বিশ্বের প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে যুক্তরাজ্যে। ১৬৮৮ সালে গৌরবময় বিপ্লব (Glorious Revolution) এর মাধ্যমে নিরঙ্কুশ রাজতন্ত্রের পরিবর্তে সংসদীয় গণতন্ত্র প্রবর্তিত হয় এবং তা এখনও চালু আছে।

গণতন্ত্রের সূতিকাগার	গ্রিস
বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক দেশ	ভারত

যুক্তরাজ্যের রানি (বা রাজা) ইংল্যান্ড ছাড়াও কমনওয়েলথভুক্ত আরও ১৫টি দেশের রাষ্ট্রপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। যথা- অস্ট্রেলিয়া, কানাডা, নিউজিল্যান্ড, পাপুয়া নিউগিনি, টুভালু, সলোমান দ্বীপপুঞ্জ, বাহামা দ্বীপপুঞ্জ, বার্বাডোস, বেলিজ, গ্রেনাডা, জ্যামাইকা, অ্যান্টিগুয়া ও বার্বুডা, সেন্ট লুসিয়া, সেন্ট কিটস এন্ড নেভিস এবং সেন্ট ভিনসেন্ট এন্ড গ্রেনাডাইন দ্বীপপুঞ্জ। ব্রিটিশ রাজপরিবারের বাসভবনের নাম বাকিংহাম প্যালেস। এটি লন্ডনে অবস্থিত।



বাকিংহাম প্যালেস

Chancellor of the Exchequer যুক্তরাজ্যের ট্রেজারি প্রধান যা অর্থমন্ত্রীর সমতুল্য পদ।

Downing Street লন্ডনে অবস্থিত ওয়েস্টমিনিস্টার সিটির একটি বিখ্যাত রোড।

১০ নং ডাউনিং স্ট্রিট	ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন ও কার্যালয়।
১১ নং ডাউনিং স্ট্রিট	ব্রিটেনের অর্থমন্ত্রীর বাসভবন।
১২ নং ডাউনিং স্ট্রিট	ব্রিটিশ পার্লামেন্টের চিফ হুইপের কার্যালয় ও প্রেস অফিস।

Whitehall (হোয়াইট হল) লন্ডনের কেন্দ্রস্থলে অবস্থিত একটি রোড। এখানে ব্রিটিশ সরকারের অধিকাংশ প্রশাসনিক ভবন অবস্থিত।

জার্মানি

যুক্তরাষ্ট্রীয় সংসদীয় প্রজাতন্ত্র। রাষ্ট্রপতি রাষ্ট্রপ্রধান এবং চ্যান্সেলর সরকার প্রধান। চ্যান্সেলর (Chancellor) প্রধানমন্ত্রীর সমতুল্য পদ।

অস্ট্রিয়া

যুক্তরাষ্ট্রীয় সংসদীয় প্রজাতন্ত্র। প্রেসিডেন্ট রাষ্ট্রপ্রধান এবং চ্যান্সেলর হলেন সরকার প্রধান।

সুইজারল্যান্ড

যুক্তরাষ্ট্রীয় আধা-সরাসরি গণতন্ত্র। সুইজারল্যান্ডে সর্বপ্রথম সরাসরি গণতন্ত্র (Direct Democracy) এর প্রচলন হয়। প্রতিনিধির মাধ্যমে নয় বরং সরকারি সিদ্ধান্তে জনগণের সরাসরি অংশগ্রহণ ও ক্ষমতায়নের প্রক্রিয়াকে সরাসরি গণতন্ত্র বলে।

ফ্রান্স

আধা-রাষ্ট্রপতি শাসিত প্রজাতন্ত্র। রাষ্ট্রপতি রাষ্ট্রপ্রধান ও প্রধানমন্ত্রী সরকার প্রধান। প্রেসিডেন্টের মেয়াদকাল পাঁচ বছর। প্যারিসে অবস্থিত প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম এলিসি প্রাসাদ।

ভারত

যুক্তরাষ্ট্রীয় সংসদীয় প্রজাতন্ত্র। নয়াদিল্লিতে অবস্থিত প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের নাম লোক কল্যাণ মার্গ (পাঞ্চভাতি)।

শ্রীলঙ্কা

আধা-রাষ্ট্রপতি শাসিত প্রজাতন্ত্র। রাষ্ট্রপতি রাষ্ট্রপ্রধান ও প্রধানমন্ত্রী সরকার প্রধান। কলম্বোতে অবস্থিত প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন 'টেম্পল ট্রিজ'।

মালয়েশিয়া

যুক্তরাষ্ট্রীয় শাসনতান্ত্রিক রাজতন্ত্র। রাজা রাষ্ট্রপ্রধান ও প্রধানমন্ত্রী সরকার প্রধান। তেরটি রাজ্য ও তিনটি কেন্দ্রশাসিত অঞ্চল নিয়ে ফেডারেশন অব মালয়েশিয়া গঠিত। রাজ্যগুলোতে আছে সুলতান আর ফেডারেশনের জন্য আছে রাজা। সুলতানদের মধ্য থেকেই পাঁচ বছরের জন্য রাজা নির্বাচিত হন।

উত্তর কোরিয়া

একদলীয় সমাজতান্ত্রিক প্রজাতন্ত্র। সুপ্রিম লিডার রাষ্ট্রপ্রধান এবং প্রধানমন্ত্রী সরকারপ্রধান।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

দক্ষিণ কোরিয়া

রাষ্ট্রপতি শাসিত প্রজাতন্ত্র। প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম 'ব্লু হাউস'।

অস্ট্রেলিয়া

যুক্তরাষ্ট্রীয় সংসদীয় সাংবিধানিক রাজতন্ত্র। যুক্তরাজ্যের রানি (বা রাজা) অস্ট্রেলিয়ার রাষ্ট্রপ্রধান। সরকার প্রধান হলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের নাম 'দি লজ' (The Lodge)। এটি ক্যানবেরায় অবস্থিত।

MCQ Solution

১. **মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হন** - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ক জনগণের সরাসরি ভোটে খ প্রতিনিধি পরিষদের মাধ্যমে
গ সিনেটের ভোটে ঘ ইলেকটোরাল কলেজের ভোটে

উত্তর: ঘ

২. **The total number of Electoral College votes in the USA is-** [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13/ Karmasangsthan Bank Senior Officer : 13]

Or,

যুক্তরাষ্ট্রে নির্বাচনী কলেজ (Electoral College) ভোটের সংখ্যা কত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]

ⓐ 538 ⓑ 520
ⓒ 590 ⓓ 529
ⓔ None of these

Ans. a

৩. **মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের মেয়াদকাল কত বছর?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬ / বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ক ৫ বছর খ ৭ বছর
গ ৪ বছর ঘ ৩ বছর

উত্তর: গ

৪. **যুক্তরাষ্ট্রের কোন স্টেট এ নির্বাচক মণ্ডলীর ভোটের (Electoral vote) সংখ্যা বেশি?** [২৬তম বিসিএস]

ক নিউইয়র্ক খ ক্যালিফোর্নিয়া
গ টেক্সাস ঘ ফ্লোরিডা

উত্তর: খ

৫. **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে কত ন্যূনতম ইলেক্টোরাল ভোটের প্রয়োজন?** [২৬তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭]

Or,

How many electoral votes are needed to win the US president election? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (পাবলিক এডমিনিস্ট্রেশন) : ০৮-০৯]

ক ২৭২ খ ২৭১
গ ২৭০ ঘ ২৬৮

উত্তর: গ

৬. **Bradley effect কথাটি কোন দেশের নির্বাচনের সাথে জড়িত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজ বিজ্ঞান) : ০৮-০৯]

ক ফ্রান্স খ জার্মানী
গ যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র

উত্তর: ঘ

www.boimate.com

৭. **What is the Symbol of US Democratic Party?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]

Or,

আমেরিকার ডেমোক্র্যাট পার্টির প্রতীক? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফোকলোর বিভাগ) : ০৮-০৯]

ⓐ Donkey ⓑ Dog
ⓒ Elephant ⓓ Kingfisher

Ans. a

৮. **Republican Party is -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৬-১৭]

ⓐ one of the important parties in USA
ⓑ the polities partyes which has no definite principles
ⓒ the political party which changes with the change in the times and circumstances in the country
ⓓ All of the above

Ans. a

৯. **কোন দেশে এখনও কোন নারী রাষ্ট্রপ্রধান হয়নি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৬-০৭]

ক বাংলাদেশ খ পাকিস্তান
গ ভারত ঘ যুক্তরাষ্ট্র

উত্তর: ঘ

১০. **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের বাসভবন এর নাম--** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]

ক ক্রেমলিন খ হোয়াইট হাউস
গ বুশ হাউস ঘ হোয়াইট হল

উত্তর: খ

১১. **হোয়াইট হাউজ যে শহরে অবস্থিত-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষা) : ১৩/ পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]

ক নিউইয়র্কে খ ওয়াশিংটনে
গ শিকাগোতে ঘ হনলুলুতে

উত্তর: খ

১২. **কোন মার্কিন প্রেসিডেন্ট কখনো হোয়াইট হাউজে বসবাস করেন নি?** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]

ক আব্রাহাম লিঙ্কন খ বেঞ্জামিন হ্যারিসন
গ জর্জ ওয়াশিংটন ঘ রুজভেল্ট

উত্তর: গ

১৩. **হোয়াইট হাউসে বসবাসকারী প্রথম মার্কিন প্রেসিডেন্ট**–[সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগ্রামার : ১৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৬-৯৭]

ক থমাস জেফারসন খ জর্জ ওয়াশিংটন
গ জন এডামস্ ঘ জন মনরো

উত্তর: গ

১৪. **The office of US President is called-** [Jamuna Bank Ltd. Probationary Officer : 09]

Or,

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কার্যালয়কে বলা হয় – [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]

ⓐ 10 Downing ⓑ Pentagon
ⓒ White House ⓓ The Oval Office
ⓔ None of these

Ans. d

১৫. **মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রীকে বলা হয়-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক Foreign Minister খ Secretary of State
গ Foreign Secretary ঘ International Minister

উত্তর: খ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

১৬. সেক্রেটারি অব স্টেট বলা হয় কোন দেশের পররাষ্ট্র মন্ত্রীকে? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-৯]
ক যুক্তরাজ্য খ যুক্তরাষ্ট্র
গ অস্ট্রেলিয়া ঘ ফ্রান্স
উত্তর: খ

১৭. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কর্তৃক প্রদত্ত পদক 'দ্য মেডেল অব ফ্রিডম' প্রদান করা হয় কোন ক্ষেত্রে অবদানের জন্য? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক বিশ্ব শান্তি খ মানবতা
গ মুক্ত চিন্তা ঘ সাহিত্য
উত্তর: ক

১৮. যুক্তরাজ্যে কোন শাসনব্যবস্থা চালু আছে? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৭]
ক গণতন্ত্র খ প্রজাতন্ত্র
গ একনায়কতন্ত্র ঘ নিয়মতান্ত্রিক রাজতন্ত্র
উত্তর: ঘ

১৯. ব্রিটেনে কোন পদ্ধতির সরকার বিদ্যমান? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪/ খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ০০]
ক রাজতন্ত্র খ গণতন্ত্র
গ শাসনতান্ত্রিক রাজতন্ত্র ঘ সমাজতন্ত্র
উত্তর: গ

২০. গৌরবময় বিপ্লব সংঘটিত হয় – [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক ১৬৮৮ সালে খ ১৭৮৮ সালে
গ ১৮৮৮ সালে ঘ ১৯৮৮ সালে
উত্তর: ক

২১. প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে – [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ৯৫]
ক ফ্রান্সে খ ব্রিটেনে
গ যুক্তরাষ্ট্রে ঘ জার্মানিতে
উত্তর: খ

২২. Which country is known as birth place of democracy - [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]
Or,
নিচের কোন দেশে গণতন্ত্রের জন্ম হয়েছিল? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ক UK খ Greece
গ India ঘ China
ঙ None of these
উত্তর: খ

২৩. The largest democratic country in the world is ..... [EXIM Bank Ltd. Trainee Assistant Officer(TAO) : 18 / Rupali Bank Ltd. Senior Officer : 13]
Or,
পৃথিবীর সর্ববৃহৎ গণতান্ত্রিক রাষ্ট্র বলা হয় কোন দেশকে? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৩]
ⓐ United states ⓑ United kingdom
ⓒ India ⓓ None of the above
Ans. c

২৪. ব্রিটেনের রানী কোন দেশটির সাংবিধানিক রাষ্ট্রপ্রধান নন? [২৬তম বিসিএস]
ক ফিজি খ কানাডা
গ অস্ট্রিয়া ঘ অস্ট্রেলিয়া
উত্তর: ক,গ
ব্যাখ্যা: ব্রিটেনের রানী ফিজির রাষ্ট্রপ্রধানের মর্যাদা ভোগ করতেন। কিন্তু ১৯৮৭ সালে সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ফিজিতে রাজতন্ত্র বিলোপ করা হয় ও প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করা হয়।

২৫. কমনওয়েলথভুক্ত কোন দেশটি যুক্তরাজ্যের রাজা বা রানীকে তাদের রাষ্ট্রপ্রধান হিসেবে স্বীকার করে? [১৪তম বিসিএস/ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা : ১৭/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা উপপরিচালক : ১০]
ক ইরাক খ মরিসাস
গ অস্ট্রেলিয়া ঘ সাইপ্রাস
উত্তর: খ,গ

২৬. কোন দেশের মুদ্রায় ব্রিটেনের রানীর ছবি আছে? [সপ্তম শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১১]
ক কানাডা খ ফ্রান্স
গ বেলজিয়াম ঘ নরওয়ে
উত্তর: ক
ব্যাখ্যা: সাধারণত বিভিন্ন দেশের মুদ্রায় সে দেশের রাষ্ট্রপ্রধানের ছবি শোভা পায়। যেমন- ব্রিটেনের রানি কানাডার রাষ্ট্রপ্রধান হওয়ায় কানাডার মুদ্রায় ব্রিটেনের রানির ছবি মুদ্রিত হয়।

২৭. ব্রিটিশ রাজপরিবারের বাসভবনের নাম- [নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স : ১৮ / জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক ভিক্টোরিয়া প্যালেস খ বাকিংহাম প্যালেস
গ এলিজাবেথ প্যালেস ঘ এডওয়ার্ড প্যালেস
উত্তর: খ

২৮. ইংল্যান্ডের রানী যে প্রাসাদে বাস করেন তার নাম কি? [নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭]
Or,
What palace does the Queen of England live in? [IFIC Bank Ltd. Trainee Assistant Officer(TAO) : 18]
ক হোয়াইট সাইস খ কুইন্স প্যালেস
গ বাকিংহাম প্যালেস ঘ ১৩ নং ডাউনিং স্ট্রিট
উত্তর: গ

২৯. বাকিংহাম প্রাসাদে বাস করেন – [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহ-রসায়নবিদ : ০১]
ক ব্রিটিশ প্রধানমন্ত্রী খ কানাডার প্রধানমন্ত্রী
গ মার্কিন প্রেসিডেন্ট ঘ ব্রিটেনের রানী
উত্তর: ঘ

৩০. ১০ নং ডাউনিং স্ট্রিট কি? [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১/ পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০/ হাইকোর্টের রেজিস্ট্রার : ৯৪]
ক ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন খ রানীর গ্রীষ্মকালীন নিবাস
গ অর্থমন্ত্রীর অফিস ভবন ঘ কমনওয়েলথ মন্ত্রীদের সভা ভবন
উত্তর: ক

৩১. ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]
ক হোয়াইট হাউস খ হোয়াইট হল
গ ১০ ডাউনিং স্ট্রিট ঘ বাকিংহাম প্যালেস
উত্তর: গ

৩২. লন্ডনের ১১ নং ডাউনিং স্ট্রিটে কে বাস করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক ব্রিটিশ প্রধানমন্ত্রী খ ব্রিটিশ বিরোধী দলীয় নেতা
গ ব্রিটিশ চ্যান্সেলর অব দ্য এক্সচেকার ঘ ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী
উত্তর: গ

৩৩. ব্রিটেনের অর্থমন্ত্রীকে বলা হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক ট্রেজারি সেক্রেটারি খ ফিন্যান্স মিনিস্টার
গ ট্রেজারার ঘ চ্যান্সেলর অব এক্সচেকার
উত্তর: ঘ

৩৪. Chancellor Of Ex-chequer বলা হয়- [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬]
ক USA এর অর্থমন্ত্রীকে খ ব্রিটেনের অর্থমন্ত্রীকে
গ রাশিয়ার অর্থমন্ত্রীকে ঘ ভারতের অর্থমন্ত্রীকে
উত্তর: খ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩৫. ব্রিটেনের প্রশাসনিক সদর দপ্তরকে বলা হয়- [১০ম বিসিএস]
ক ওয়েস্ট মিনিস্টার এ্যাবে খ হোয়াইট হল
গ মার্বেল চার্চ ঘ বুশ হাউজ
উত্তর: খ

৩৬. 'হোয়াইট হল' অবস্থিত- [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৪-১৫/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ক যুক্তরাষ্ট্রে খ যুক্তরাজ্যে
গ ইতালীতে ঘ কানাডায়
উত্তর: খ

৩৭. ফ্রান্স এর সরকার পদ্ধতি কোন ধরনের? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি বিভাগ) : ০৯-১০]
ক রাষ্ট্রপতি শাসিত খ আধা রাষ্ট্রপতি শাসিত
গ সংসদীয় ঘ নিয়মতান্ত্রিক রাজতন্ত্র
উত্তর: খ

৩৮. ফ্রান্সের প্রেসিডেন্টের মেয়াদকাল কত বৎসর? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট : ০৫]
ক ৪ বৎসর খ ৫ বৎসর
গ ৬ বৎসর ঘ ৭ বৎসর
উত্তর: খ

৩৯. এলিসি প্রাসাদ হলো- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ক স্পেনের রানীর প্রাসাদ খ ফরাসি প্রেসিডেন্টের সরকারি বাসভবন
গ ভারতের রাষ্ট্রপতির বাসভবন ঘ ব্রিটেনের প্রধানমন্ত্রীর বাসভবন
উত্তর: খ

৪০. ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম কি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ০৭-০৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ঢাকা বিভাগ) : ০২]
ক মারদেকা প্রসাদ খ এলিসি প্রাসাদ
গ বাকিংহাম প্রাসাদ ঘ মানালা প্রাসাদ
উত্তর: খ

৪১. এলিসি প্রাসাদ অবস্থিত - [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২]
ক প্যারিস খ ওয়াশিংটন
গ কাঠমান্ডু ঘ নিউইয়র্ক
উত্তর: ক

৪২. কোন দেশের সরকার প্রধানকে 'চ্যান্সেলর' বলা হয়? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক ফিনল্যান্ড খ জার্মানি
গ লুক্সেমবার্গ ঘ নরওয়ে
উত্তর: খ

৪৩. **In which country the prime minister is addressed as chancellor?** [খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০২-০৩] *Or,*
চ্যান্সেলর কোন দেশের প্রধানমন্ত্রীর সমমর্যাদার পদ? [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী প্রোগ্রামার : ১৭]
ⓐ UK ⓑ Canada
ⓒ France ⓓ Germany
উত্তর: d

৪৪. **Which of the following countries has introduced '*Direct Democracy*'? নিচের কোন দেশটি 'সরাসরি গণতন্ত্র' এর সূচনা করে?]** [Probashi Kallyan Bank Executive Officer (Cash) : 18/ Bangladesh Bank Asst. Director : 12]
ⓐ India ⓑ Russia ⓒ Switzerland
ⓓ France ⓔ None of them
Ans. c

৪৫. মালয়েশিয়া একটি - [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০৩]
ক প্রজাতন্ত্র খ ইসলামী প্রজাতন্ত্র
গ গণতান্ত্রিক প্রজাতন্ত্র ঘ রাজতন্ত্র
উত্তর: ঘ

www.boimate.com

৪৬. পৃথিবীর কোন দেশের রাজা প্রতি পাঁচ বছর অন্তর অন্তর নির্বাচিত হন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৮]
ক ইংল্যান্ড খ স্পেন
গ থাইল্যান্ড ঘ মালয়েশিয়া
উত্তর: ঘ

৪৭. দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম কি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ): ০৯-১০]
ক বুশ হাউজ খ ব্লু হাউজ
গ ক্রোমলিন ঘ হোয়াইট লজ
উত্তর: খ

৪৮. 'ব্লু হাউজ' কী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক গানের দল খ অনাথ আশ্রম
গ চারাগাছের কাঁচঘর ঘ কোরিয়ার রাষ্ট্রপতি ভবন
উত্তর: ঘ

৪৯. ক্যানবেরায় অস্ট্রিলীয় প্রধানমন্ত্রীর সরকারী বাসভবনের নাম কী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৪-১৫]
ক দি লজ খ অপেরা হাউস
গ ইয়ুরালা ঘ মানুকা
উত্তর: ক

আইন

আইনের ইংরেজি প্রতিশব্দ 'Law'. ইংরেজি 'Law' শব্দটির আভিধানিক উৎপত্তি টিউটনিক মূল শব্দ 'Lag' থেকে। 'Law' শব্দের অর্থ স্থির বা অপরিবর্তনীয় এবং সকলের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য। আইন (Law) বলতে সমাজ স্বীকৃত এবং রাষ্ট্র কর্তৃক অনুমোদিত নিয়ম কানুনকে বোঝায় যা মানুষের বাহ্যিক আচরণ নিয়ন্ত্রণ করে।
অধ্যাপক হল্যান্ডের মতে, "আইন হলো মানুষের বাহ্যিক আচরণ নিয়ন্ত্রণের এমন কতকগুলো সাধারণ নিয়ম যা সার্বভৌম শক্তি কর্তৃক প্রযুক্ত"।
অস্টিন বলেন, "আইন হলো সার্বভৌম কর্তৃপক্ষের আদেশ'।
স্পেন্সার এর মতে, "আইন ও স্বাধীনতা পরস্পর বিরোধী"।
জন লক এর ভাষায়, "যেখানে আইন নেই, সেখানে স্বাধীনতা থাকতে পারে না।"
লাস্কি এর মতে, "আইন রাষ্ট্রের উর্ধ্বে।"

আইনের উৎস

রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক হল্যান্ড এর মতে, আইনের উৎস ছ'টি; যথা : ১) প্রথা ২) ধর্ম ৩) বিচার সংক্রান্ত রায় ৪) বিজ্ঞানসম্মত আলোচনা ৫) ন্যায়বোধ এবং ৬) আইনসভা । ওপেনহাইম জনমতকেও আইনের উৎস বলে মনে করেছেন। কেননা জনমতের প্রভাবে অনেক সময় সরকার আইন প্রণয়ন বা প্রচলিত আইন পরিবর্তন ও সংশোধন করে থাকে।

আইনের প্রকারভেদ : আইন সাধারণত তিন প্রকার। যথা- সরকারি আইন, বেসরকারি আইন এবং আন্তর্জাতিক আইন। এছাড়াও বহুবিধ আইনের অস্তিত্ব লক্ষ্য করা যায়। যেমন-১) প্রকৃতির আইন ২) প্রাকৃতিক আইন ৩) প্রথাসিদ্ধ আইন ৪) প্রচলিত আইন ৫) নৈতিক আইন ৬) সাংবিধানিক আইন ৭) সাধারণ আইন ৮) ন্যায়পরতা আইন ৯) প্রশাসনিক আইন ১০) উপ- বিধি আইন ১১) গণ আইন ১২) সামরিক আইন ১৩) সৈনিক আইন ১৪) রাষ্ট্রীয় আইন।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

প্রাকৃতিক আইন : অধ্যাপক হল্যান্ড তাঁর 'The Elements of Jurisprudence' গ্রন্থে প্রাকৃতিক আইন সম্পর্কে বলেন, "যে আইন নৈতিকতার অংশ হিসেবে মানবজাতির স্বার্থে পরিচালিত হয়ে তাদের দায়িত্বসমূহ নিয়ে গবেষণা করে, তাকে প্রাকৃতিক আইন বলে। 'প্রাকৃতিক আইন' ধারণাটি সর্বপ্রথম প্রাচীন গ্রীক দর্শনে পাওয়া যায়। গ্রীক দার্শনিক এরিস্টটলকে প্রায়শই 'প্রাকৃতিক আইন' এর জনক বলা হয়ে থাকে। 'বাইবেল' এ প্রাকৃতিক আইন বিষয়ে পরোক্ষ উল্লেখ ছিল এবং পরবর্তীতে তা থেকেই মধ্যযুগীয় ক্যাথলিক দার্শনিক আলবার্ট দ্য গ্রেট, সেন্ট টমাস একুইনাস প্রমুখ এই আইনের বিকাশ ঘটান। একুইনাস এরিস্টটলীয় দর্শনের সঙ্গে খ্রিষ্টীয় ধর্মতত্ত্বের সমন্বয় সাধন করেন। হুগো গ্রোসিয়াস প্রাকৃতিক আইনের ওপর ভিত্তি করে আন্তর্জাতিক আইনের ভিত্তি স্থাপন করেন।

সাংবিধানিক আইন : একটি সার্বভৌম রাষ্ট্রের সংবিধানে বর্ণিত আইনসমূহকে সাংবিধানিক আইন বলা হয়। সাংবিধানিক আইন রাষ্ট্রের বিধানাবলী, সরকার ও বিচার বিভাগের গঠন, ক্ষমতা ও পরস্পরের সম্বন্ধ নির্ণয় করে।

সংবিধান : রাষ্ট্র পরিচালনার জন্য প্রত্যেকটি রাষ্ট্রের কিছু নির্দিষ্ট বিধি-বিধান বা আইন থাকে। এই বিধি-বিধানকে রাষ্ট্রের সংবিধান বা শাসনতন্ত্র বলে। গ্রিক দার্শনিক এরিস্টটলের মতে, "সংবিধান হল রাষ্ট্রের সেই জীবনধারা যা রাষ্ট্র নিজেই বেছে নিয়েছে।" (Constitution is the way of life the state has chosen for itself)।

ব্লাসফেমি আইন : ব্লাসফেমি (ধর্ম অবমাননা) ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার জন্য এক ধরনের শাস্তিমূলক আইন। এই আইন যুক্তরাজ্যে প্রথম চালু হয়। ব্রিটিশ ভারতীয় লেখক সালমান রুশদিকে তাঁর বিতর্কিত উপন্যাস 'The Satanic Verses' (ইসলাম ধর্ম অবমাননা সংক্রান্ত) প্রকাশের জন্য ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ খোমেনী ১৯৮৯ সালের ১৪ই ফেব্রুয়ারি মৃত্যুদণ্ডাদেশ (ফতোয়া) দেয়। কিন্তু আইনের চোখে সে কোন অপরাধ করেনি বিধায় তাঁর বিচারও হয়নি।

MCQ Solution

১. **প্রাকৃতিক আইনের উদ্ভব হয়** - [৩৮তম বিসিএস]
ক ম্যাগনা কার্টা থেকে
খ থমাস হবসন, হুগো গ্রোসিয়াস ও জন লক এর লেখনী থেকে
গ গ্রীক, খৃষ্টান ও মধ্যযুগীয় ধর্মতত্ত্ব থেকে
ঘ কনফুসিয়ানিজম থেকে
উত্তর: গ

২. **কোনটি আইনের উৎস নয়?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D): ২০১৩ - ১৪]
ক আইন পরিষদ খ সংবিধান
গ ধর্ম ঘ প্রচলিত রীতি-নীতি
উত্তর: ঘ

৩. **রাষ্ট্রের সর্বোচ্চ আইন কোনটি?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - ইউনিট ই (অর্থনীতি) : ০৮ -০৯]
ক সুপ্রিম কোর্টের আইন খ ফৌজদারী আইন
গ সংবিধান ঘ মন্ত্রী পরিষদ আইন
উত্তর: গ

৪. **সংবিধান বা শাসনতন্ত্র হচ্ছে-** [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৪-০৫]
ক রাষ্ট্রের সাধারণ আইন খ জরুরি আইন
গ রাষ্ট্রের মৌলিক আইন ঘ রাষ্ট্রের বিশেষ আইন
উত্তর: গ

www.boimate.com

৫. **'রাষ্ট্রের পছন্দকৃত জীবন পদ্ধতিই সংবিধান'-উক্তিটি কে করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯ / জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক প্লেটো খ এরিস্টটল
গ কে.সি হোয়ার ঘ হবস
উত্তর: খ

৬. **Constitution is the way of life the state has chosen for itself -উক্তিটি কার?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫]
ক Plato খ Aristotle
গ S.E Finer ঘ Wheare
উত্তর: খ

৭. **সাংবিধানিক সার্বভৌমত্বের বৈশিষ্ট্য হলো -** [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]
ক লিখিত সংবিধান
খ পার্লামেন্ট সংবিধান কর্তৃক সৃষ্ট হবে
গ নিরপেক্ষ ও স্বাধীন আদালত থাকবে যা পার্লামেন্ট কর্তৃক পাসকৃত আইনের বৈধতা যাচাই করবে
ঘ সবগুলো সঠিক
উত্তর: ঘ

৮. **ব্লাসফেমি আইন কোন দেশে প্রথম চালু হয়?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪]
ক ভারত খ যুক্তরাষ্ট্র
গ যুক্তরাজ্য ঘ কানাডা
উত্তর: গ

৯. **কবে আয়াতুল্লাহ খোমেনী সালমান রুশদিকে মৃত্যুদণ্ডাদেশ (ফতোয়া) দেন?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]
ক ফেব্রুয়ারি, ১৯৮৯ খ মার্চ, ১৯৮০
গ এপ্রিল, ১৯৮৯ ঘ ডিসেম্বর, ১৯৮০
উত্তর: ক

১০. **ব্লাসফেমি আইনে ইংল্যান্ডে সালমান রুশদির বিচার হলো না কেন?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]
ক সে আইনের চোখে কোন অপরাধ করেনি
খ সে খ্রিস্টান ধর্মের বিরুদ্ধে অপরাধ করেনি
গ বই লিখে সে কোন অপরাধ করেনি
ঘ বিচারকরা আইনের ভুল ব্যাখ্যা দিয়েছেন
উত্তর: ক

সংবিধান

(ক) অলিখিত সংবিধান

যুক্তরাজ্য : অলিখিত। সনদপত্র, আবেদনপত্র (Petition) এবং অন্যান্য শাসনতান্ত্রিক ঘটনাবলীর সমন্বয়ে এই সংবিধান গঠিত। এর মধ্যে ম্যাগনাকার্টা, পিটিশন অব রাইটস, বিল অব রাইটস প্রভৃতি উল্লেখযোগ্য। ম্যাগনাকার্টা (Magna Carta) কে ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল এবং ইংল্যান্ডের প্রথম শাসনতন্ত্র বলা হয়। ম্যাগনাকার্টা ল্যাটিন শব্দ। এর অর্থ মহা সনদ (Great Charter)। ইংল্যান্ডের রাজা জন ১২১৫ সালের ১৫ জুন সামন্তদের চাপে পড়ে রাজার অধিকার সংক্রান্ত এই চুক্তিতে স্বাক্ষর করেন। এই চুক্তির কারণে রাজাকেও হতে হয়েছিল নিয়মের অধীন। এটি প্রজাদের অধিকার প্রতিষ্ঠা এবং রাজাদের ক্ষমতা হ্রাসের একটি যৌক্তিক দলিল। ম্যাগনাকার্টাকে সাংবিধানিক শাসনের সূচনা বলা যেতে পারে। বর্তমানে ইংল্যান্ডের শাসনতন্ত্র বলতে কোনো নির্দিষ্ট দলিল নেই।

সৌদি আরব : ১৯৯২ সালে রাজকীয় ফরমানের মাধ্যমে চালু করা মৌলিক আইনে কুরআন ও সুন্নাহকে রাষ্ট্রের সংবিধান হিসেবে গ্রহণ করা হয়। দেশটিতে কোন সংসদ নেই।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

(খ) লিখিত সংবিধান

ভারত : বিশ্বের সবচেয়ে বড় লিখিত সংবিধান।

যুক্তরাষ্ট্র : বিশ্বের সবচেয়ে ছোট লিখিত সংবিধান। ১৭৮৭ সালের ১৭ সেপ্টেম্বর সংবিধানটি প্রণীত হয় এবং ১৭৮৯ সালের ৪ মার্চ তা কার্যকর হয়।

জাপান : ১৯৪৭ জাপানের সংবিধান কার্যকর হয়। সংবিধানের ৯ নং অনুচ্ছেদের বিষয়বস্তু হলো, "ন্যায় ও শৃঙ্খলার ভিত্তিতে আন্তর্জাতিক শান্তি বাস্তবায়নের সমর্থন করা"। জাপানের সংবিধান 'শান্তি সংবিধান' নামেও পরিচিত।

নেপাল : ২০১৫ সালে নতুন সংবিধান প্রণীত হয়। এতে সমকামী, উভকামী ও তৃতীয় লিঙ্গের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা হয়।

MCQ Solution

১. **নিচের কোন দেশের সংবিধান অলিখিত?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর : ১৮/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-১) : ১৭-১৮]

Or,

Which of the following country does not have a written constitution? [TItas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst Engineer : 11]

ক মার্কিন যুক্তরাষ্ট্র খ ব্রিটেন গ নেপাল
ঘ কোস্টারিকা ঙ মৌরিতানিয়া **উত্তর:** খ

২. **কোন দেশের অধিকাংশ আইন গড়ে উঠেছে প্রথার ওপর?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]

ক মার্কিন যুক্তরাষ্ট্র খ কানাডা
গ গ্রেট ব্রিটেন ঘ ফ্রান্স **উত্তর:** গ

৩. **যুক্তরাজ্যের প্রথম সাংবিধানিক দলিল কোনটি?** [৫ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা]

ক বিল অফ রাইটস খ এ্যাক্ট অফ সেটেলমেন্ট
গ ম্যাগনাকার্টা ঘ জুডিকেচার এ্যাক্ট **উত্তর:** গ

৪. **নিচের কোনটি Great Charteer হিসেবে পরিচিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ক Magna Carta খ Bill of Rights
গ Retition of Rights ঘ French Revolation **উত্তর:** ক

৫. **The Magna Carta is-** [Standard Bank Ltd. Asst. Officer (Cash) : 11]

ⓐ The name of an English king (ইংল্যান্ডের রাজার নাম)
ⓑ One of Napoleons Wars (নেপোলিয়নের একটি যুদ্ধ)
ⓒ A British Naval Ship (একটি ব্রিটিশ নৌতরী)
ⓓ A Historical Document curbing the king's power (রাজার ক্ষমতা খর্ব করার একটি ঐতিহাসিক দলিল) **Ans.** d

৬. **ম্যাগনাকার্টা হচ্ছে-** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]

ক ফরাসি শাসনতন্ত্রের বাইবেল খ ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল
গ স্পেনীয় শাসনতন্ত্রের বাইবেল ঘ জার্মান শাসনতন্ত্রের বাইবেল **উত্তর:** খ

৭. **ম্যাগনাকার্টা কী?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৪]

ক ইংল্যান্ডের প্রথম শাসনতন্ত্র খ গ্রিসের প্রথম শাসনতন্ত্র
গ অস্ট্রেলিয়ার শাসনতন্ত্র ঘ রাশিয়ার শাসনতন্ত্র **উত্তর:** ক

৮. **The Maghna Carta was published by the king of -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি) ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ⓐ France ⓑ Austria
ⓒ Italy ⓓ England **Ans.** d

৯. **ইংল্যান্ডের কোন রাজা ম্যাগনাকার্টায় স্বাক্ষর করেন?** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী (সিভিল) : ৯৯/ সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]

ক জন খ জেমস
গ এডওয়ার্ড ঘ জর্জ **উত্তর:** ক

১০. **ম্যাগনাকার্টা কোন সালের কত তারিখে স্বাক্ষরিত হয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭ / শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯/ পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]

ক ১৫২১ সালের ১৫ জুন খ ১২১৩ সালের ৭ ডিসেম্বর
গ ১২১৫ সালের ১৫ জুন ঘ ১৩২৫ সালের ৭ জুলাই **উত্তর:** গ

১১. **"রাজা মরে না: এই উক্তিটি কোন দেশের সংবিধানে উল্লেখ আছে?** [সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগামার : ১৬]

ক জাপান খ নেপাল
গ থাইল্যান্ড ঘ গ্রেট ব্রিটেন **উত্তর:** ঘ

১২. **বিশ্বের কোন দেশের কোনো সংবিধান ও পার্লামেন্ট নেই?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১৬/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৫-১৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]

ক লিবিয়া খ সৌদি আরব
গ ব্রুনাই ঘ যুক্তরাজ্য
ঙ সিরিয়া **উত্তর:** খ

১৩. **যুক্তরাষ্ট্রের সংবিধান রচিত হয় কোন সনে?** [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৫/ সমাজসেবা অধিদপ্তরে ইনস্ট্রাক্টর : ০৫]

ক ১৭৮০ সনে খ ১৭৮৭ সনে
গ ১৮৭০ সনে ঘ ১৮৮৯ সনে **উত্তর:** খ

১৪. **বিশ্বের সবচেয়ে বড় সংবিধান কোন দেশের?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান :১৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এফ- ২ ইউনিট) : ১৫-১৬]

ক যুক্তরাষ্ট্র খ ভারত
গ বাংলাদেশ ঘ অস্ট্রেলিয়া **উত্তর:** খ

১৫. **কোন দেশের সংবিধান সবচেয়ে ছোট?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫]

ক যুক্তরাষ্ট্রের খ কানাডার
গ জাপানের ঘ ভারতের **উত্তর:** ক

১৬. **বর্তমান বিশ্বের কোন দেশটির সংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয়?** [৩৫তম বিসিএস]

ক জাপান গ কোস্টারিকা
খ পেরু ঘ সুইজারল্যান্ড **উত্তর:** ক

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৭. এশিয়ার কোন দেশের সংবিধানে সমকামী, উভকামী ও তৃতীয় লিঙ্গের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা হয়েছে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সিণ্ট ইউনিট : সেট ৪ : শিফট ১) : ১৫-১৬]

ক জাপান খ থাইল্যান্ড
গ নেপাল ঘ ফিলিপাইন

উত্তর: গ

আইনসভা

(ক) দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা

দেশ	আইনসভা	
	উচ্চকক্ষ	নিম্নকক্ষ
জাপান	ডায়েট	
	হাউস অব কাউন্সিলরস	House of Representatives
মালয়েশিয়া	পার্লামেন্ট	
	সিনেট (Dewan Negara)	House of Representatives (Dewan Rakyat)
মিয়ানমার	The assembly of the Union (৬৬৪জন সদস্য)	
	House of Nationalities ২২৪জন সদস্য	House of Representatives ৪৪০জন সদস্য
নেপাল	ফেডারেল পার্লামেন্ট (সংসদ)	
	ন্যাশনাল অ্যাসেম্বলি (রাষ্ট্রীয় সভা)	House of Representatives (প্রতিনিধি সভা)
ভারত	পার্লামেন্ট (সংসদ)	
	কাউন্সিল অব স্টেটস (রাজ্যসভা) ২৪৫ জন সদস্য (২৩৩ জন নির্বাচিত + ১২ জন মনোনীত)	হাউজ অব দি পিপল (লোকসভা) ৫৪৫ জন সদস্য (৫৪৩ জন নির্বাচিত + ২ জন মনোনীত)
ভুটান	পার্লামেন্ট	
	ন্যাশনাল কাউন্সিল (Gyelyong Tshogde)	ন্যাশনাল অ্যাসেম্বলি (Gyelyong Tshogdu)
পাকিস্তান	পার্লামেন্ট (মজলিস-ই-শূরা)	
	সিনেট	ন্যাশনাল অ্যাসেম্বলি
আফগানিস্তান	ন্যাশনাল অ্যাসেম্বলি	
	হাউজ অব এলডারস (মেশরানো জিরগা)	হাউজ অব দি পিপল (ওলেসি জিরগা)

দেশ	আইনসভা	
	উচ্চকক্ষ	নিম্নকক্ষ
রাশিয়া	ফেডারেল অ্যাসেম্বলি	
	ফেডারেশন কাউন্সিল	স্টেট ডুমা
পোল্যান্ড	ন্যাশনাল অ্যাসেম্বলি	
	সিনেট	সিম
জার্মানি	ফেডারেল কাউন্সিল (বুনডেসরাট)	ফেডারেশন ডায়েট (বুনডেসটাগ)
ইতালি	পার্লামেন্ট	
	সিনেট অব দ্য রিপাবলিক	চেম্বার অব ডিপুটিস
ফ্রান্স	পার্লামেন্ট	
	সিনেট	ন্যাশনাল এ্যাসেম্বলি
ব্রিটেন	পার্লামেন্ট	
	হাউস অব লর্ডস -৭৯৩ জন সদস্য	হাউস অব কমন্স - ৬৫০ জন সদস্য
দক্ষিণ আফ্রিকা	পার্লামেন্ট	
	ন্যাশনাল কাউন্সিল অব প্রভিন্স	ন্যাশনাল এ্যাসেম্বলি
যুক্তরাষ্ট্র	কংগ্রেস	
	সিনেট ৫০টি রাজ্য × ২ জন = ১০০ জন সদস্য	হাউজ অব রিপ্রেজেন্টেটিভ্স ৪৩৫ সদস্য সদস্য
কানাডা	পার্লামেন্ট	
	সিনেট	হাউজ অব কমন্স

- মিয়ানমারের আইনসভার আসনের ২৫ শতাংশ অনির্বাচিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত।
- ভারতের সরকার গঠনের জন্য লোকসভার ৫৪৫ জন সদস্যের মধ্যে ২৭২ জন সদস্যের সমর্থন প্রয়োজন হয়। ১৯৫১-৫২ সালে ভারতের প্রথম লোকসভার নির্বাচন অনুষ্ঠিত হয়। ভারতের পশ্চিমবঙ্গের আইন সভার নাম বিধানসভা।
- মুসলিম বিশ্বের প্রথম মহিলা স্পীকার হিসেবে ফাহমিদা মির্জা ন্যাশনাল অ্যাসেম্বলির অষ্টাদশ স্পীকারের (২০০৮- ২০১৩ খ্রি.) দায়িত্ব পালন করেন।
- আফগানিস্তানের প্রবীণ নেতাদের সংগঠনের নাম লয়া জিরগা (Loys Girga)।
- যুক্তরাজ্যের সরকার গঠনের জন্য পার্লামেন্টের ৬৫০ জন সদস্যের মধ্যে ৩২৬ জন সদস্যের সমর্থন প্রয়োজন হয়। পার্লামেন্টের সাধারণ নির্বাচন সাধারণত পাঁচ বছর অন্তর মে মাসের প্রথম বৃহস্পতিবারে অনুষ্ঠিত হয়।
- ডিস্ট্রিক অব কলম্বিয়া থেকে যুক্তরাষ্ট্রের আইনসভার উচ্চকক্ষে কোনো প্রতিনিধি থাকে না। **প্রথম মুসলিম মার্কিন কংগ্রেসম্যান হলেন** কিথ এলিসন।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

(খ) এক কক্ষবিশিষ্ট আইনসভা

দেশ	আইনসভার নাম
উত্তর কোরিয়া	সুপ্রিম পিপল'স অ্যাসেম্বলি
দক্ষিণ কোরিয়া	ন্যাশনাল অ্যাসেম্বলি (Daehanminguk Gukhoe)
মঙ্গোলিয়া	স্টেট গ্রেট থুরাল (State Great Khural)
চীন	জাতীয় গণ কংগ্রেস (National People's Congress)
শ্রীলঙ্কা	পার্লামেন্ট (Sinhala) - আসন সংখ্যা ২২৫।
মালদ্বীপ	পিপলস মজলিস
ইরান	Islamic Consultative Assembly (মজলিস ই শুরা ই ইসলাম) ইরানের পার্লামেন্ট নামেও পরিচিত।
ইসরায়েল	নেসেট (Knesset)
তুরস্ক	গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি
মিশর	মজলিস-ই-নওয়াব (House of Representatives)
সুইডেন	রিকসডাগ
ডেনমার্ক	ফোকেটিং
নরওয়ে	স্টরটিং

আইনসভা ভবন

- ব্রিটেনের পার্লামেন্ট ভবনের নাম 'ওয়েস্টমিনিস্টার প্রাসাদ'। এটি লন্ডনের টেমস নদীর তীরে অবস্থিত। পার্লামেন্ট ভবনের উত্তরাংশের ক্লক টাওয়ারে অবস্থিত সুবিশাল ঘণ্টার ডাক নাম বিগবেন (Big Ben)।



Westminster Palace



Big Ben

- বেইজিংয়ে অবস্থিত আইনসভার ভবনের নাম Great Hall of the People।

MCQ Solution

১. **রাষ্ট্রের সবচেয়ে বড় শক্তি কী?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট-১) : ১৬-১৭]

ⓚ চুক্তি ⓛ সম্মতি
ⓜ আইন পরিষদ ⓝ সেনাবাহিনী

উত্তর: গ

২. **Which one is the parliament in Japan?** [Sonali, Janata, Agrani Bank Senior Officer : 08] *Or,*
জাপানের আইনসভা বা পার্লামেন্টের নাম কি? [২৬তম বিসিএস/ ১১তম বিসিএস/ পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর : ১৮ বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ১৭ / বরিশাল বিশ্ববিদ্যালয় : (ঘ ইউনিট): ১৪-১৫]

ⓐ Congress ⓑ National Parliament
ⓒ Senate ⓓ Diet
ⓔ None o these **Ans. d**

৩. **কোন দেশের জাতীয় সংসদ দ্বি-কক্ষ বিশিষ্ট?** [৩৯তম বিসিএস (বিশেষ)]

ⓚ মিয়ানমার ⓛ চীন
ⓜ সিঙ্গাপুর ⓝ ব্রুনাই **উত্তর: খ**

৪. **সংবিধান অনুযায়ী মিয়ানমারের সংসদে কত শতাংশ আসন অনিবার্চিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে?** [৩৭তম বিসিএস]

ⓚ ২৫% ⓛ ৩৫%
ⓜ ৪৫% ⓝ ৫৫% **উত্তর: ক**

৫. **ভারতীয় আইনসভার উচ্চকক্ষের নাম-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫]

ⓚ লোকসভা ⓛ বিধানসভা
ⓜ রাজ্যসভা ⓝ লর্ডসভা **উত্তর: গ**

৬. **ভারতের আইন সভার নিম্নকক্ষের নাম-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ⓚ রাজ্যসভা ⓛ লোকসভা
ⓜ জাতীয় সংসদ ⓝ বিধান সভা **উত্তর: খ**

৭. **ভারতে প্রথম লোকসভা কবে গঠিত হয়েছিল?** [দুর্নীতি দমন পরিদর্শক : ০৪/ সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]

ⓚ ১৯৪৭ সালের ১৫ আগস্ট ⓛ ১৯৫২ সালের ১৭ এপ্রিল
ⓜ ১৯৪৮ সালের ১২ নভেম্বর ⓝ ১৯৫০ সালের ১ জানুয়ারি **উত্তর: খ**

৮. **ভারতের লোকসভায় সরকার গঠন করতে ন্যূনতম আসনের প্রয়োজন :** [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ⓚ ২৭৩ ⓛ ২৭০
ⓜ ২৭৫ ⓝ ২৭২ **উত্তর: ঘ**

৯. **ভারতের লোকসভার সদস্য সংখ্যা কত?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ⓚ ৫৫০ ⓛ ৫৪৫
ⓜ ৫৫২ ⓝ ৫৪৮ **উত্তর: খ**

১০. **ভারতীয় লোকসভার নির্বাচিত সদস্য সংখ্যা কতটি?** [২৭তম বিসিএস/ ২৬তম বিসিএস]

ⓚ ৫৪৩ ⓛ ৫৪৫
ⓜ ৪১৪ ⓝ ৫৪০ **উত্তর: ক**

১১. **ভারতের পশ্চিমবঙ্গের আইন সভার নাম-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ⓚ বিধানসভা ⓛ রাজ্যসভা
ⓜ লোকসভা ⓝ পঞ্চায়েত **উত্তর: ক**

১২. **নেপালের পার্লামেন্ট বা আইনসভার নাম কি?** [১৯তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা) : ১৩]

ⓚ সিনেট ⓛ পঞ্চায়েত
ⓜ কংগ্রেস ⓝ মজলিশ **উত্তর:**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৩. ভুটান এর আইনসভার নাম কি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপসহকারি পরিচালক/ সহকারি পরিচালক : ১৮/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি বিভাগ) : ০৯-১০]
ক পার্লামেন্ট খ অ্যাসেম্বলি
গ ডায়েট ঘ সোগড়ু
উত্তর: ক

১৪. মুসলিম বিশ্বের আইনসভার প্রথম মহিলা স্পিকার- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক মালিদা লৌদী খ ফাহমিদা মির্জা
গ ফাহমিদা নবী ঘ ফাহমিদা ইসলাম
উত্তর: খ

১৫. আফগানিস্তানের প্রবীণ নেতাদের সংগঠনের নাম - [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪]
ক পুশতুলাকা খ লয়া জিরগা
গ জুকোটি জিরগা ঘ পুশতু জিরগা
উত্তর: খ

১৬. 'লয়াজিরগা' কোন দেশের আইনসভা? [৩৪তম বিসিএস]
ক ফিজি খ সিরিয়া
গ লেবানন ঘ আফগানিস্তান
উত্তর: ঘ

১৭. লয়া জিরগা (Loys Girga) হলো- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক মুসলমানদের একটি পবিত্র স্থান
খ ইহুদিদের একটি ধর্মীয় অনুষ্ঠান
গ আফগানিস্তানের শাসনকার্য পরিচালনার জন্য বয়োজ্যেষ্ঠদের পরিষদ
ঘ তিব্বতের আধ্যাত্মিক নেতা
উত্তর: গ

১৮. লয়া জিরগা আফগানিস্তানের (আইন সভা ন্যাশনাল অ্যাসেম্বলি)- [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ- ইউনিট, সমাজবিজ্ঞান স্কুল) ১৩ : ১৪]
ক আইনসভা খ গোত্রীয় প্রতিনিধিসভা
গ রাজ্যসভা ঘ কোনোটিই নয়
উত্তর: খ

১৯. ইরানের আইনসভার নাম কি? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
ক মজলিস খ জাতীয় সংসদ
গ সুরা ঘ কংগ্রেস
উত্তর: ক

২০. 'মজলিস' কোন দেশের পার্লামেন্টের নাম-- [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬/ দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]
ক ইরাক খ আফগানিস্তান
গ ইরান ঘ পাকিস্তান
উত্তর: গ

২১. মজলিস উস শুরা - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ক রাষ্ট্র পরিচালনা পর্ষদ খ একটি সংবিধান
গ একটি সংগঠন ঘ কেন্দ্রীয় কোষাগার
উত্তর: ক

২২. উত্তর কোরিয়ার পার্লামেন্টের নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক লর্ডস অ্যাসেম্বলি খ সুপ্রিম পিপলস অ্যাসেম্বলি
গ ফেডারেল অ্যাসেম্বলি ঘ হাউজ অব এ্যাসেম্বলি
উত্তর: খ

২৩. ইসরায়েলের পার্লামেন্টের নাম কি? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) ১৩-১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক Duma (ডুমা) খ Diet (ডায়েট)
গ Knesset (নেসেট) ঘ Congress (কংগ্রেস)
উত্তর: গ

২৪. 'নেসেট' কোন দেশের পার্লামেন্টের নাম? [সহকারী থানা শিক্ষা অফিসার : ০৫]
ক তুরস্ক খ মিশর
গ সিরিয়া ঘ ইসরাইল
উত্তর: ঘ

২৫. Grand National Assembly কোন দেশের পার্লামেন্ট? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৫-০৬]
ক তুরস্ক খ হল্যান্ড
গ অস্ট্রিয়া ঘ গ্রেট ব্রিটেন
উত্তর: ক

২৬. The parliament of Russia is known as - [Mercantile Bank Ltd. Trainee Officer : 13]
ⓐ Folketing ⓑ Duma and Council of the Federation
ⓒ Bundestag ⓓ Cartes
ⓔ None of these
Ans. b

২৭. Duma হলো -[খুলনা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]
ক এক ধরনের ভাইরাস খ একটি দেশের আইনসভার নাম
গ একটি সন্ত্রাসী গোষ্ঠীর নাম ঘ রাশিয়ার গোয়েন্দা সংস্থা
উত্তর: খ

২৮. স্টেট ডুমা যে দেশের আইনসভা- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক জাপান খ তুরস্ক
গ জার্মানি ঘ রাশিয়া
উত্তর: ঘ

২৯. রাশিয়ার পার্লামেন্টের নিম্নকক্ষের নাম কি? [আইন , বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব- রেজিষ্ট্রার : ১৬]
ক ডুমা খ সোরা
গ ডায়েট ঘ কংগ্রেস
উত্তর: ক

৩০. 'সীম' কোন দেশের পার্লামেন্টের নাম? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) : ০৫-০৬/ সহকারী থানা শিক্ষা অফিসার : ০৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ) : ০৪-০৫]
ক মালেয়েশিয়া খ পোল্যান্ড
গ সুইডেন ঘ নেদারল্যান্ড
উত্তর: খ

৩১. বুন্দেসট্যাগ কোন দেশের পার্লামেন্টের নাম? [স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক রুমানিয়া খ স্পেন
গ বুলগেরিয়া ঘ জার্মানি
উত্তর: ঘ

৩২. ফ্রান্সের আইনসভার নাম কি? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৮ / আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫]
ক কংগ্রেস খ ডায়েট
গ পার্লামেন্ট ঘ ন্যাশনাল অ্যাসেম্বলী
উত্তর: গ

৩৩. What is the name of the British Parliament? [Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 13/ Dhaka Bank MTO : 04/ Jamuna Bank Officer : 04]
ⓐ Congress ⓑ Diet
ⓒ Parliament ⓓ House of Commons
ⓔ None of them
Ans. c

৩৪. 'House of Lords' এবং 'House of Commons' কোন দেশের পার্লামেন্ট? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট বি, বিজোড়) : ১৩-১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, (খ ইউনিট) : ০৭-০৮/ জেলা সহকারী শিক্ষা অফিসার : ০৩]
ক যুক্তরাজ্য খ যুক্তরাষ্ট্র
গ ফ্রান্স ঘ ইতালি
উত্তর: ক

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৩৫. কোন দেশে হাউস অফ কমনস পার্লামেন্টে নিম্ন কক্ষ? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান :১৮ / জগন্নাথ বিশ্ববিদ্যালয়, (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক যুক্তরাষ্ট্র খ অস্ট্রেলিয়া
গ নিউজিল্যান্ড ঘ যুক্তরাজ্য
উত্তর: ঘ

৩৬. ব্রিটেনের পার্লামেন্টের 'হাউজ অব কমন্স' এর সদস্য সংখ্যা কত? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৬]
ক ৫৪৫ জন খ ৫৭৫ জন
গ ৬১৫ জন ঘ ৬৫০ জন
উত্তর: ঘ

৩৭. ওয়েস্ট মিনিস্টার কি জন্য বিখ্যাত? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ৯০]
ক ব্রিটেনের ব্যবসা কেন্দ্র খ ব্রিটেনের পার্লামেন্ট ভবন
গ আমেরিকার হোয়াইট হাউজ ঘ নাসা ভবন
উত্তর: খ

৩৮. ব্রিটিশ পার্লামেন্টের আরেক নাম– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৩-১৪]
ক ওয়েস্টমিনিস্টার খ হাউজ অব লর্ডস
গ হাউস অব কমন্স ঘ হাউস অব রিপ্রেজেন্টেটিভ
উত্তর: ক

৩৯. The '*Big Ben*' is the - [Premier Bank Ltd. MTO : 09/ Prime Bank Ltd. Officer : 09]
ⓐ Name given to the big clock of the British Parliament building
ⓑ Official residence of the President of France
ⓒ One of the longest palaces in Spain
ⓓ Sand and Rock bridge between Sri Lanka and India
Ans. a

৪০. বিগবেন কি? [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৩]
ক একটি যুদ্ধ জাহাজ খ একটি ঘড়ি
গ একটি বিশাল বাদ্যযন্ত্র ঘ একটি গির্জা
উত্তর: খ

৪১. How many seats does a political party in UK require to form the Government? [Grameen Bank Senior Officer: 10/ Rupali Bank Ltd. Senior Officer : 10]
ⓐ 330 ⓑ 326
ⓒ 360 ⓓ 324
ⓔ 311
Ans. b

৪২. মঙ্গোলিয়ার পার্লামেন্টের নাম কি? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক কংগ্রেস খ চেম্বার
গ উয়ান ঘ থুরাল
উত্তর: ঘ

৪৩. 'থুরাল' কোন দেশের পার্লামেন্টের নাম? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোকপ্রশাসন বিভাগ): ০৫-০৬]
ক নরওয়ে খ মঙ্গোলিয়া
গ নেদারল্যান্ড ঘ সার্বিয়া
উত্তর: খ

৪৪. গ্রেট হল অবস্থিত- [৩২তম বিসিএস/ জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪]
ক মস্কো খ চীন
গ বার্লিন ঘ ইংল্যান্ড
উত্তর: খ

৪৫. চীনের আইন সভার নাম কি? [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক গণ কংগ্রেস খ কংগ্রেস
গ রাজ্যসভা ঘ পার্লামেন্ট
উত্তর: ক

৪৬. কোন দেশটির এককক্ষ বিশিষ্ট আইন সভা- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/ এইচআর) : ১৭]
ক সুইডেন খ স্পেন
গ পাকিস্তান ঘ অস্ট্রিয়া
উত্তর: ক

৪৭. সুইডেনের পার্লামেন্টের নাম কী? [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) : ১০-১১]
ক রিক্সভ্যাগ খ ক্রোটস
গ যুরাল ঘ সিনেট
উত্তর: ক

৪৮. নরওয়ের পার্লামেন্টের নাম- [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয়, (খ ইউনিট) : ১১-১২]
ক সেযম্ খ করতেস্
গ স্টরটিং ঘ ডুমা
উত্তর: গ

৪৯. ফলকেটিং (Folketing) কোন দেশের আইন সভা? [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক বেলজিয়াম খ নরওয়ে
গ ফিনল্যান্ড ঘ ডেনমার্ক
উত্তর: ঘ

৫০. ডেনমার্কের আইনসভার নাম কি? [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-২) : ১৭-১৮]
ক চেম্বার খ নেসেট
গ ফোকেটিং ঘ সিনেট
উত্তর: গ

৫১. মিশরের পার্লামেন্টের নাম কি? [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার : ০৬]
ক কংগ্রেস খ মজলিস
গ পার্লামেন্ট ঘ দারুল আওয়াম
উত্তর: খ

৫২. The name of the parliament of USA is: [Banglalesh Shilpa Bank recruitment test: 04]
Or,
মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার (আইন পরিষদের) নাম- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-১ ইউনিট) : ১৫-১৬]
ⓐ Congress (কংগ্রেস) ⓑ House of Commons (হাউস অব কমন্স)
ⓒ Capital (ক্যাপিটাল) ⓓ White House (হোয়াইট হাউস)
Ans. a

৫৩. Congress is the name of the parliament of which of the following country? [Bangladesh Bank Assistant Director: 08/ Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 11]
Or,
কংগ্রেস কোন দেশের আইনসভার নাম? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ⓐ India ⓑ Sweden ⓒ USA
ⓓ South Africa ⓔ Switzerland
Ans. c

৫৪. আমেরিকার (মার্কিন যুক্তরাষ্ট্রের) আইনসভার দুটি কক্ষের নাম কি কি? [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক': ৯৮]
ক US Congress and US Legislature
খ House of Commons and House of Lords
গ House of Representatives and Senate
ঘ House of Electore and Electoral College
উত্তর: গ

৫৫. যুক্তরাষ্ট্রের আইনসভার নিম্নকক্ষের নাম কি? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ক হাউস অব কমনস্ খ হাউস অব লর্ডস
গ সিনেট ঘ হাউস অব রিপ্রেজেন্টেটিভ
উত্তর: ঘ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৫৬. মার্কিন কংগ্রেসের উচ্চ পরিষদের নাম কি? [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী : ১৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩/ খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]

ক সিনেট খ হাউস অব রিপ্রেজেন্টেটিভ
গ হাউস অব কমন্স ঘ কংগ্রেস **উত্তর: ক**

৫৭. যুক্তরাষ্ট্রের সিনেটের মোট আসন সংখ্যা কতটি? [২৮তম বিসিএস]

ক ৯৯ খ ১০০
গ ১০১ ঘ ১০২ **উত্তর: খ**

৫৮. প্রথম মুসলিম মার্কিন কংগ্রেসম্যানের নাম- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]


ক কিথ এলিসন খ এ্যালেন ফাইন
গ ফ্রেড হফম্যান ঘ গ্যারি লেনন **উত্তর: ক**

৫৯. What is the name of the parliament of Canada? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৫) : ১৫-১৬]


ⓐ Parliament ⓑ Diet
ⓒ Congress ⓓ Duma **Ans.** a

জাতীয় প্রতীক

জাতীয় প্রতীক একটি স্বাধীন সার্বভৌম দেশের ঐক্যের প্রতীক। জাতীয় প্রতীকের মাধ্যমে একটি জাতির লক্ষ্য ও ইতিহাস বা ঐতিহ্য ফুটে তোলা হয়। দৃশ্যমান বা অদৃশ্যমান বস্তু যেমন, পতাকা, সংগীত, পাখি, ফুল, ফল, পশু, খেলা ইত্যাদির সাহায্যে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিকভাবে একটি দেশের জাতীয় প্রতীক প্রকাশ করা হয়।

জাপান	ফুল	Chrysanthemum morifolium
সিঙ্গাপুর	পতাকা	মুসলিম দেশ না হলেও দেশটির পতাকায় চাঁদ-তারা আছে। 
চীন	পশু	জায়ান্ট পান্ডা
ভারত	মনোগ্রাম	অশোক চক্র
	পাখি	ময়ূর
	ফুল	পদ্ম
	পশু	রয়েল বেঙ্গল টাইগার
পাকিস্তান	পতাকা	অর্ধচন্দ্রাকৃতি চাঁদ ও তারা (Star and Crescent) আছে 
	ফুল	জুই

www.boimate.com

নেপাল	পশু	গরু (cow)
ভুটান	ফুল	নীল পপি
	পাখি	দাঁড় কাক
মালদ্বীপ	ফুল	গোলাপ (Pinkrose)
	বৃক্ষ	নারিকেল গাছ
শ্রীলঙ্কা	ফুল	পদ্ম (water lily)
ইরান	ফুল	গোলাপ (Red Rose)
সৌদি আরব	পতাকা	দেশটির পতাকা কখনও অধোনমিত করা হয় না কারণ এতে পবিত্র কালেমা লেখা আছে। 
ডেনমার্ক	পতাকা	নাম - ডেনব্রুগ । এটি বিশ্বের প্রাচীনতম পতাকা যা আজও ব্যবহৃত হচ্ছে। 
জার্মানি	বৃক্ষ	ওক
ফ্রান্স	ফুল	আইরিস
যুক্তরাজ্য	পতাকা	নাম - ইউনিয়ন জ্যাক 
	ফুল	টিউডর গোলাপ
কানাডা	বৃক্ষ	ম্যাপল গাছ
যুক্তরাষ্ট্র	পতাকা	১৩টি আড়াআড়ি দাগ (৭টি লাল ও ৬টি সাদা) এবং এক কোণায় হালকা নীল রংয়ের ৫০টি তারকা চিহ্ন আছে। 
	ফুল	গোলাপ
অস্ট্রেলিয়া	পশু	ক্যাঙ্গারু
নিউজিল্যান্ড	পাখি	কিউই

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

MCQ Solution

১. **What is the national symbol of Japan?** [Rupali Bank Ltd. Officer : 10]
Or,
জাপানের জাতীয় প্রতীক কি? [সাব-রেজিস্ট্রার : ০৩]
ⓐ Dragon ⓑ Rose
ⓒ Lilly Flower ⓓ Water Lilly
ⓔ Chrysanthem
Ans. e

২. **মুসলিম দেশ নয় কিন্তু পতাকায় চাঁদ-তারা আছে-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ⓚ হংকং ⓛ থাইল্যান্ড
ⓜ সিঙ্গাপুর ⓝ মায়ানমার
উত্তর: গ

৩. **ভারতের জাতীয় পাখি–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৪-১৫]
ⓚ রাজহাঁস ⓛ ঈগল
ⓜ ময়ূর ⓝ গরু
উত্তর: গ

৪. **ভুটানের রাষ্ট্রীয় ফুল কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ নীল পপি ⓛ লাল গোলাপ
ⓜ পদ্ম ⓝ লিলি
উত্তর: ক

৫. **যে দেশের জাতীয় পতাকা কখনোই অর্ধনমিত করা হয় না** - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ⓚ সৌদি আরব ⓛ আইসল্যান্ড
ⓜ গ্রিনল্যান্ড ⓝ ভ্যাটিকান
উত্তর: ক

৬. **Which country first used national flag?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এফ- ইউনিট) : ১৩-১৪/ বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]
Or,
বিশ্বে সর্বপ্রথম কোন দেশে জাতীয় পতাকার প্রচলন শুরু হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট): ১৫-১৬]
ⓚ Denmark ⓛ UK
ⓜ Spain ⓝ France
ⓞ None of these
উত্তর: ক

৭. **কোন দেশের পতাকাকে 'ইউনিয়ন জ্যাক' বলা হয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-চীন): ০৮-০৯]
ⓚ ফ্রান্স ⓛ ইতালি
ⓜ ব্রিটেন ⓝ কানাডা
উত্তর: গ

৮. **মার্কিন যুক্তরাষ্ট্রের পতাকায় কয়টি রেখা আছে?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট : ০৫]
ⓚ ১১টি ⓛ ১৩টি
ⓜ ১৪টি ⓝ ১৫টি
উত্তর: খ

৯. **কোন দেশের পতাকায় ম্যাপল পাতার ছবি আছে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট; সেট-বি) : ১১-১২]
ⓚ আমেরিকা ⓛ ইতালি
ⓜ ঘানা ⓝ কানাডা
উত্তর: ঘ

১০. **অস্ট্রেলিয়ার জাতীয় প্রতীক কি?** [ডেন্টাল কলেজ : ০৪-০৫]
ⓚ ঈগল ⓛ গোলাপ
ⓜ পদ্মফুল ⓝ ক্যাঙ্গারু
উত্তর: ঘ

১১. **'Kiwi' কোন দেশের জাতীয় প্রতীক?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট বিজোড়) : ১৩-১৪]
ⓚ চীন ⓛ কোরিয়া
ⓜ জাপান ⓝ নিউজিল্যান্ড
উত্তর: ঘ

১২. **কোন দেশের ক্রিকেটাররা 'কিউই' নামে পরিচিত?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট; সেট-এ) : ১৪-১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৪-১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ জিম্বাবুয়ে ⓛ কেনিয়া
ⓜ দক্ষিণ আফ্রিকা ⓝ নিউজিল্যান্ড
উত্তর: ঘ

বিচার বিভাগ

- সৌদি আরবর রিয়াদ-এ অবস্থিত জাস্টিস স্কয়ারে মৃত্যুদণ্ড প্রাপ্ত ব্যক্তিদের শিরশ্ছেদের মাধ্যমে দণ্ড কার্যকর করা হয়। এটি ডেরা স্কয়ার বা চপচপ স্কয়ার নামেও পরিচিত।
- ১৮৬৩ সালে বিশ্বের প্রথম দেশ হিসেবে ভেনিজুয়েলা মৃত্যুদণ্ড নিষিদ্ধ করে।

MCQ Solution

১. **জাস্টিস স্কয়ার যে দেশে-** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪]
ⓚ সিরিয়া ⓛ সৌদি আরব
ⓜ তিউনিসিয়া ⓝ কুয়েত
উত্তর: খ

২. **Which was the first country to abolish death penalty?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ⓐ The Netherlands ⓑ Germany
ⓒ Venezuela ⓓ Costa Rica
Ans. c

জাতি

জাতি রাষ্ট্র : জাতীয়তার ভিত্তিতে সৃষ্ট রাষ্ট্রই জাতি রাষ্ট্র। সুনির্দিষ্ট ভূখণ্ডে স্বশাসনের লক্ষ্যে জাতি রাষ্ট্রের উদ্ভব ঘটে। ইতালীয় রাষ্ট্র দার্শনিক ম্যাকিয়াভেলিকে জাতি রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা মনে করা হয়। রাষ্ট্র দার্শনিক ম্যাকিয়াভেলি তাঁর দূরদৃষ্টি থেকে উপলব্ধি করেন যে, আগামী দিনের রাষ্ট্র হবে 'জাতি রাষ্ট্র' এবং তার ভিত্তি হবে 'জাতীয়তাবাদ'। গিল ক্রাইস্টের মতে, 'জাতি হল রাষ্ট্রের অধীনে সুসংগঠিত একটি জনসমাজ'।

MCQ Solution

১. **The essential ingredient required in building a nation is -** [Premier Bank Ltd. Trainee Junior Officer: 09]
ⓐ Geographic location ⓑ Language
ⓒ Culture ⓓ All of these
ⓔ None of these
Ans. d

২. **কোন বৈশিষ্ট্য রাষ্ট্র ও জাতির মধ্যে পার্থক্য নির্দেশ করে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৭-৯৮]
ⓚ জনসংখ্যা ⓛ এলাকা
ⓜ ঐক্য ⓝ সার্বভৌমত্ব
উত্তর: ঘ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩. **পৃথিবীতে নানা জাতি সৃষ্টির কারণ কি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৮]
ক প্রাকৃতিক খ সামাজিক
গ রাজনৈতিক ঘ ভৌগোলিক **উত্তর: ঘ**

৪. **নরওয়ের নাগরিক জাতিগতভাবে -** [সমবায় অধিদপ্তরে অফিসার : ৯৭]
ক নরওয়েইয়ান খ স্ক্যানডানেভিয়ান
গ নরওয়েইজ ঘ নরওয়েজিয়ান **উত্তর: ঘ**

৫. **ককেশয়েড একটি ..... এর নাম।** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৮-৯৯]
ক জাতি খ ধর্ম
গ শ্রেণী ঘ নৃ-গোষ্ঠী **উত্তর: ক**

৬. **ইংল্যান্ডের বর্তমান জাতিগোষ্ঠী কোন বংশোদ্ভূত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট-১) : ১৬-১৭]
ক ফরাসী খ জার্মান
গ আমেরিকান ঘ রোমান **উত্তর: খ**

৭. **'জাতি হল রাষ্ট্রের অধীনে সুসংগঠিত একটি জনসমাজ'- এ উক্তিটি কে করেন?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - ইউনিট ই (অর্থনীতি) : ০৮ -০৯]
ক ম্যাকাইভার খ গিল ক্রাইস্ট
গ স্টালিন ঘ রামজে ম্যুইর **উত্তর: খ**

৮. **জাতি রাষ্ট্রের অর্থ হলো -** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (A ইউনিট) : ১২-১৩]
ক ধর্মীয় সম্প্রদায়ভিত্তিক রাষ্ট্র
খ একই ভৌগোলিক এলাকায় বসবাসরত জনগোষ্ঠী কর্তৃক গঠিত রাষ্ট্র
গ একটি রাষ্ট্র যেখানে বিভিন্ন এথনিক জনগোষ্ঠী একত্রে বসবাস করে
ঘ দ্বন্দ্ব-সংঘাতহীন রাষ্ট্র
ঙ সংস্কৃতি ভিত্তিক জাতীয় চেতনায় উদ্বুদ্ধ রাষ্ট্র **উত্তর: খ**

৯. **জাতি রাষ্ট্রের মূল ভিত্তি কি?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই) : ১২-১৩]
ক জাতীয়তাবাদ খ জাতীয় ঐক্য
গ রাজনৈতিক ঐক্য ঘ অর্থনীতি **উত্তর: ক**

১০. **জাতি রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ইউনিট D: ১৫-১৬]
ক ম্যাকিয়াভেলি খ বিসমার্ক
গ হিটলার ঘ মুসোলিনী **উত্তর: ক**

উপজাতি

উইঘুর	চীনের জিনজিয়াং অঞ্চলে বসবাসকারী তুর্কি বংশোদ্ভূত মুসলিম সম্প্রদায়।
কারেন	মিয়ানমারের সীমান্তবর্তী অঞ্চলে বাস করে। স্বাধীনতার জন্য যুদ্ধরত।
শেরপা	নেপাল ও তিব্বত হিমালয়ের পাদদেশে বসবাসকারী আদিবাসী।
গুর্খা	নেপালের যোদ্ধা জাতি।
টোডা	দক্ষিণ ভারতের তামিলনাড়ু রাজ্যের নীলগিরি পর্বত অঞ্চলের আদিবাসী। টোডা সমাজে বহুস্বামী ভিত্তিক পরিবার দেখা যায়।
নাগা	ভারতের নাগাল্যান্ডের পাহাড়ী উপজাতি।
আফ্রিদি	পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্তের ওয়াজিরস্থানের উপজাতি।
বেদে	ভারতীয় উপমহাদেশের যাযাবর জাতি বিশেষ।

www.boimate.com

পাপুয়া	পশ্চিম ইরানের আদিবাসী।
বেদুঈন	আরবের যাযাবর জাতি।
তাতার	সাইবেরিয়া, মঙ্গোলিয়া, তুর্কিস্তান ও স্টেপ অঞ্চলের জাতি।
এস্কিমো	সাইবেরিয়া (রাশিয়া), আলাস্কা (যুক্তরাষ্ট্র), কানাডা, গ্রীনল্যান্ডের অঞ্চলের জাতি। এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম স্লেজ (Sledge)। স্লেজ গাড়ি চালাতে Siberian Huskies বা Alaskan malamutes কুকুর ব্যবহৃত হয়।
কসাক	পোল্যান্ডের দক্ষিণ-পূর্ব সীমান্ত এবং ইউক্রেনের কৃষকগণ।
মুর	উত্তর আফ্রিকার বসবাসরত মুসলমান জাতি।
হুটু ও টুটসি	রুয়ান্ডার ক্ষমতার লড়াইয়ে লিপ্ত দুটি প্রধান উপজাতি।
পিগমি	মধ্য আফ্রিকা (নিরক্ষীয় অঞ্চল) এর আদিবাসী। পৃথিবীর সবচেয়ে খর্বকায় জাতি।
বান্টু	মধ্য ও দক্ষিণ আফ্রিকার নিগ্রো জাতি।
জুলু	দক্ষিণ আফ্রিকার নাটালের নিগ্রো জাতি।
কুলু	দক্ষিণ আফ্রিকার উপজাতি।
কাফির	দক্ষিণ আফ্রিকার যোদ্ধা জাতি।
রেড ইন্ডিয়ান	আমেরিকার আদি অধিবাসী।
মাওরী	নিউজিল্যান্ডের আদি জাতি।



MCQ Solution

১. **চীনের কোন প্রদেশটি মুসলিম অধ্যুষিত?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৪]
ক কুমিংটাং খ জিনজিয়াং
গ সাংহাই ঘ কোনোটিই নয় **উত্তর: খ**

২. **চীনের জিনজিয়াং প্রদেশে বসবাসকারী প্রধান মুসলিম সম্প্রদায়ের নাম কি?** [৩৭তম বিসিএস]
ক তুর্কমেন খ উইঘুর
গ তাজিক ঘ কাজাখ **উত্তর: খ**

৩. **'উইঘুর' হলো -** [৩৫তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার : ১৮]
ক চীনের একটি খাবারের নাম খ চীনের একটি ধর্মীয় স্থানের নাম
গ চীনের একটি শহরের নাম ঘ চীনের একটি সম্প্রদায়ের নাম **উত্তর: ঘ**

৪. **স্বাধীনতার জন্য কারেন বিদ্রোহীরা যুদ্ধরত-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৯-০০]
ক মায়ানমারে খ লাওসে
গ কম্পুচিয়ায় ঘ নিকারাগুয়ায় **উত্তর: ক**

৫. **The 'Gurkhas' are the original inhabitants of -** [Pubali Bank Ltd Junior Officer : 12/ ICB Senior Officer: 11/ Sadharan Bima Corporation Junior Officer : 09]
ⓐ Bhutan ⓑ India ⓒ Nepal
ⓓ Myanmar ⓔ None of these **Ans.** c

৬. **বহুস্বামী বিবাহ ভিত্তিক পরিবার কোন সমাজে দেখা যায়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক মঙ্গোলীয় খ ভারতীয়
গ গারো ঘ টোডা উপজাতি **উত্তর: ঘ**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৭. **Eskimos hunt using a dog-driven vehicle called-/ এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম-** [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09/ Mercantile Bank Ltd. Officer : 06]

ⓐ Cartedge ⓑ Sledge ⓒ Bus
ⓓ Snow Cart ⓔ None of these **Ans.** b

৮. **রুয়ান্ডার ক্ষমতার লড়াইয়ে লিপ্ত দুটি প্রধান উপজাতির একটি হলো টুটসি প্রতিপক্ষের নাম কী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৬-৯৭]

ক) জুলু খ) হুটু
গ) খেমাররুজ ঘ) তামিল **উত্তর:** খ

৯. **'জুলু' উপজাতি বাস করে -** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট) : ১৫-১৬ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক) লাতিন আমেরিকায় খ) দক্ষিণ আফ্রিকায়
গ) ভারতে ঘ) ফ্রান্সে **উত্তর:** খ

১০. **দক্ষিণ আফ্রিকার প্রধান অধিবাসীদের নাম কি?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৫]

ক) আফ্রিদি খ) জুলু
গ) কুর্দ ঘ) মাসাই **উত্তর:** খ

১১. **রেড ইন্ডিয়ান কারা?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক : ১৭]

ক) ইন্ডিয়ার আদি আধিবাসী খ) আমেরিকায় আগত ভারতবাসী
গ) আমেরিকার আদি অধিবাসী ঘ) সব কয়টি **উত্তর:** গ

১২. **যুক্তরাষ্ট্রের আদিবাসীদের নাম কি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ০৩-০৪]

ক) উপজাতি খ) অদিবাসী
গ) রেড ইন্ডিয়ান ঘ) নিগ্রো **উত্তর:** গ

১৩. **নিউজিল্যান্ডের আদিবাসীদের কি বলা হয়?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন এইচআর):১৭/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]

ক) তাতারু খ) মাউরি
গ) রেড ইন্ডিয়ান ঘ) কুর্দি **উত্তর:** খ

১৪. **মাওরী সম্প্রদায় কোন দেশের আদিবাসী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই- ইউনিট) : ১৩-১৪]

ক) অস্ট্রেলিয়া খ) নিকারাগুয়া গ) নিউজিল্যান্ড
ঘ) পেরু ঙ) পাপুয়া নিউগিনি **উত্তর:** গ

নাগরিকত্ব

নাগরিকত্ব দু'ভাবে লাভ করা যায়।

১) জন্মসূত্রে : নাগরিকত্ব অর্জনের ক্ষেত্রে দুইটি নীতি অনুসরণ করা হয়। যথা-

(ক) জন্মনীতি : পিতা মাতার নাগরিকত্বের ভিত্তিতে সন্তান নাগরিকতা লাভ করে জন্মনীতি অনুসারে। বাংলাদেশসহ বিশ্বের অধিকাংশ দেশ জন্মনীতি অনুসরণ করে।

(খ) জন্মস্থান নীতি : পিতা - মাতা যে দেশেরই নাগরিক হোক না কেন, সন্তান যে রাষ্ট্রে জন্মগ্রহণ করবে সে ঐ রাষ্ট্রের নাগরিকত্ব লাভ করবে। আমেরিকা, কানাডাসহ বিশ্বের অল্প কয়েকটি দেশ জন্মস্থান নীতির মাধ্যমে নাগরিকতা নির্ধারণ করে।

২) অনুমোদনসূত্রে।

নাগরিকদের কর্তব্য

রাষ্ট্রের নাগরিক হিসেবে আমরা যেমন রাষ্ট্র প্রদত্ত সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও মৌলিক অধিকার ভোগ করি, তেমনি আমাদেরকেও রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন করতে হয়। নাগরিকদের কর্তব্য দুই ধরনের। যথা-

১) নৈতিক কর্তব্য : ভোটাধিকার প্রয়োগ করা, ...

২) আইনগত কর্তব্য : রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ, আইন মান্য করা, কর প্রদান করা।

নাগরিক অধিকার

অধিকার প্রধানত দুই প্রকার। যথা-

১) নৈতিক অধিকার : নিজে শিক্ষিত হওয়া এবং সন্তানদের শিক্ষিত করা, সততার সহিত ভোটদান, রাষ্ট্রের সেবা করা এবং বিশ্বমানবতার সাহায্যে এগিয়ে আসা।

২) আইনগত অধিকার :

ক) সামাজিক অধিকার : জীবন ধারণের অধিকার, সম্পত্তির অধিকার, চলাফেরা, সমাবেশ ও সমিতি করার অধিকার, ধর্ম চর্চার অধিকার, শিক্ষা ও স্বাস্থ্যের অধিকার, পরিবার গঠনের অধিকার, কর্মলাভের ও সামাজিক অর্থনৈতিক সুবিচারের অধিকার, চিন্তা মতপ্রকাশ ও সংবাদপত্রের স্বাধীনতার অধিকার, ভাষা ও সংস্কৃতির অধিকার।

খ) রাজনৈতিক অধিকার : বসবাসের অধিকার, ভোট দানের অধিকার, আবেদন করা ও সরকারের সমালোচনা করার অধিকার, প্রবাসে নিরাপত্তা লাভের অধিকার, সরকারী চাকরি লাভের অধিকার। কোন রাষ্ট্রে বসবাসরত বিদেশী নাগরিকগণ রাজনৈতিক অধিকার ভোগ করতে পারে না।

গ) অর্থনৈতিক অধিকার : জীবনধারণ, জীবনকে উন্নত ও এগিয়ে নেওয়ার জন্য রাষ্ট্রপ্রদত্ত অধিকারকে অর্থনৈতিক অধিকার বলা হয়। যেমন- যোগ্যতা অনুযায়ী কাজ করার অধিকার, ন্যায্য মজুরি লাভের অধিকার, অবকাশ লাভের অধিকার, শ্রমিকসংঘ গঠনের অধিকার।

দ্বৈত নাগরিকতা

একজন ব্যক্তি একই সঙ্গে দুটি রাষ্ট্রের নাগরিকতা অর্জনকে দ্বৈত নাগরিকতা বলে। সাধারণত একজন ব্যক্তি একটিমাত্র রাষ্ট্রের নাগরিকতা অর্জনের সুযোগ পায়। তবে জন্মসূত্রে নাগরিকতা অর্জনের দুটি নীতি থাকায় কোনো কোনো ক্ষেত্রে দ্বৈত নাগরিকতা সৃষ্টি হয়। যুক্তরাষ্ট্র ও কানাডায় দ্বৈত নাগরিকত্ব দেখা যায়।

MCQ Solution

১. **কোন নীতি অনুসারে পিতা মাতার নাগরিকত্বের ভিত্তিতে সন্তানের নাগরিকতা নির্ধারিত হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ০৭-০৮]

ক) জন্মনীতি খ) জন্মস্থান
গ) অনুমোদন নীতি ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

২. **জন্মসূত্রে নাগরিকতা অর্জনের পদ্ধতি কোনটি?** [শাহজালাল বিজ্ঞান প্রযুক্তি ও বিশ্ববিদ্যালয় (ইউনিট B): ০০-০১]

ক) জন্মনীতি খ) জন্মস্থান নীতি
গ) উভয়ই ঘ) কোনটিই নয় **উত্তর:** গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৩. **নাগরিকত্ব অর্জনে জন্মস্থানে নীতি অনুসৃত হয় কোন দেশে?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - ইউনিট C (অর্থনীতি) : ৮-০৯]
ক) বাংলাদেশে খ) ভারত
গ) আমেরিকায় ঘ) ফ্রান্সে **উত্তর: গ**

৪. **নাগরিক ও বিদেশির মধ্যে পার্থক্যের ক্ষেত্র কোনটি সঠিক?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D) : ১৪-১৫]
ক) সামাজিক অধিকার খ) ব্যক্তিক অধিকার
গ) রাজনৈতিক অধিকার ঘ) সাংস্কৃতিক অধিকার **উত্তর: গ**

৫. **রাষ্ট্রের প্রতি নাগরিকদের প্রধান কর্তব্য-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক) আইন মান্য করা খ) ভোট দেয়া
গ) আনুগত্য প্রকাশ করা ঘ) কর প্রদান করা **উত্তর: গ**

৬. **একজন নাগরিকের সবচেয়ে বড় কর্তব্য কোনটি?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট D) : ১৪-১৫]
ক) আইন মান্য করা খ) কর প্রদান করা
গ) সন্তানদের শিক্ষা দেয়া ঘ) রাষ্ট্রের সেবা করা **উত্তর: ক**

৭. **নিচের কোনটি নাগরিকের দায়িত্ব?** [৩৮তম বিসিএস]
ক) রাস্তায় ট্রাফিক আইন মেনে চলা
খ) শিল্প কারখানায় অধিক শ্রমিক নিয়োগ দেয়া
গ) দক্ষ জনশক্তি তৈরী করা
ঘ) রাজনৈতিক সংগঠনে অন্তর্ভুক্ত হওয়া **উত্তর: ক**

৮. **ভোটদানের অধিকার কোন ধরনের অধিকার?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় - ইউনিট C (অর্থনীতি) : ০৮ -০৯]
ক) রাষ্ট্রীয় খ) রাজনৈতিক
গ) সামাজিক ঘ) আইনগত অধিকার **উত্তর: খ**

কূটনৈতিক পরিভাষা

Ping Pong Diplomacy : পিং পং ডিপ্লোমেসির ইংরেজি প্রতিশব্দ Table Tennis Diplomacy। ১৯৭১ সালে দীর্ঘদিনের বৈরী দুই দেশ চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যকার সম্পর্কের জন্য 'পিং পং কূটনীতি' (Ping Pong Diplomacy) আলোচিত। এ সময় চীনের আমন্ত্রণে মার্কিন যুক্তরাষ্ট্রের টেবিল টেনিস (Ping Pong) দল চীন সফর করে। এই সফরের মধ্য দিয়ে দেশ দুটির দীর্ঘ দিনের বৈরী সম্পর্কের বরফ গলতে শুরু করে।

Persona-non-grata কূটনীতিক পরিভাষার একটি শব্দ। কোন দেশ তার দেশে অন্য কোন দেশের কোন কূটনীতিককে যে কোন সময় কোন কারণ ব্যাখ্যা ছাড়াই অবাঞ্ছিত ঘোষণা করতে পারে। ঐ কূটনীতিককে তখন 'Persona-non-grata' বলে।

অ্যাম্বাসেডর ও হাইকমিশনার : জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের অ্যাম্বাসেডর (Ambassador) বলে। কমনওয়েলথভুক্ত দেশসমূহে অন্য কমনওয়েলথভুক্ত দেশের সর্বোচ্চ কূটনীতিককে হাইকমিশনার (High Commissioner) বলে।

www.boimate.com

MCQ Solution

১. **Persona-non-grata শব্দ সমষ্টি যে বিশেষ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য--** [১৭তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১০-১১ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফিন্যান্স এন্ড ব্যাংকিং-অবাণিজ্য) : ০৪-০৫]
ক) রাজনীতিবিদ খ) ক্রীড়াবিদ
গ) ব্যবসায়ী ঘ) কূটনীতিবিদ **উত্তর: ঘ**

২. **পিং পং এর অর্থ হচ্ছে -** [৩৮তম বিসিএস/ সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী : ১৮]
ক) ভলিবল খ) টেবিল টেনিস
গ) বাস্কেট বল ঘ) লন টেনিস **উত্তর: খ**

৩. **Ping Pong Diplomacy-র সাথে কোন দেশটি সংশ্লিষ্ট?** [সাব-রেজিস্ট্রার : ০১]
ক) চীন খ) জাপান
গ) ইসরাইল ঘ) কোরিয়া **উত্তর: ক**

৪. **রাষ্ট্র প্রতিনিধি বলতে কোন শব্দটি ব্যবহার হয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ-ইউনিট;সেট-০২) : ১১-১২]
ক) Ambassador খ) Representative
গ) Consul ঘ) cabinet **উত্তর: ক**

৫. **জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের বলা হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক) অ্যাম্বাসেডর খ) হাইকমিশনার
গ) অ্যাটাশে ঘ) সেক্রেটারি **উত্তর: ক**

৬. **'ইন্ডিয়া হাউস' কোথায় অবস্থিত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮/ ইসলামী বিশ্ববিদ্যালয় (জি ইউনিট) : ১৩-১৪]

Or,

India House is located in –[PKSF Assistant Manager : 14]
ক) লন্ডন খ) দিল্লী
গ) নিউইয়র্ক ঘ) করাচি **উত্তর: ক**

ব্যাখ্যা: ইন্ডিয়া হাউস লন্ডনভিত্তিক ভারতীয় জাতীয়তাবাদী সংগঠন (১৯০৫-১৯১০খ্রি:) কার্যালয়।

শ্বেতপত্র (White Paper)
সমকালীন অর্থনৈতিক বা সামাজিক কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারি নীতির ওপর সরকার যে লিখিত বিবৃতি প্রদান করে সেটাকেই মূলত শ্বেতপত্র বলা হয়। সাধারণত কোনো আইন পরিবর্তন করে নতুন বিল আনার আগে বা কোনো বিষয়ে আইন প্রণয়নের পূর্বে জনমত যাচাইয়ের উদ্দেশ্যে শ্বেতপত্র প্রকাশ করা হয়। ব্রিটেনে শ্বেতপত্রকে পার্লামেন্টারি পেপারস বলে। ভারতে শ্বেতপত্রের মাধ্যমে কোনো বিল অথবা বিষয়ের ওপর সরকার অনুসৃত পন্থা ও ব্যাখ্যাসহ অন্যান্য তথ্যাদি সংসদে উপন্যস্ত হয়।

ম্যানিফেস্টো
সাধারণত রাজনৈতিক দলগুলো নির্বাচনের পূর্বে তাদের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য যেটি জনসম্মুখে প্রকাশ করে সেটিই 'ম্যানিফেস্টো' নামে পরিচিত।

ফিফথ কলাম (Fifth Column)
ফিফথ কলাম দ্বারা পঞ্চম বাহিনীকে বুঝায় (যে জনতা গোপনে নিজ সরকারের বিরুদ্ধে কাজ করে এবং [illegible])। 'Fifth Column' কথাটি সর্বপ্রথম ব্যবহৃত হয় সামরিক ক্ষেত্রে স্পেনের

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

গৃহযুদ্ধ চলাকালীন সময়ে। স্পেনের জেনারেল 'এমিলিও মোলা' কথাটি সর্বপ্রথম ব্যবহার করেন।

MCQ Solution

১. **White Paper কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮]
ক এক ধরনের আইন খ সংবাদপত্র
গ সাদা চিঠি ঘ সরকার কর্তৃক প্রকাশিত তথ্য বিবরণী **উত্তর: ঘ**

২. **'ম্যানিফেস্টো' কী?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ক নির্বাচনী প্রচারকার্য
খ রাজনৈতিক দলের নীতিমালা ও কর্মসূচির কার্যবিবরণী
গ রাজনৈতিক দলের অঙ্গীকার
ঘ রাজনৈতিক দলের লক্ষ্য ও উদ্দেশ্য **উত্তর: ঘ**

৩. **Fifth Column কি অর্থে ব্যবহৃত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম)ঃ ০৭-০৮]
ক পঞ্চম কলাম হিসেবে খ পঞ্চম ব্যক্তি হিসেবে
গ বিশ্বাসভাজন হিসেবে ঘ বিশ্বাসঘাতক হিসেবে **উত্তর: ঘ**

www.boimate.com

আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু
Global Environmental Issue

বৈশিক জলবায়ু


- পৃথিবীর শীতলতম স্থান সাইবেরিয়ার ভারখয়ানস্ক (রাশিয়া)
- পৃথিবীর উষ্ণতম স্থান আজিজিয়া (লিবিয়া)
- অস্ট্রেলিয়ার উষ্ণতম এবং শীতলতম মাস যথাক্রমে জানুয়ারি এবং জুলাই।

MCQ Solution

১. **Which is considered the coldest place on earth?** [Mercantile Bank oFficer: 09]
Or,
পৃথিবীতে শীতলতম স্থান কোনটি? [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি ইউনিট) : ১৩-১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (হিসাববিজ্ঞান) : ০৭-০৮]
ⓐ Oakland in New Zealand ⓑ Verkoyansk in Siberia
ⓒ Alask in USA ⓓ Sydney in New Australia **Ans. b**

২. **অস্ট্রেলিয়া মহাদেশের উষ্ণতম মাস কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]
ক জানুয়ারি খ জুলাই
গ ডিসেম্বর ঘ সেপ্টেম্বর **উত্তর: ক**


ওজোনস্তর অবক্ষয় (Ozone depletion)



ওজোন অক্সিজেনের একটি রূপভেদ। এর সংকেত O_3। ওজোনের রঙ গাঢ় নীল এবং গন্ধ মাছের আঁশটের মত। বায়ুমণ্ডলের স্ট্র্যাটোমণ্ডলে ওজোনের একটি স্তর অবস্থিত। সূর্য রশ্মিতে ক্ষতিকারক অতিবেগুনি রশ্মি থাকে। অতিবেগুনি রশ্মির প্রভাবে চর্ম ক্যান্সার, চোখে ছানিসহ নানাবিধ রোগ হতে পারে। বায়ুমণ্ডলের ওজোনস্তর সূর্যের আলোর ক্ষতিকারক অতিবেগুনি রশ্মির (Ultraviolet rays) বেশির ভাগই শুষে নেয়। ফলে মানুষসহ জীবজন্তু অতিবেগুনি রশ্মির ক্ষতিকারক দিক হতে রক্ষা পায়।

ওজোনস্তর অবক্ষয় (Deplation of ozone layer) দুটি স্বাতন্ত্র্য কিন্তু সম্পর্কযুক্ত ঘটনা যা ১৯৭০ এর দশক থেকে পরিলক্ষিত হচ্ছে। পৃথিবীর স্ট্র্যাটোস্ফিয়ারের ওজোনস্তর আয়তনে প্রতি দশকে ৪% হ্রাস পাচ্ছে এবং এর বেশির ভাগই ঘটছে পৃথিবীর মেরু অঞ্চলে। এই সাম্প্রতিক ঘটনাটি ওজোনস্তর ছিদ্র (ozone hole) বলা হয়ে থাকে। এই

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com



ঘটনাটি ওজোনস্তরের ওজোন অণুর হ্যালোজেন (ক্লোরিন, ফ্লোরিন প্রভৃতি) দ্বারা প্রভাবকীয় ক্ষয়ের ফলে হয়ে থাকে। এই হ্যালোজেন অণুর মূল উৎস মানবসৃষ্ট হ্যালোকার্বন বা ফ্রেয়ন। ফ্রেয়নের রাসায়নিক নাম ক্লোরো ফ্লোরো কার্বন (CFC)। ১৯২০ সালে Prof. Thomas Midgley ক্লোরো-ফ্লোরো কার্বন আবিষ্কার করেন। রেফ্রিজারেটরের কম্প্রেসার, এয়ারকন্ডিশনার প্রভৃতিতে শীতলীকারক হিসেবে ফ্রেয়ন ব্যবহৃত হয়। এছাড়া এরোসোল, ইনহেলার প্রভৃতিতেও ফ্রেয়ন ব্যবহৃত হয়। ভূ-পৃষ্ঠ থেকে নির্গমনের পর ক্লোরোফ্লোরো কার্বন স্ট্র্যাটোস্ফিয়ারে পৌঁছে এবং ওজোনস্তরে ফুটো সৃষ্টি করেছে। ওজোনস্তরে সবচেয়ে বেশি ক্ষতি করে ক্লোরিন গ্যাস।

$$CFCl_3 \rightarrow CFCl_2 + Cl$$
$$Cl + O_3 \rightarrow ClO + O_2$$
$$ClO + O_3 \rightarrow Cl + 2\,O_2$$

বর্তমানে রেফ্রিজারের কম্প্রেসারে হিমায়ক হিসেবে ফ্রেয়নের পরিবর্তে পরিবেশবান্ধব গ্যাস R-134A (রাসায়নিক নাম টেট্রাফ্লুরো ইথেন), R-290 (রাসায়নিক নাম প্রোপেন), R-600A (রাসায়নিক নাম আইসোবিউটেন) এর ব্যবহার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।

ভিয়েনা কনভেনশন (Vienna Convention) হলো জাতিসংঘের ওজোন স্তরের সুরক্ষা ও সংরক্ষণ বিষয়ক কনভেনশন। এর পুরো নাম- Vienna Convention for the Protection of the Ozone Layer। ১৯৮৫ সালের ২২ মার্চ অস্ট্রিয়ার ভিয়েনায় চুক্তিটি গৃহীত হয় এবং কার্যকর হয় ১৯৮৮ সালের ২২ সেপ্টেম্বর।

মন্ট্রিল প্রটোকল (Montreal Protocol) হলো বায়ুমণ্ডলে স্ট্র্যাটোস্ফিয়ারে অবস্থিত ওজোনস্তরকে রক্ষা বিষয়ক প্রটোকল। এর পুরো নাম- Montreal Protocol on Substances that Deplete the Ozone Layer। ১৯৮৭ সালের ১৬ সেপ্টেম্বর কানাডার মন্ট্রিলে গৃহীত হয় এবং কার্যকর হয় ১৯৮৯ সালের ১ জানুয়ারি। প্রতিবছর মন্ট্রিল প্রোটোকল স্বাক্ষরের দিন অর্থাৎ ১৬ সেপ্টেম্বর 'আন্তর্জাতিক ওজনস্তর রক্ষা দিবস' (International Day for the Preservation of the Ozone Layer) হিসেবে পালিত হয়। মন্ট্রিল প্রোটোকল এ পর্যন্ত ৫ বার (১৯৯০, ১৯৯২, ১৯৯৭, ১৯৯৯ এবং সর্বশেষ ২০১৬ সালে) সংশোধিত হয়।

MCQ Solution

১. **অতিবেগুনি রশ্মি কোথা হতে আসে?** [সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর ক্লাস্টার আইটি এ্যাসিসটেন্ট : ১২/ জেলা নির্বাচন অফিসার : ০৪]
ক চন্দ্র খ বৃহস্পতি
গ সূর্য ঘ পেট্রোলিয়াম **উত্তর: গ**

২. **ওজোনের রং কি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট; সেট-এ) : ১৪-১৫/ তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক গাঢ় সবুজ খ গাঢ় নীল
গ হলদে বেগুনি ঘ ধবধবে সাদা **উত্তর: খ**

৩. **বায়ুমণ্ডলের যে স্তরে ওজোন স্তর রয়েছে -** [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী পরিচালক (প্রশাসন): ১৬/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ৯৯]
ক ট্রপোমণ্ডল খ স্ট্র্যাটোমণ্ডল
গ আয়নমণ্ডল ঘ ট্রপোবিরতি **উত্তর: খ**

৪. **বায়ুমণ্ডলের কোন উপাদান অতিবেগুনি রশ্মিকে শোষণ করে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৮]
ক নাইট্রোজেন খ অক্সিজেন
গ ওজোন ঘ হিলিয়াম **উত্তর: গ**

৫. **ওজোনস্তর পৃথিবীকে নিচের কোন রশ্মি থেকে রক্ষা করে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭]
ক এক্স রে খ গামা রশ্মি গ অতি বেগুনি রশ্মি
ঘ বিটা রশ্মি ঙ আলফা রশ্মি **উত্তর: গ**

৬. **Upper atmospheric O_3 layer is depleted by- / ঊর্ধ্বাকাশের বায়ুমণ্ডলীয় ওজোনস্তর ..... ক্ষয়প্রাপ্ত হয়।** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূরসায়নবিদ : ৯৮]
ক Ammonia gas খ Carbon dioxide gas
গ Freon gas ঘ Helium gas **উত্তর: গ**

৭. **কোন গ্যাসটি ওজোন গ্যাসকে ভাঙতে সাহায্য করে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা) : ০৭-০৮/ তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]
ক কার্বন ডাই অক্সাইড খ হাইড্রোজেন সালফাইড
গ ব্রোমিন ঘ ক্লোরো ফ্লোরো কার্বন **উত্তর: ঘ**

৮. **সি.এফ.সি বায়ুমণ্ডলের কোন স্তরকে ক্ষতি করেছে?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]
ক আয়নোস্ফিয়ার খ স্ট্র্যাটোস্ফিয়ার
গ থার্মোস্ফিয়ার ঘ মেসোস্ফিয়ার **উত্তর: খ**

৯. **ক্লোরো ফ্লোরো কার্বন (CFC) গ্যাস কিসের জন্য দায়ী?** [সহকারী শ্রম অফিসার : ০৩]
ক বায়ুর উত্তাপ বাড়ার জন্য খ এসিড বৃষ্টি সৃষ্টি করার জন্য
গ বেশি বৃষ্টিপাতের জন্য ঘ ওজোন স্তর নষ্ট করার জন্য **উত্তর: ঘ**

১০. **নিত্য ব্যবহার্য বহু 'এরোসোল' এর কৌটায় এখন লেখা থাকে সি.এফ. সি বিহীন। CFC গ্যাস কেন ক্ষতিকারক?** [১৫তম বিসিএস]
ক ফুসফুসে রোগ সৃষ্টি করে খ গ্রিন হাউজ ইফেক্টে অবদান রাখে
গ ওজনস্তরে ফুটো সৃষ্টি করে ঘ দাহ্য বলে অগ্নিকাণ্ডের সম্ভাবনা ঘটায় **উত্তর: গ**

১১. **ওজোনস্তরে সবচেয়ে বেশি ক্ষতি করে কোন গ্যাস?** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর সহকারী পরিচালক : ০৬]
ক হাইড্রোজেন সালফাইড খ ক্লোরিন
গ ফ্লোরিন ঘ ব্রোমিন **উত্তর: খ**

১২. **বায়ুমণ্ডলের ওজনস্তর অবক্ষয় (বা ছিদ্র বা ফাটল) এর জন্য কোন গ্যাসটির ভূমিকা সর্বোচ্চ?** [২১তম বিসিএস/ ১৯তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭/ পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০]

Or,

What kind of gas is responsible for the depletion of Ozone layer?
[খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০২-০৩]
ক কার্বন ডাই অক্সাইড খ জলীয় বাষ্প
গ নাইট্রিক অক্সাইড ঘ CFC (Chlorofluorocarbons) **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

১৩. **ফ্রিয়ন কার ট্রেড নাম?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ০৬/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার : ০৬]
ক CFC খ DDT
গ CTS ঘ BCF
উত্তর: ক

১৪. **রেফ্রিজারেটরের কম্প্রেসারের মধ্যে যে তরল পদার্থ ব্যবহার করা হয় তার নাম** [পরিকল্পনা এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৬/ যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক : ৯৯]
ক জিওফ্রট খ ফ্রেয়ন
গ অক্সিজেন ঘ নিয়ন
উত্তর: খ

১৫. **Chlorofluro Carbon আবিষ্কার করেন?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অধীক্ষক : ৯৮]
ক Prof. A. Salam খ Prof. A Einstein
গ Prof. T. Midgley ঘ Prof. M. Calvin
উত্তর: গ

১৬. **বর্তমানে পরিবেশ-বান্ধব কোন গ্যাসটি রেফ্রিজারেটরের কম্প্রেসরে ব্যবহার করা হয়?** [৩৮তম বিসিএস]
ক টাইক্লোরো ট্রাইফ্লুরো ইথেন খ টেট্রাফ্লুরো ইথেন
গ ডাইক্লোরো ডাইফ্লুরো ইথেন ঘ আর্গন
উত্তর: খ

১৭. **বায়ুমণ্ডলের ওজোন স্তরের গর্ত সম্পর্কে যে তথ্যটি সত্যি নয়-**
ক দক্ষিণ মেরুতে এই গর্ত সৃষ্টি হয়
খ বৎসরের নির্দিষ্ট ঋতুতে এই গর্ত সৃষ্টি হয়
গ এলনিনো প্রভাবের ফলে এই গর্ত সৃষ্টি হয়
ঘ বায়ুমণ্ডলে নির্গত ক্লোরোফ্লোরো কার্বন এই গর্ত সৃষ্টির জন্য দায়ী
উত্তর: গ

১৮. **ওজন স্তর ও ক্লোরো-ফ্লোরো কার্বন এর মধ্যে সম্পর্ক কী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৯-০০]
ক তারা পরস্পরকে সহায়তা করে খ পরেরটি প্রথমটির জন্য ক্ষতিকর
গ প্রথমটি পরেরটিকে ধ্বংস করে ঘ তাদের মধ্যে কোন সম্পর্ক নেই
উত্তর: খ

১৯. **ক্রমহ্রাসমান হারে ওজোনস্তর ক্ষয়কারী উপাদান বিলীনের বিষয়টি কোন চুক্তিতে বলা হয়েছে?** [৩৮তম বিসিএস]
ক মন্ট্রিল প্রটোকল খ ক্লোরোফ্লোরো কার্বন চুক্তি
গ IPCC চুক্তি ঘ কোনোটিই নয়
উত্তর: ক

২০. **১৯৮৭ সালে স্বাক্ষরিত মন্ট্রিল প্রটোকলের বিষয়বস্তু ছিল?** - [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক পরমাণু খ পরিবেশ
গ বাণিজ্য ঘ নিরস্ত্রীকরণ
উত্তর: খ

২১. **১৯৮৯ সাল থেকে ওজনস্তর বিষয়ক মন্ট্রিল প্রটোকল কতবার সংশোধন করা হয়?** [৩৫তম বিসিএস]
ক ৫ খ ৪
গ ৮ ঘ ৭
উত্তর: ক

২২. **আন্তর্জাতিক ওজোন দিবস কোন মাসে কত তারিখে পালিত হয়?** [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পর্ব : ০১]
ক ২২ জুলাই খ ২৮ জুলাই
গ ১৭ আগস্ট ঘ ১৬ সেপ্টেম্বর
উত্তর: ঘ

গ্রিন হাউজ প্রতিক্রিয়া (Green House Effect)

শীতপ্রধান দেশে তীব্র শীতে গাছপালা টিকে থাকতে পারে না। সেখানে কাচের বা প্লাস্টিকের ঘর বানিয়ে সবুজ শাকসবজি চাষ করা হয়। কাচের তৈরি এরকম ঘরকে গ্রিন হাউজ (Green House) বা সবুজ ঘর বলে। ইহা সূর্যের আলো আসতে বাধা দেয় না কিন্তু বিকীর্ণ তাপ ফেরত যেতে বাধা দেয়।


www.boimate.com

কাচের ঘরের ভিতরে এভাবে তাপ থেকে যাওয়ার বিষয়টিকে গ্রিন হাউজ প্রভাব বলে। ১৮৯৬ সালে সুইডিশ রসায়নবিদ সোভনটে আরহেনিয়াস 'গ্রিন হাউজ ইফেক্ট' কথাটি প্রথম ব্যবহার করেন।



গ্রিন হাউজ গ্যাস	শতকরা হার
কার্বন ডাই অক্সাইড (CO_2)	৪৯%
মিথেন (CH_4)	১৮%
ক্লোরো ফ্লোরো কার্বন (CFC)	১৪%
নাইট্রাস অক্সাইড (N_2O)	০৬%
অন্যান্য (জলীয় বাষ্প)	১৩%

পৃথিবীটাকে একটি গ্রিন হাউজের মতো ধরা যায়। পৃথিবীর চারদিক ঘিরে আছে বায়ুমণ্ডল। এ বায়ুমণ্ডলে আছে কার্বন ডাই-অক্সাইড, মিথেন, জলীয় বাষ্পসহ অন্যান্য গ্যাস। এসব গ্যাস গ্রিন হাউজের কাচের বা প্লাস্টিকের মতো কাজ করে। এরা সূর্যের তাপ পৃথিবীতে আসতে কোন বাধা দেয় না। ফলে সূর্যের তাপে পৃথিবী উত্তপ্ত হয়। কিন্তু এ গ্যাসগুলো উত্তপ্ত পৃথিবী থেকে তাপকে চলে যেতে বাধা দেয়। ফলে পৃথিবী রাতের বেলায়ও গরম থাকতে পারে। এসব গ্যাসকে গ্রিন হাউজ গ্যাস বলে। কার্বন ডাই-অক্সাইড, মিথেন আর জলীয় বাষ্প বায়ুমণ্ডলে থাকা মানব সভ্যতার জন্য আশীর্বাদ। কারণ এসব গ্যাস না থাকলে পৃথিবী থেকে তাপ মহাশূন্যে চলে যেত। আর পৃথিবী রাতের বেলায় ভীষণ ঠাণ্ডা হয়ে পড়ত। এখন প্রশ্ন হলো, আশীর্বাদ আবার কীভাবে সমস্যা হলো? সমস্যা হলো বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইড বেশি থাকায় এরা বেশি বেশি তাপ ধরে রাখতে পারছে। তাই পৃথিবীর তাপমাত্রা দিন দিন বেড়ে যাচ্ছে। পৃথিবীর তাপমাত্রা এভাবে বেড়ে যাওয়াকে বৈশ্বিক উষ্ণায়ন বলে। বৈশ্বিক উষ্ণায়নের ফলে পৃথিবীর জলবায়ু পরিবর্তন হয়ে যাচ্ছে। জীবাশ্ম জ্বালানি (কয়লা, পেট্রোল, ডিজেল, প্রাকৃতিক গ্যাস প্রভৃতি) পোড়ানোর ফলে পরিবেশে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। একই সাথে বন উজাড় করে ফেলার কারণে গাছ কার্বন ডাই-অক্সাইড শোষণ করছে কম। ফলে বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।



জলবায়ু পরিবর্তনের প্রভাব

বৈশ্বিক উষ্ণায়ন (Global warming) বর্তমান পৃথিবীতে পরিবেশগত প্রধান সমস্যাসমূহের মধ্যে অন্যতম। একশত বছর পূর্বের গড় তাপমাত্রার তুলনায় প্রায় ০.৬° সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে। বিজ্ঞানীগণ কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জলবায়ুগত পরিবর্তন সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেছেন যে, একুশ শতকের সমাপ্তিকালের মধ্যে গড় তাপমাত্রা প্রায় আরও অতিরিক্ত ২.৫° থেকে ৫.৫° সেলসিয়াস যুক্ত হতে পারে।

মানব বসতিহীন বরফাচ্ছন্ন মহাদেশ এন্টার্কটিকা। পৃথিবীর মোট জমাটবদ্ধ বরফের ৯০% এন্টার্কটিকা মহাদেশে রয়েছে। পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির ফলে মেরু অঞ্চলের ও পর্বতের চূড়ার বরফ গলে গিয়ে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাবে। বিজ্ঞানীদের হিসেব অনুযায়ী গ্রিনহাউজ প্রভাব পৃথিবীর কয়েকটি

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

দেশে যথা- কানাডা, রাশিয়া, নরওয়ে, ফিনল্যান্ড, সুইডেন, দক্ষিণ আমেরিকা প্রভৃতি দেশগুলোর জন্য সাফল্য বয়ে আনবে। এ কারণে ঐসব অঞ্চলের লাখ লাখ একর জমি বরফমুক্ত হয়ে চাষাবাদ ও বসবাসযোগ্য হয়ে উঠবে। অন্যদিকে দুর্ভোগ বাড়বে পৃথিবীর প্রায় ৪০ শতাংশ এলাকার দরিদ্র অধিবাসীদের।

মালদ্বীপ ভারত মহাসাগরের অনেকগুলো দ্বীপ নিয়ে গঠিত। গ্রিন হাউস ইফেক্টের কারণে দেশটির অস্তিত্ব আজ হুমকির সম্মুখীন। সমুদ্রের তলদেশে তলিয়ে যাওয়ার আশঙ্কায় দেশটির সরকার অন্য দেশে জমি ক্রয়ের চিন্তা করছে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির ফলে সমুদ্রের উচ্চতা বেড়ে যাওয়ায় ঝুঁকির মধ্যে পড়ে গেছে মালদ্বীপের অস্তিত্ব। জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক আন্তঃসরকারীয় প্যানেল এর ধারণা মতে, সমুদ্রের উচ্চতা ৫৮ সেন্টিমিটার বাড়লে ২১০০ সাল নাগাদ মালদ্বীপের বেশির ভাগ নিম্নাঞ্চলের দ্বীপগুলো সমুদ্রে বিলীন হয়ে যাবে। এর পরিপ্রেক্ষিতে, ২০০৯ সালের ১৭ অক্টোবর জলবায়ু পরিবর্তনের ফলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে যাওয়ার ঝুঁকির প্রতি দৃষ্টি আকর্ষণের জন্য ভারত মহাসাগরের তলদেশে গিয়ে বৈঠক করেন তৎকালীন মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ নাশিদ ও মন্ত্রিসভা।



সমুদ্রের তলদেশে মন্ত্রিসভার বৈঠক

গ্রিন হাউস ইফেক্টের কারণে বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে উপকূলীয় এলাকার এক বিরাট অংশ পানির নিচে তলিয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। জাতিসংঘ তার সতর্কীকরণে বলেছে পরবর্তী ৫০ বছরে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ৩ ফুট (= ৯১.৪৪ সে.মি.) বাড়লে তাতে বাংলাদেশের সমুদ্র উপকূলবর্তী একটি অংশ প্লাবিত হবে এবং প্রায় ১৭ শতাংশ ভূমি পানির নিচে চলে যাবে। আনুমানিক ৩ কোটি মানুষ তাদের ঘরবাড়ি, ফসলি জমি হারিয়ে জলবায়ু উদ্বাস্তুতে পরিণত হবে। UNFCCC - এর এক সমীক্ষায় বলা হয়েছে যে, ২০৫০ সাল নাগাদ প্রায় ২০০ মিলিয়ন মানুষ জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগে আক্রান্ত হয়ে উদ্বাস্তু হবে।

২০০৯ সালে বিশ্বব্যাংক বৈশ্বিক উষ্ণায়নের জন্য ৫টি ঝুঁকিপূর্ণ দিক চিহ্নিত করেছে। এগুলো হলো- মরুকরণ, বন্যা, ঝড়, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং কৃষিক্ষেত্রে অধিকতর অনিশ্চয়তা। সেই তালিকার ৫টি ভাগের একটিতে শীর্ষ ঝুঁকিপূর্ণসহ ৩টিতে নাম আছে বাংলাদেশের। বৈশ্বিক ঝুঁকিতে থাকা পাঁচটি ক্যাটাগরির দেশের তালিকা -

মরুকরণ	বন্যা	ঝড়	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি	কৃষিক্ষেত্রে অনিশ্চয়তা
মালাউই	* বাংলাদেশ	ফিলিপাইন	সব নিচু দ্বীপদেশ	সুদান
ইথিওপিয়া	চীন	* বাংলাদেশ	ভিয়েতনাম	সেনেগাল
জিম্বাবুয়ে	ভারত	মাদাগাস্কার	মিসর	জিম্বাবুয়ে
ভারত	কম্বোডিয়া	ভিয়েতনাম	তিউনিসিয়া	মালি
মোজাম্বিক	মোজাম্বিক	মলদোভা	ইন্দোনেশিয়া	জাম্বিয়া
নাইজার	লাওস	মঙ্গোলিয়া	মৌরতানিয়া	মরক্কো
মৌরতানিয়া	পাকিস্তান	হাইতি	চীন	

www.boimate.com

মরুকরণ	বন্যা	ঝড়	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি	কৃষিক্ষেত্রে অনিশ্চয়তা
ইরিত্রিয়া	শ্রীলঙ্কা	সামোয়া	মেক্সিকো	ভারত
সুদান	থাইল্যান্ড	টোঙ্গা	মায়ানমার	মালাউয়ি
শাদ	ভিয়েতনাম	চীন	* বাংলাদেশ	আলজেরিয়া

উৎস : বিশ্বব্যাংক ২০০৯।

MCQ Solution

১. **গ্রিন হাউজ কি?** [৩৭তম বিসিএস]
ক কাচের তৈরি ঘর খ সবুজ আলোর আলোকিত ঘর
গ সবুজ ভবনের নাম ঘ সবুজ আলোর গাছপালা
উত্তর: ক

২. **'Green House' is a -** [BASIC Bank Ltd. Officer : 02]
ক Green coloured House খ Gas
গ House in the green ঘ House in which green is grown
উত্তর: ঘ

৩. **গ্রিন হাউজ এফেক্ট বলতে কি বোঝায়-** [১২তম বিসিএস/ ১০ম বিজেএস : ১৬/ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন-এর ক্লাস্টার আইটি অ্যাসিসটেন্ট : ১২ / প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৭]
ক সূর্যালোকের অভাবে সালোকসংশ্লেষণে ঘাটতি
খ তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি
গ প্রাকৃতিক চাষের বদলে ক্রমবর্ধমানভাবে কৃত্রিম চাষের প্রয়োজনীয়তা
ঘ উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন
উত্তর: খ

৪. **গ্রিন হাউজ প্রভাব (Green House Effect)- এর পরিণতি কি?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক : ০৬]
ক তাপমাত্রা বৃদ্ধি খ সবুজ গাছের বনায়ন
গ পানির তাপমাত্রা হ্রাস পাওয়া ঘ মরুকরণ
উত্তর: ক

৫. **পৃথিবীর মোট বরফের কত ভাগ এন্টার্কটিকাতে আছে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (আই ইউনিট : সেট-২) : ১৫-১৬/ এমবিবিএস : ০৮-০৯]
ক ৫০ খ ৭০
গ ৯০ ঘ ৭৫
উত্তর: গ

৬. **আর্কটিক-এর বরফ গলে যাবার কারণ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক বৈশ্বিক উষ্ণতা খ প্রলম্বিত গ্রীষ্মকাল
গ ভূমিকম্প ঘ অতিরিক্ত বৃষ্টিপাত
উত্তর: ক

৭. **বৈশ্বিক উষ্ণতার জন্য বেশির ভাগ দায় কার?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট; সেট-বি) : ১৪-১৫]
ক সূর্যের খ গাছপালার
গ মানুষের ঘ সমুদ্রের
উত্তর: গ

৮. **বৈশ্বিক উষ্ণতার কারণ হলো -** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১০-১১]
ক বায়ুমণ্ডলে মাত্রাতিরিক্ত কার্বন-ডাইঅক্সাইড জমা হওয়া
খ সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বেড়ে যাওয়া
গ সৌর বিকিরণ
ঘ অধিক বৃষ্টিপাত
উত্তর: ক

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৯. **বিশ্ব উষ্ণায়নের লক্ষণ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]
ক অতি বৃষ্টি খ অনাবৃষ্টি
গ ঝড়-জলোচ্ছ্বাসের মাত্রা বৃদ্ধি ঘ সবগুলোই **উত্তর: ঘ**

১০. **গ্রিন হাউজ প্রতিক্রিয়া এই দেশের জন্য ভয়াবহ আশঙ্কার কারণ হয়ে দাঁড়িয়েছে। এর ফলে** [২২তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪ / ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক সমুদ্রতলের উচ্চতা বেড়ে যেতে পারে
খ বৃষ্টিপাতের পরিমাণ কমে যেতে পারে
গ নদ-নদীর পানি কমে যেতে পারে
ঘ ওজোন স্তরের ক্ষতি নাও হতে পারে **উত্তর: ক**

১১. **মালদ্বীপ গঠিত হয়েছে কীভাবে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ক একটি বড় দ্বীপ নিয়ে খ দুইটি ছোট দ্বীপ নিয়ে
গ চারটি দ্বীপ নিয়ে ঘ অনেকগুলো দ্বীপ নিয়ে **উত্তর: ঘ**

১২. **Rise in the sea level will affect which of the following countries most?/ সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি নিচের কোন দেশকে সবচেয়ে বেশি প্রভাবিত করবে?** [First Security Islami Bank Ltd. Officer : 14]
ⓐ Bangladesh ⓑ Indonesia
ⓒ Australia ⓓ Maldives **Ans.** d

১৩. **Which country organized the first under water (under sea) Cabinet Meeting in the world?/ কোন দেশে প্রথম সমুদ্রের তলদেশে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়?** [Pubali Bank Ltd. Senior Officer/Officer : 11]
ⓐ Japan ⓑ Maldives
ⓒ Sri Lanka ⓓ Indonesia
ⓔ None of them **Ans.** b

১৪. **জলবায়ু পরিবর্তনের হুমকির ব্যাপকতা তুলে ধরার জন্য কোন দেশটি সমুদ্রের গভীরে মন্ত্রিসভার বৈঠক করেছে?** [৩৫তম বিসিএস/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১৬]
ক ফিজি খ পাপুয়া নিউগিনি
গ গোয়াম ঘ মালদ্বীপ **উত্তর: ঘ**

১৫. **কোন দেশ সমুদ্রে তলিয়ে যাওয়ার আশংকায় অন্যদেশে জমি ক্রয়ের চিন্তা করছে-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]
ক শ্রীলংকা খ মালদ্বীপ
গ ফিজি ঘ কোনোটিই নয় **উত্তর: খ**

১৬. **গ্রিন হাউজ এফেক্টের পরিণতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর ক্ষতি কি হবে?** [২৬ তম বিসিএস/ ১৯তম বিসিএস/ ১৫তম বিসিএস / বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার : ১৮
ক বৃষ্টিপাত কমে যাবে খ উত্তাপ অনেক বেড়ে যাবে
গ নিম্নভূমি নিমজ্জিত হবে ঘ সাইক্লোনের প্রবণতা বাড়বে **উত্তর: গ**

১৭. **নিম্নের কোন দুর্যোগটি বাংলাদেশের জনগণের জীবিকা পরিবর্তনের ক্ষেত্রে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে পারে?** [৩৭তম বিসিএস]
ক ভূমিকম্প খ সমুদ্রের জলস্তরের বৃদ্ধি (Sea level rise)
গ ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস ঘ খরা বা বন্যা **উত্তর : খ**

১৮. **সমুদ্রপৃষ্ঠ ৪৫ cm বৃদ্ধি পেলে ২০৫০ সাল নাগাদ বাংলাদেশে climate refugee হবে?** [৩৬তম বিসিএস]
ক ৩ কোটি খ ৩.৫ কোটি
গ ৪ কোটি ঘ ৪.৫ কোটি **উত্তর: ক**

১৯. **গ্রিন হাউজ ইফেক্টের জন্য দায়ী-** [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর এপ্রেইজার : ১০]
ক অতিরিক্ত বনজঙ্গল খ সবুজ গাছপালা
গ অনাবৃষ্টি ঘ বায়ুমণ্ডলের কার্বন-ডাই -অক্সাইড **উত্তর: ঘ**

২০. **পরিবেশ দূষণের ক্ষেত্রে, উল্লেখিত গ্যাসসমূহের মধ্যে কোন গ্যাসটি "গ্রিন হাউজ এফেক্ট" এর জন্য প্রধানত দায়ী?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৭/ ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০২-০৩/ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূরসায়নবিদ : ৯৮/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরে মেডিকেল অফিসার : ৯৪]
ক CO_2 খ H_2S
গ O_3 ঘ SO_2 **উত্তর: ক**

২১. **যে গ্রুপের সবগুলো অণুই গ্রিন হাউজ গ্যাস?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূ-রসায়নবিদ : ৯৮]
ক CO_2, N_2, O_2 খ CO_2, H_2O, CH_4
গ N_2, H_2O, CH_4 ঘ CO_2, N_2, CH_4 **উত্তর : খ**

২২. **জীবাশ্ম জ্বালানী দহনের ফলে বায়ুমণ্ডলে যে গ্রিন হাউজ গ্যাসের পরিমাণ সব চাইতে বেশি বৃদ্ধি পাচ্ছে-** [২৬তম বিসিএস/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ৯৯]
ক জলীয় বাষ্প খ ক্লোরো ফ্লোরো কার্বন
গ কার্বন ডাই অক্সাইড ঘ মিথেন **উত্তর: গ**

২৩. **নিচের গ্রিন হাউজ গ্যাসগুলোর কোনটির অবদান বায়ুমণ্ডলের উষ্ণতা সংরক্ষণে সর্বাধিক?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ৯৯]
ক জলীয় বাষ্প খ কার্বন ডাই অক্সাইড
গ মিথেন ঘ ক্লোরোফ্লোরো কার্বন **উত্তর: খ**

২৪. **কোনটি গ্রিন হাউজ ইফেক্ট সৃষ্টির সহায়ক?** [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ক সি-এফ-সি খ সি-এন-জি
গ নিওন ঘ হিলিয়াম **উত্তর: ক**

২৫. **নিচের কোনটি গ্রিনহাউজ গ্যাস নহে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ০৩-০৪]
ক কার্বন ডাই অক্সাইড খ সালফার ডাই অক্সাইড
গ মিথেন ঘ ক্লোরোফ্লোরোকার্বন **উত্তর: খ**

২৬. **নিম্নের কোনটি গ্রিন হাউজ গ্যাস নয়?** [৩৭তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক নাইট্রাস অক্সাইড খ কার্বন ডাই-অক্সাইড
গ অক্সিজেন ঘ মিথেন **উত্তর: গ**

২৭. **২০১২ সালে কার্বন কর চালু করে–** [চাবি খ ইউনিট : ১২-১৩]
ক যুক্তরাষ্ট্র খ ব্রাজিল
গ অস্ট্রেলিয়া ঘ জাপান **উত্তর: গ**

২৮. **'ই-৮' কী-** [বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১৬]
ক ৮টি গরিব দেশ খ ৮টি ধনী দেশ
গ ৮টি পরিবেশ দূষণকারী দেশ ঘ ৮টি শিল্পোন্নত দেশ **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

ধরিত্রী দিবস (Earth day)

পরিবেশ রক্ষার জন্য সমর্থন প্রদর্শনের উদ্দেশ্যে প্রতি বছর ২২ এপ্রিল ধরিত্রী দিবস (Earth day) পালিত হয়। ১৯৭০ সালের এই দিনে মার্কিন সিনেটর গেলর্ড নেলসন ধরিত্রী দিবসের প্রচলন করেন। ২০০৯ সালে জাতিসংঘ সাধারণ পরিষদে প্রতি বছর ২২ এপ্রিলকে International mother Earth day হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

এক নজরে পরিবেশ সংক্রান্ত দিবস

বিশ্ব জলাভূমি দিবস	২ ফেব্রুয়ারি	আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস	২২ মে
বিশ্ব বন্যপ্রাণী দিবস	৩ মার্চ	বিশ্ব সমুদ্র দিবস	৮ জুন
আন্তর্জাতিক বন দিবস	২১ মার্চ	বিশ্ব বাঘ দিবস	২৯ জুলাই
বিশ্ব পানি দিবস	২২ মার্চ	বিশ্ব হাতি দিবস	১২ আগস্ট
বিশ্ব আবহাওয়া দিবস	২৩ মার্চ	বিশ্ব নদী দিবস	২৮ সেপ্টেম্বর
বিশ্ব ঐতিহ্য দিবস	১৮ এপ্রিল	বিশ্ব প্রাণি দিবস	৪ অক্টোবর

জাতিসংঘ পরিবেশ কর্মসূচি

United Nations Environment Programme (UNEP)

'জাতিসংঘ পরিবেশ কর্মসূচি' (UNEP) পরিবেশগতভাবে শব্দ নীতি ও চর্চা বাস্তবায়নে উন্নয়নশীল দেশগুলোর সহায়তায় জাতিসংঘের পরিবেশগত কার্যক্রম সমন্বয় সাধন করে। কেনিয়ার নাইরোবিতে এর সদর দপ্তর অবস্থিত। ৫ জুন, ১৯৭২ তারিখে এটি প্রতিষ্ঠিত হয়। এজন্য প্রতি বছর ৫ জুন 'বিশ্ব পরিবেশ দিবস' (World Environment Day) হিসেবে পালিত হয়।

'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' জাতিসংঘের পরিবেশ বিষয়ক সর্বোচ্চ সম্মাননা। পরিবেশ নিয়ে ইতিবাচক কাজের স্বীকৃতি হিসেবে ২০০৪ সাল থেকে এই পুরস্কার দেওয়া শুরু করে 'জাতিসংঘ পরিবেশ কর্মসূচি'। বাংলাদেশের জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সুদূরপ্রসারী কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় ২৭ সেপ্টেম্বর ,২০১৫ 'পলিসি লিডারশিপ' ক্যাটাগরিতে 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কার গ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল

Intergovernmental Panel on Climate Change (IPCC)

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল (IPCC) জাতিসংঘের একটি পরিবেশবাদী সংস্থা। এটি জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের সর্বোচ্চ সংস্থা। ১৯৮৮ সালে জাতিসংঘের পরিবেশ বিষয়ক সংস্থা (UNEP) ও জলবায়ু বিষয়ক সংস্থা (WMO) এর মিলিত উদ্যোগে এটি প্রতিষ্ঠিত হয়।

ধরিত্রী সম্মেলন (Earth Summit)

জাতিসংঘের উদ্যোগে ৩ জুন - ৪ জুন, ১৯৯২ ব্রাজিলের রিও ডি জেনেরিওতে অনুষ্ঠিত হয় 'জাতিসংঘের পরিবেশ ও উন্নয়ন সম্মেলন' (UNCED)। এই সম্মেলন 'ধরিত্রী সম্মেলন' নামে পরিচিত। জলবায়ু পরিবর্তন ও জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগের ভয়াবহতা সম্পর্কে আন্তর্জাতিক মহলে ক্রমবর্ধমান উদ্বেগের পরিপ্রেক্ষিতে এই সম্মেলনে জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘ কাঠামো সনদ (United Nations Framework Convention on Climate Change - UNFCCC) প্রতিষ্ঠা করা হয়। বাংলাদেশসহ পৃথিবীর প্রায় সকল দেশই পরবর্তীতে এই কনভেনশনে স্বাক্ষর করে। এ সম্মেলনে এজেন্ডা ২১ (জাতিসংঘের টেকসই উন্নয়ন বিষয়ক পরিকল্পনা) গৃহীত হয়। এখানে ২১ বলতে একবিংশ শতাব্দী বোঝানো হয়েছে।

UNFCC Logo

প্রথম ধরিত্রী সম্মেলনের ১০ বছর পূর্তি উপলক্ষে ২০০২ সালে দক্ষিণ আফ্রিকার জোহান্সবার্গে বিশ্ব টেকসই উন্নয়ন সম্মেলন (World Summit on Sustainable Development, WSSD) অনুষ্ঠিত হয়। এই সম্মেলন ধরিত্রী সম্মেলন ২০০২ বা রিও+১০ নামে পরিচিত। প্রথম ধরিত্রী সম্মেলনের ২০ বছর পূর্তি উপলক্ষে ২০১২ সালে ব্রাজিলের রিও ডি জেনেরিওতে টেকসই উন্নয়ন বিষয়ক জাতিসংঘ সম্মেলন (United Nations Conference on Sustainable Development - UNCSD) অনুষ্ঠিত হয়। এই সম্মেলন ধরিত্রী সম্মেলন ২০১২ বা রিও+২০ নামে পরিচিত।

জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন

জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘ কাঠামো সনদ (United Nations Framework Convention on Climate Change - UNFCCC) এর আওতায় ১৯৯৫ সাল থেকে প্রতি বছর একটি করে সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে যা 'জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন' বা Conferences of the Parties (COP) নামে পরিচিত। ১৯৯৫ সালে জার্মানির বার্লিনে প্রথম 'জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন' (COP-1) অনুষ্ঠিত হয়।

জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন এবং বিশ্ব জলবায়ু সম্মেলন এক কথা নয়। এ পর্যন্ত তিনটি বিশ্ব জলবায়ু সম্মেলন (World Climate Conference) অনুষ্ঠিত হয়েছে। যথা-

ক্রম	সময়কাল	স্থান
প্রথম	১২ - ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৯	জেনেভা, সুইজারল্যান্ড
দ্বিতীয়	২৯ অক্টোবর - ৭ নভেম্বর, ১৯৯০	
তৃতীয়	৩১ আগস্ট - ৪ সেপ্টেম্বর, ২০০৯	

কিয়োটো প্রোটোকল (Kyoto Protocol)

কিয়োটো প্রোটোকল পরিবেশ বিষয়ক একটি আন্তর্জাতিক চুক্তি। বৈশ্বিক উষ্ণতা এবং জলবায়ু পরিবর্তন রোধে United Nations Framework Convention on Climate Change (UNFCC) এর উদ্যোগে জাপানের কিয়োটোতে ১৯৯৭ সালের ১১ ডিসেম্বর কিয়োটো প্রটোকল গৃহীত হয় এবং ২০০৫ সালে ১৬ ফেব্রুয়ারি তা কার্যকর হয়। এর ফলে ২০০৮ থেকে ২০১২ খ্রিস্টাব্দের মধ্যে প্রথম দায়বদ্ধতা সময়কালে চুক্তিতে স্বাক্ষরকারী শিল্পোন্নত দেশসমূহের গ্রিন হাউজ গ্যাস নিঃসরণের পরিমাণ ১৯৯০ সালের পর্যায়ের চেয়ে গড়ে ৫.২% হ্রাসের আইনগত বাধ্যবাধকতা আরোপিত হয়।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩১ ডিসেম্বর, ২০১২ গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ হ্রাসের প্রথম প্রতিশ্রুত পর্যায়ের মেয়াদ শেষ হয়। গ্রিন হাউজ গ্যাস নিঃসরণে বিশ্বে শীর্ষ দেশ চীন, তারপর যুক্তরাষ্ট্র, ভারত, রাশিয়া প্রভৃতি। জনপ্রতি গ্রিন হাউজ গ্যাস নিঃসরণের অন্যতম শীর্ষদেশ যুক্তরাষ্ট্র এই প্রোটোকলে স্বাক্ষর করলেও পরে কংগ্রেস কর্তৃক অনুসমর্থন না করায় এই প্রোটোকলের বাধ্যবাধকতা থেকে মুক্ত থেকে যায়। ২০১২ সালে আরেক শিল্পোন্নত দেশ কানাডা এই প্রোটোকল থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়।

২০১২ খ্রিস্টাব্দে কাতারের দোহায় অনুষ্ঠিত জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলনে দ্বিতীয় প্রতিশ্রুত পর্যায়ের মেয়াদকাল ২০১৩ - ২০২০ খ্রিস্টাব্দ করা হয়, যা দোহা সংশোধনী নামে পরিচিত। কিয়োটো প্রোটোকলের দ্বিতীয় পর্যায়ের জন্য গৃহীত সংশোধনীতে জাপান, রাশিয়া এবং নিউজিল্যান্ড অংশগ্রহণ থেকে বিরত থাকে। কনভেনশনের শর্ত অনুযায়ী, ১৪৪ টি দেশ কর্তৃক কিয়োটো প্রোটোকলের সংশোধন অনুসমর্থন না করায় অদ্যবধি প্রোটোকলের দ্বিতীয় পর্যায় কার্যকর হতে পারেনি। ফলে বর্তমান প্রেক্ষাপটে কিয়োটো প্রোটোকলের কার্যকারিতা নেই বললেই চলে।

সবুজ জলবায়ু তহবিল (Green Climate Fund - GCF)

সবুজ জলবায়ু তহবিল হলো UNFCCC- এর জলবায়ুর পরিবর্তন মোকাবেলায় অভিযোজন ও প্রশমন অনুশীলনে উন্নয়নশীল দেশগুলোকে সহায়তা করার লক্ষ্যে প্রতিষ্ঠিত একটি তহবিল। শিল্পোন্নত দেশসমূহের নিকট থেকে তহবিল সংগ্রহ করে জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্থ দেশগুলোকে ক্ষতিপূরণ প্রদানের উদ্দেশ্যে তহবিলটি গঠিত হয়। ২০০৯ সালের ডেনমার্কের রাজধানী কোপেনহেগেনে অনুষ্ঠিত পঞ্চদশ জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP-15) এ সবুজ জলবায়ু তহবিল গঠনের অঙ্গীকার করা হয়। এর পরিপ্রেক্ষিতে ২০১০ সালে মেক্সিকোর কানকুনে অনুষ্ঠিত ষোড়শ জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP-16) এ আনুষ্ঠানিকভাবে 'সবুজ জলবায়ু তহবিল' গঠিত হয়। দক্ষিণ কোরিয়ার ইনচনে এর মূলকেন্দ্র। ২০১০-১২ খ্রি. সময়কালের ভিতর ৩০ বিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক তহবিল গড়ে তোলার প্রস্তাব ছিল। ২০২০ সাল নাগাদ তহবিলের পরিমাণ প্রতিবছর ১০০ বিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব রয়েছে। কিন্তু ২০১৬ সালের নভেম্বর পর্যন্ত সর্বসাকুল্যে জমা পড়েছে মাত্র ১০.৩ বিলিয়ন ডলার।

জলবায়ু তহবিলের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সহায়তা দেওয়া হবে। তহবিলের অর্থ বনায়ন, প্রযুক্তি হস্তান্তর ও সক্ষমতা অর্জনের জন্য ব্যয় হবে। তহবিলের ৫০ ভাগ যাবে অভিযোজনের জন্য, এরও ৫০ ভাগ যাবে উন্নয়নশীল দেশগুলোর জন্য। ফলে এই তহবিলের অর্থ দরিদ্র দেশগুলোর পাশাপাশি উন্নয়নশীল দেশ যেমন- চীন, ভারত ও ব্রাজিল পাবে। জাতিসংঘ একে রাজনৈতিক সমঝোতা হিসেবে উল্লেখ করে। জলবায়ু ঝুঁকি মোকাবেলায় তহবিল গঠন এবং সেই অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করাসহ পারস্পরিক সহযোগিতার অঙ্গীকার নিয়ে ২০১৫ সালের ৮ অক্টোবর নতুন জোট ভালনারেবল টোয়েন্টি (Vulnerable Twenty-V20) গঠিত হয়। এ জোটের অন্তর্ভুক্ত দেশগুলো হলো- বাংলাদেশ, আফগানিস্তান, বার্বাডোজ, ভুটান, কোস্টারিকা, পূর্বতিমুর, ইথিওপিয়া, ঘানা, কেনিয়া, কিরিবাতি, মাদাগাস্কার, মালদ্বীপ, নেপাল, ফিলিপাইন, রুয়ান্ডা, সেন্ট লুসিয়া, তানজানিয়া, টুভালু, ভানুয়াতু ও ভিয়েতনাম। বিশ্বব্যাংকের তথ্য অনুযায়ী ভবিষ্যতের জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলায় বিশ্ব সাহায্যের প্রায় ৩০% বাংলাদেশকে প্রদান করার কথা।

প্যারিস চুক্তি (Paris Agreement)

প্যারিস চুক্তি জলবায়ু পরিবর্তন সংক্রান্ত একটি আন্তর্জাতিক চুক্তি। ২০১৫ সালে ফ্রান্সের রাজধানী প্যারিসে ১৯৫টি দেশ ও ১টি সংগঠন (ইউরোপীয় ইউনিয়ন) এর অংশগ্রহণে অনুষ্ঠিত হয় ২১তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP - 21)। সম্মেলনে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ঐতিহাসিক 'প্যারিস চুক্তি' এর খসড়া গৃহীত হয়। ২২ এপ্রিল, ২০১৬ চুক্তিটি স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হলে বাংলাদেশ প্রথম দিনেই স্বাক্ষর করে। চুক্তিটি কার্যকর হয় ৪ নভেম্বর, ২০১৬। চুক্তিতে বলা হয়েছে, সব দেশ সম্মিলিতভাবে বৈশ্বিক গড় উষ্ণতা প্রাক-শিল্পযুগের তুলনায় ২° সেন্টিগ্রেডের মধ্যে সীমাবদ্ধ রাখবে। সব দেশ তাদের কার্বন নিঃসরণ হ্রাসের পরিমাণ স্বেচ্ছাপ্রণোদিতভাবে নির্ধারণ করবে।

MCQ Solution

১. **নিম্নলিখিত কোনটি International mother Earth day (বিশ্ব ধরিত্রী দিবস)?** [৩৬তম বিসিএস/ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ১৭]

ক ১৮ এপ্রিল খ ২০ এপ্রিল
গ ২২ এপ্রিল ঘ ২৪ এপ্রিল
উত্তর: গ

২. **আন্তর্জাতিক বন দিবস কবে উদযাপিত হয়?** [বন অধিদপ্তরের বন প্রহরী : ১৫]

ক ২১ মার্চ খ ২১ আগস্ট
গ ৩১ মার্চ
উত্তর: ক

৩. **আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস–** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫]

ক ২২ মার্চ খ ২২ এপ্রিল
গ ২২ মে ঘ ২২ জুন
উত্তর: গ

৪. **বিশ্ব বাঘ দিবস কবে?** [বন অধিদপ্তরের বন প্রহরী : ১৫]

ক ১৯ জুলাই খ ২৯ জুলাই
গ ১ আগস্ট
উত্তর: খ

৫. **বিশ্ব প্রাণী দিবস হচ্ছে –** [৩৫তম বিসিএস]
